চালু হল
'দুরন্ত বার্তা'
অ্যাপ
ডাউনলোড করুন
প্লে-স্টোর থেকে

# দুরন্ত বার্তা

সুচিকিৎসা
মাসিক স্বাস্থ্য পত্রিকা
দামঃ ১৫ টাকা
পত্রিকা সংগ্রহ করতে আজই নিকটবর্তী এজেন্টের সাথে যোগাযোগ করুন।

১ ইন্টারনেট সংস্করণ http://durantbarta.com কলকাতা Volume No. 29, Issue No.: 36 Friday, 5 January, 2024 ✻ ২৯ বর্ষ, ৩৬ সংখ্যা ✻ ১৯ পৌষ, ১৪৩০, শুক্রবার, ৫ জানুয়ারি, ২০২৪ ✻ আজ ৮ পাতা ✻ মূল্য– ৩ টাকা



বর্ধমানের কার্জন গেট মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের শাসনকালে তৈরি হয়েছে। এই মন্তব্য করে নেটনাগরিকদের রোষানলে পড়লেন সায়নী ঘোষ। ...বিস্তারিত পাতা ৩



বিদ্যালয়ের আবাসিক হস্টেল পরিদর্শনে বিধানসভার স্ট্যান্ডিং কমিটির ব্যাকওয়ার্ড ক্লাসেস ওয়েলফেয়ারের প্রতিনিধি দল। খুশি প্রতিনিধি দলের সদস্যরা। ...বিস্তারিত পাতা ৫



ভগবান শ্রীরাম সম্পর্কে বিতর্কিত মন্তব্য করে প্রবল অস্বস্তির মধ্যে পড়লেন শরদ পওয়ার শিবিরের নেতা জিতেন্দ্র আওহাদ। সমালোচনা আচার্য্য সত্যেন্দ্র দাসের ...বিস্তারিত পাতা ৬



নতুন বছরের শুরুটা জয় দিয়ে করলেন দীপা কর্মকার। ভুবনেশ্বরে বসেছে সিনিয়র ন্যাশানাল চ্যাম্পিয়নশিপের আসর। সেখানেই তিনি পেয়েছেন জোড়া রুপো। ...বিস্তারিত পাতা ৮

## নিজের কর্মসূচি ডায়মন্ডহারবারেই সীমাবদ্ধ রাখছেন অভিষেক!

**দুরন্ত বার্তা, কলকাতা, ৪ জানুয়ারিঃ** নবীন-প্রবীণ দ্বন্দ্ব তৃণমূল কংগ্রেসের মধ্যে আড়াআড়ি ফাটল ধরিয়েছে। যদিও সব এক্যবদ্ধ আছে বলে জানিয়ে দিয়েছেন তৃণমূল কংগ্রেসের রাজ্য সাধারণ সম্পাদক কুণাল ঘোষ। এই আবহে আগামী ৭ জানুয়ারি ডায়মন্ডহারবারে কর্মসূচিতে যোগ দেবেন অভিষেক বন্দ্যোপাধ্যায়। এখনও পর্যন্ত অন্য কোনও জেলায় কোনও কর্মসূচি নেই দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদকের। আগামী কয়েকদিনের কর্মসূচিও ঘোষণা হয়নি। তাহলে কি নিজের কেন্দ্রেই আটকে রাখবেন অভিষেক নিজেকে? উঠছে প্রশ্ন। যা নিয়ে চর্চাও হচ্ছে বিস্তর। এদিকে বার্ধক্য ভাতার জন্য আর্থিক সাহায্য করবেন অভিষেক ৭ জানুয়ারি। লোকসভা নির্বাচনের আগে গোটা রাজ্যে জেলাভিত্তিক বৈঠকে বসতে চলেছেন তৃণমূল কংগ্রেসের শীর্ষ নেতৃত্ব। জেলার নেতৃত্বকে নিয়ে দলের নেতারা সংশ্লিষ্ট জেলায় গিয়ে পর্যালোচনা বৈঠক করবেন। এমনকী যে সব নেতারা বসে গিয়েছেন, তাঁদের বাড়ি বাড়ি যেতে বলা হয়েছে। তাঁদেরকে সঙ্গে নিয়ে লোকসভা নির্বাচনের আগে কাজ করতে বলা হয়েছে। সেখানে অভিষেক বন্দ্যোপাধ্যায়ের মতো নেতা শুধু ডায়মন্ডহারবারে নিজেকে আটকে রাখবেন এটা অনেকে মেনে নিতে পারছেন না। নবীন-প্রবীণ নিয়ে অনেকেই মুখ খুলেছেন। যা দলের অস্বস্তি বাড়িয়েছে। অন্যদিকে



এই পৈলানের সভার দিকে তাকিয়ে আছেন সকলে। কারণ এখান থেকে অভিষেক কোন বার্তা দেন সেটা শুনতেই অপেক্ষা করছেন অনেকে। যেহেতু দলের যুবনেত্রী সায়নী ঘোষ 'আসল তৃণমূল' আর 'নকল তৃণমূল' তত্ত্ব বাজারে খাঁড়া করেছেন তাতে অনেকে ধোঁয়াশার মধ্যে রয়েছেন। এছাড়া সুব্রত বক্সি, সুদীপ বন্দ্যোপাধ্যায়, সৌগত রায়, উদয়ন গুহ, সায়নী ঘোষ, কুণাল ঘোষ-সহ অনেকেই মুখ খুলেছেন। কিন্তু আসল তথ্য জানতে চান মানুষ অভিষেকের মুখ থেকে। তাই ৭ জানুয়ারির সভা অত্যন্ত গুরুত্বপূর্ণ হয়ে দাঁড়িয়েছে। এখানে ভাতা প্রদান শুরু হবে রবিবারের অনুষ্ঠান থেকে। দক্ষিণ ২৪ পরগনা জেলার এক নেতা জানান, ডায়মন্ডহারবার কেন্দ্রে বার্ধক্য ভাতা প্রদানের পৈলানের অনুষ্ঠানে আসছেন অভিষেক। সেদিন তিনি কী বার্তা দেন, সেটা দেখার অপেক্ষায় আছে কর্মীরা। এছাড়া দলের শীর্ষ নেতা তাপস রায় আক্রমণ করে বসেছেন সুদীপ বন্দ্যোপাধ্যায়কে। আর অর্জুন সিংয়ের সঙ্গে সোমনাথ শ্যামের এখন লেগে গিয়েছে গোলমাল। মনোরঞ্জন ব্যাপারী নানা দুর্নীতির কথা বলে হাওয়া গরম করেছেন। ফিরহাদ হাকিম একরকম অবস্থান জানিয়েছেন। সেখানে রাজ্যের মন্ত্রী সিদ্দিকুল্লা চৌধুরী সেফ খেলেছেন। তাঁর কথায়, ''নবীন-প্রবীণ দুইই চাই।'' সুতরাং এখন বিষয়টি কোন স্তরে আছে সেটা অভিষেক বন্দ্যোপাধ্যায়ের মুখ থেকে শুনতে চান সকলে।

## 'বিরোধী দলনেতাকে নেতাই যেতে দিন', রাজ্যকে বলল হাইকোর্ট

**দুরন্ত বার্তা, কলকাতা, ৪ জানুয়ারিঃ** গত বছর নেতাই যাওয়ার পথে বাধার মুখে পড়তে হয়েছিল বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীকে। ঝিটকার জঙ্গলের কাছে তাঁর পথ আটকানো হয়েছিল বলে অভিযোগ তুলেছিলেন তিনি। এবার আরও একটা ৭ জানুয়ারি আসছে। আবারও নেতাইতে হবে স্মরণসভা। সেই স্মরণসভায় যোগ দিতে যাওয়ার জন্য হাইকোর্টের দ্বারস্থ হয়েছিলেন শুভেন্দু। সব পক্ষের বক্তব্য শুনে সিঙ্গল বেঞ্চের মত, নেতাই যেতে পারেন শুভেনন্দু অধিকারী। তাঁকে যাতে না আটকানো হয়, সেই নির্দেশ দিয়েছেন রাজ্যকে। কিন্তু রাজ্যও আটকাতে মরিয়া। শুক্রবার রাজ্যকে তাদের অবস্থান জানানোর নির্দেশ দিয়েছে বিচারপতি জয় সেনগুপ্তের বেঞ্চ। বিচারপতি জয় সেনগুপ্ত এদিন বলেন, ''প্রত্যেকের স্মরণসভায় যোগ দেওয়ার অধিকার আছে। রাজ্য নিজে বিরোধী দলনেতাকে এক ঘণ্টার জন্য সেখানে যেতে দিক, না হলে জটিলতা বাড়বে।'' উত্তরে রাজ্যের তরফে এজি জানান, আগামী ৬ ও ৭ জানুয়ারি সকাল থেকে রাত অন্য একটি দল ওই একই জায়গায় অনুষ্ঠান করবে বলে আগাম অনুমতি নিয়ে রেখেছে। এ কথা শুনে বিচারপতি এজি-কে বলেন, ''দু দিনে অন্তত এক ঘণ্টা সময় দিন অন্যদের। অযথা জটিলতা বাড়াবেন না।'' কোনও রাজনৈতিক কর্মকাণ্ড নয়, শুধুমাত্র মালা দেওয়ার জন্য বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীকে নেতাই যেতে দেওয়া উচিত বলে পর্যবেক্ষণ আদালতের। ২০১১ সালের ৭ জানুয়ারি, লালগড়ের নেতাই গ্রামে গুলি চালানোর ঘটনা ঘটে। ৯ জনের মৃত্যু হয়। সেই ঘটনাকে স্মরণ করেই নেতাই দিবস পালন করা হয় ওই গ্রামে। তৃণমূলে থাকাকালীন শুভেন্দু অধিকারী প্রতি বছর ৭ তারিখ তিনি নেতাই যেতেন। তবে সম্প্রতি সেই নেতাই যাওয়ার পথে তাঁকে পুলিশি বাধার মুখে পড়তে হয় বলে অভিযোগ। গত বছর পুলিশের ব্যারিকেডের কাছ থেকে ফিরে আসতে হয়েছিল শুভেন্দুকে। তাই এবার আগেভাগে আদালতের দ্বারস্থ হয়েছেন তিনি।

## নিশীথের রক্ষাকবচের আবেদন খারিজ

**দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ৪ জানুয়ারিঃ** খুনের চেষ্টার মামলা আগেই রুজু হয়েছিল কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রীর বিরুদ্ধে। ওই মামলায় রক্ষাকবচ চেয়ে আদালতের দ্বারস্থ হয়েছিলেন নিশীথ প্রামাণিক। বৃহস্পতিবার কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর ওই আবেদন খারিজ করে দিয়েছে হাইকোর্টের জলপাইগুড়ি সার্কিট বেঞ্চের ডিভিশন বেঞ্চ। আদালত রক্ষা কবচ খারিজ করে দেওয়ায় কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর গ্রেফতারি নিয়ে বিভিন্ন মহলে গুঞ্জন শুরু হয়েছে। যদিও এ ব্যাপারে বিজেপি বা নিশীথ প্রামাণিকের কোনও প্রতিক্রিয়া এখনও জানা যায়নি। আদালত সূত্রের খবর, ২০১৮ সালে কোচবিহারের দিনহাটায় এক ব্যক্তির উপর গুলি চালানোর অভিযোগ। অভিযোগ, নিশীথ প্রামাণিকের নির্দেশেই ওই ব্যক্তিকে গুলি চালানো হয়েছিল। ওই ঘটনায় অভিযোগের ভিত্তিতে নিশীথের বিরুদ্ধে খুনের চেষ্টার মামলা রুজু করে পুলিশ। এ ব্যাপারে নিশীথের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানাও জারি করা হয়েছিল। এরপরই রক্ষাকবচ চেয়ে জলপাইগুড়ির সার্কিট বেঞ্চের দ্বারস্থ হয়েছিলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী। বৃহস্পতিবার শীর্ষ আদালতের বেঞ্চ তাঁর রক্ষা কবচের আবেদন খারিজ করে দেওয়ায় গ্রেফতারির ক্ষেত্রে পুলিশের আর কোনও বাধা রইল না। ফলে এ ব্যাপারে পুলিশ কী পদক্ষেপ করে সেদিকে তাকিয়ে রাজনৈতিক বিশ্লেষকরা।

## ফুঁড়ে গেল হাত-পা, কামারহাটিতে তৃণমূল কর্মীকে লক্ষ্য করে 'গুলি'



**দুরন্ত বার্তা, কামারহাটি, ৪ জানুয়ারিঃ** কামারহাটিতে ষষ্ঠী তলায় তৃণমূল কর্মীকে লক্ষ করে গুলি চালনার অভিযোগ। গুলিবিদ্ধ কর্মীর নাম কাল্লু। আশঙ্কাজনক অবস্থায় তাঁকে সাগর দত্ত মেডিক্যাল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়া হয়। প্রাথমিকভাবে জানা গিয়েছে, কাল্লুর হাতে গুলি লেগেছে। চিকিৎসকরা জানিয়েছে, রক্তক্ষরণ হয়েছে। অবস্থা আশঙ্কাজনক। তাঁকে কলকাতায় স্থানান্তরিত করা হয়েছে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গিয়েছে, কাল্লু এলাকার প্রভাবশালী তৃণমূল কর্মী। এলাকারই আরও এক গোষ্ঠী গুড়িয়া, রিঙ্কুয়া নামে দু'জনের তাঁর বিবাদ ছিল। এলাকা দখলের লড়াই ছিল তাঁদের মধ্যে। সেকথা নিজেই জানিয়েছেন কাল্লু। বৃহস্পতিবার সকালে ষষ্ঠীতলা দিয়ে হেঁটে যাচ্ছিলেন কাল্লু। অভিযোগ, সে সময়ে ৬-৭ জন তাঁকে ঘিরে ধরেন। তাঁকে লক্ষ্য করে তিন রাউন্ড গুলি চালায়। একটি গুলি হাতে লাগে, একটি পায়ে লাগে। আরেকটি গুলি বেরিয়ে যায়। গুলির শব্দ শুনতে পেয়ে ছুটে আসেন স্থানীয় বাসিন্দারা। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছয় পুলিশ। রক্তাক্ত অবস্থায় কাল্লুকে উদ্ধাক করে সাগরদত্ত মেডিক্যাল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানে প্রাথমিক চিকিৎসার পর তাঁকে কলকাতায় স্থানান্তরিত করা হয়েছে। এলাকার কাউন্সিলর আফসানা খাতুন বলেন, ''গুড্ডুদের বন্ধু কাল্লু। ওরা তোলাবাজি করে। আমি বাধা দিয়েছিলাম। আমি মানুষের পাশে রয়েছি। কিন্তু তোলাবাজি করতে দেব না কাউকেই। রিঙ্কুয়ার বন্ধু কাল্লু। ওই তোলাবাজরাই আমাদের দল খেয়ে ফেলছে। আর তোলাবাজরা কোনও দলের হয় না।''

## বিশ্বের সেরা দশ বিমান বন্দরের তালিকায় ন'য়ে রয়েছে কলকাতা



**দুরন্ত বার্তা, কলকাতা, ৪ জানুয়ারিঃ** বিশ্বের সেরা দশ বিমান বন্দরের তালিকায় স্থান পেল কলকাতা বিমানবন্দর। বিশ্বের সব মধ্যম আকারের বিমান বন্দরের মধ্যে নবম স্থান পেয়েছে কলকাতার নেতাজি সুভাষ আন্তর্জাতিক বিমানবন্দর। এছাড়া দেশের মধ্যে দ্বিতীয় লাভজনক বিমানবন্দর হিসাবে স্থান পেয়েছে কলকাতা। এদিকে বৃহৎ বিমান বন্দরের বিভাগে যথাক্রমে দ্বিতীয় ও তৃতীয় স্থান পেয়েছে হায়দরাবাদ ও বেঙ্গালুরু বিমান বন্দর। উড়ান টিকিটের ভাড়ার নিরিখে অষ্টম স্থান পেয়েছে বেসরকারি উড়ান সংস্থা ইন্ডিগো। এশিয়া প্রশান্ত মহাসাগরীয় এলাকায় বিমান পরিষেবার কোম্পানিগুলির মধ্যে চতুর্থ স্থানে রয়েছে ভারতের এই সংস্থা। সম্প্রতি বিভিন্ন বিভাগে বিশ্বের সেরা বিমানবন্দরগুলির তালিকা প্রকাশ করেছে আন্তর্জাতিক বিমান বন্দর পর্ষদ। সেখানে কর্মদক্ষতা ও সময়ানুবর্তীতার নিরিখে দ্বিতীয় ও তৃতীয় স্থান পেয়েছে বেঙ্গালুরু ও হায়দ্রাবাদ এই দুই বিমানবন্দর। উল্লেখ্য, বিমানবন্দর বা উড়ান সংস্থার র‌্যাঙ্কিং দেওয়া হয় অন টাইম পারফরম্যান্স বা ওটিপি-র উপর ভিত্তি করে। নবম স্থানে থাকা কলকাতা বিমানবন্দরের ওটিপি ৮৩.৯১ শতাংশ বলে জানা গিয়েছে। বৃহৎ বিমান বন্দরের বিভাগে ৮৪ শতাংশের বেশি ওটিপি পেয়ে দ্বিতীয় স্থানে উঠেছে এসেছে হায়দরাবাদের রাজীব গান্ধী আন্তর্জাতিক বিমানবন্দর। এই বিভাগে তৃতীয় স্থান পাওয়া বেঙ্গালুরুর কেম্পেগৌড়া আন্তর্জাতিক বিমানবন্দরের ওটিপি ৮৪.৪ শতাংশ।

## চাকরিপ্রার্থীদের বিক্ষোভ সামলাতে পুলিশের নজিরবিহীন উপস্থিতি


**দুরন্ত বার্তা, কলকাতা, ৪ জানুয়ারিঃ** নিয়োগের দাবিতে ফের পথে চাকরিপ্রার্থীরা। কলেজ স্ট্রিট থেকে ২০১৬ সালের উচ্চ প্রাথমিক টেট উত্তীর্ণরা মিছিল করছেন। মিছিল ঘিরে ধুন্ধুমার পরিস্থিতি তৈরি হয়। গোটা ধর্মতলা এলাকা পুলিশে পুলিশে ছয়লাপ। মিছিল ডোরিনা ক্রসিং পৌঁছালেই পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। পুলিশের সঙ্গে চাকরিপ্রার্থীদের ধস্তাধস্তি হয়। তাঁরা রাস্তায় বসে পড়ে বিক্ষোভ দেখাতে থাকেন। এরই মধ্যে অসুস্থ হয়ে পড়েন এক চাকরিপ্রার্থী। এক চাকরিপ্রার্থী বলেন, ''আজ আমরা আন্দোলন করতে করতে হাঁপিয়ে উঠেছি। মাননীয়া কি আমাদের দেখবেন না? সকলেই একে একে



অসুস্থ হয়ে যাচ্ছি।'' অসুস্থ চাকরিপ্রার্থীর মুখ জল দেন সহযোদ্ধারা। তাঁকে রীতিমতো চ্যাঙদোলা করে সরিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করে পুলিশ। পরে তাঁকে অ্যাম্বুলেন্স করে সেখান থেকে সরিয়ে নিয়ে যাওয়া হয়। তবে এদিনের মিছিলে পুলিশের উপস্থিতি ছিল চোখে পড়ার মতো। ডোরিনা ক্রসিংয়ে লাইন দিয়ে দাঁড়িয়ে ছিলেন বহু পুলিশ কর্মী। গত কয়েক বারে চাকরিপ্রার্থীদের মিছিলে পুলিশের উপস্থিতির এ নিদর্শন দেখা যায়নি। ডোরিনা ক্রসিংয়ে হাতে হাত রেখে ব্যারিকেড করে রেখেছেন পুলিশ কর্মীরা। যাতে সহজে আন্দোলনকারী চাকরিপ্রার্থীদের বার করা সম্ভব হয়। তারই মাঝে রাস্তায় শুয়ে পড়ে বিক্ষোভ দেখাতে থাকেন চাকরিপ্রার্থীরা। এক চাকরিপ্রার্থী বলেন, ''এদিনের মতো পুলিশের উপস্থিতি আগে দেখা যায়নি। তবে পুলিশ দিয়ে আমাদের কোনওভাবেই আটকানো যাবে না। মুখ্যমন্ত্রী তিন বার প্রতিশ্রুতি দিয়েও আমাদের চাকরি দেননি।'' ঘণ্টা খানেকের মধ্যে চাকরিপ্রার্থীদের সরিয়ে ফেলতে সক্ষম হয় পুলিশ।

## ২০ জানুয়ারির মধ্যেই হবে আসন রফা, তৃণমূল-বামেদের সঙ্গে পৃথক বৈঠক করবে কংগ্রেস

**নয়াদিল্লি, ৪ জানুয়ারিঃ** লোকসভা নির্বাচনের আর খুব বেশি দেরি নেই। গত বছরের শেষে ৫ রাজ্যের বিধানসভা নির্বাচনে আঞ্চলিক দলগুলির সঙ্গে আসন কাটাকাটি করে ফল যে ভাল হয়নি, তা টের পেয়েছে কংগ্রেস। তাই এবার লোকসভা নির্বাচনকে পাখির চোখ করে শান্তিপূর্ণভাবে আসন ভাগাভাগিতে বিশেষ জোর দিচ্ছে কংগ্রেস হাইকম্যান্ড। আগামী ২০ জানুয়ারির মধ্যেই সারাদেশে ইন্ডিয়া জোটের দলগুলির সঙ্গে আসন-সমঝোতার আলোচনা শেষ করার সিদ্ধান্ত নিয়েছে কংগ্রেস। আর সেই লক্ষ্যে আজ, বৃহস্পতিবার সন্ধ্যাতেই ন্যাশনাল অ্যালায়েন্স কমিটির সঙ্গে বৈঠকে বসেন কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়্গে। মূলত, জোটের বিভিন্ন শরিক দলের সঙ্গে আসন সমঝোতার জন্যই গঠিত হয়েছে ন্যাশনাল অ্যালায়েন্স কমিটি। যেখানে রয়েছেন প্রবীণ কংগ্রেস নেতা মুকুল ওয়াসনিক অশোক গেহলট, ভূপেশ বাঘেল, সলমন খুরশিদ ও মোহন প্রকাশ। এদিন সন্ধ্যা সাড়ে ৬টা নাগাদ এই কমিটির সঙ্গেই বৈঠকে বসেন কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়্গে। এরপর প্রতিটি শরিক দলের সঙ্গে পৃথকভাবে বৈঠক করবে কংগ্রেস



হাইকম্যান্ড। এমনকি বাংলায় তৃণমূল ও বামেদের সঙ্গেও ১:১ বৈঠকে বসবে কংগ্রেসের শীর্ষ নেতৃত্ব। প্রসঙ্গত, লোকসভা নির্বাচনের আসন রফা দ্রুত শেষ করতে তৎপর তৃণমূল কংগ্রেস। আসন রফা সম্পন্ন করার জন্য ৩১ ডিসেম্বর পর্যন্ত সময়ও বেঁধে দিয়েছিল তৃণমূল নেতৃত্ব। এই সময়ের মধ্যে কংগ্রেস আসনরফা সম্পূর্ণ না করলে তৃণমূল এককভাবে প্রার্থী দেবে বলে জানিয়েছিল। যদিও সেই সময়সীমা পেরিয়ে গিয়েছে। তবে আসন রফা সম্পূর্ণ করার নির্দিষ্ট দিন ঘোষণা করে কংগ্রেস তৃণমূল-সহ সব শরিক দলতে বার্তা দিল বলেই মনে করছে রাজনৈতিক মহল। যদিও বঙ্গে আসন-রফা নিয়ে ইতিমধ্যে প্রদেশ কংগ্রেসের সঙ্গে তৃণমূলের বিরোধ প্রকাশ্যে এসেছে। কংগ্রেসকে মাত্র ২টি আসন ছাড়ার কথা জানিয়েছেন তৃণমূল সুপ্রিমো। যা নিয়ে তীব্র ক্ষোভ প্রকাশ করেছেন প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরী। এই পরিস্থিতিতে শেষ পর্যন্ত তৃণমূলের সঙ্গে কংগ্রেসের আসন রফা কী হয়, সেটাই দেখার!

## কণ্ঠস্বরের নমুনা যেন প্রমাণ হিসাবে ব্যবহার না হয়, আবেদন সুজয়কৃষ্ণের

**দুরন্ত বার্তা, কলকাতা, ৪ জানুয়ারিঃ** কলকাতা হাইকোর্টের নির্দেশে বুধবার যুদ্ধকালীন তৎপরতায় কালীঘাটের কাকু ওরপে সুজয়কৃষ্ণ ভদ্রের কণ্ঠস্বরের নমুনা সংগ্রহ করেছে ইডি। সেই কণ্ঠস্বরের নমুনা যাতে প্রমাণ হিসাবে আদালতে ব্যবহার করা না যায় তা নিশ্চিত করতে এবার তপর হলেন কাকুর আইনজীবীরা। বিচারপতি অমৃতা সিনহার নির্দেশকে চ্যালেঞ্জ করে বিচারপতি সৌমেন সেনের ডিভিশন বেঞ্চের দৃষ্টি আকর্ষণ করলেন তাঁরা। তাতে অবশ্য বিশেষ কর্ণপাত করেনি ডিভিশন বেঞ্চ। বুধবার কলকাতা হাইকোর্টের এজলাসে রুদ্ধদ্বার শুনানির পর সুজয়কৃষ্ণের কণ্ঠস্বরের নমুনা সংগ্রহের নির্দেশ দেন বিচারপতি অমৃতা সিনহা। এর পর কাকুকে জোকা ইএসআই হাসপাতালে নিয়ে গিয়ে কণ্ঠস্বর সংগ্রহ করে ইডি। সুজয়কৃষ্ণের আইনজীবীদের দাবি, বিচারপতি তীর্থঙ্কর ঘোষের নির্দেশকে অগ্রাহ্য করে রায় দিয়েছেন বিচারপতি সিনহা। এই সংক্রান্ত মামলা বিচারপতি অমৃতা সিনহার বিচার্য নয় বলেও দাবি করেন তাঁরা। এমনকী এই কণ্ঠস্বরের নমুনা প্রমাণ হিসাবে নিম্ন আদালতে ব্যবহার করা যাবে না বলেও ব্যাখ্যা দেন তাঁরা। একথা শোনার পর বিচারপতি সেন প্রশ্ন করেন, যে নির্দেশকে আপনারা চ্যালেঞ্জ করছেন সেই নির্দেশ কোথায়। তখন সুজয়কৃষ্ণের আইনজীবী জানান, মামলায় আমরা পার্টি নই। তাই নির্দেশনামা আমাদের কাছে নেই। তখন বিচারপতি সেন বলেন, নির্দেশনামা পেতে বিচারপতি সিনহার এজলাসে আবেদন করুন। বুধবার সন্ধ্যা ৬টা নাগাদ এসএসকেএম হাসপাতালে অত্যাধুনিক অ্যাম্বুল্যান্স ও কেন্দ্রীয় বাহিনী নিয়ে পৌঁছন ইডির আধিকারিকরা। কিছুক্ষণের মধ্যে এসএসকেএম-এর হৃদরোগ বিভাগের সামনেটা কেন্দ্রীয় বাহিনীতে ছয়লাপ হয়ে যায়। রাত ৮টা ১৩ মিনিট নাগাদ সুজয়কৃষ্ণকে ওয়ার্ড থেকে বার করে অ্যাম্বুল্যান্সে



তোলেন তাঁরা। রাত ১টা নাগাদ শুরু হয় কণ্ঠস্বর সংগ্রহের কাজ। রাত ৩টে ২০ মিনিটে কাকুকে নিয়ে এসএসকেএম হাসপাতালে ফেরত চলে আসেন তাঁরা। এর আগে কলকাতা হাইকোর্টে বিচারপতি অমৃতা সিনহার এজলাসে নিয়োগ দুর্নীতি সংক্রান্ত একটি মামলার রুদ্ধদ্বার শুনানি হয়। সেই শুনানিতে ভার্চুয়াল হাজিরা দেন ইডি-র যুগ্ম অধিকর্তা মিথিলেশকুমার মিশ্র। সেই শুনানিতে কী হয়েছে বা তার পর বিচারপতি সিনহা কী নির্দেশ দিয়েছেন তা এখনও জানা যায়নি। তবে ইডি-র তৎপরতায় স্পষ্ট, আদালতের পোক্ত কাগজ নিয়েই এসএসকেএম-এ গিয়েছিল তারা। গত আগস্ট মাস থেকে সুজয়কৃষ্ণের কণ্ঠস্বরের নমুনা সংগ্রহের চেষ্টা চালাচ্ছিল ইডি। আদালতের নির্দেশের পরেও এসএসকেএম কর্তৃপক্ষের অসহযোগিতায় এতদিন সফল হয়নি তারা। বুধবার সবাইকে চমকে দিয়ে সাফল্য পেল কেন্দ্রীয় সংস্থাটি।

## হাইকোর্টে সিঙ্গুরের চাষিরা, সরকারকে ৪ সপ্তাহের মধ্যে জানাতে হবে অবস্থান



**দুরন্ত বার্তা, কলকাতা, ৪ জানুয়ারিঃ** মমতা বন্দ্যোপাধ্যায়ের রাজনৈতিক উত্থানের ভিত্তিভূমি সিঙ্গুরে জমি ফেরত নিয়ে কৃষকের দায়ের করা মামলায় আদালতে অস্বস্তিতে রাজ্য সরকার। সিঙ্গুরে জমি ফেরত নিয়ে রাজ্য সরকারের অবস্থান কী তা হলফনামা দিয়ে আদালতকে জানাতে নির্দেশ দিল কলকাতা হাইকোর্ট। প্রধান বিচারপতি টিএস শিবহজ্ঞানমের ডিভিশন বেঞ্চ ৪ সপ্তাহের মধ্যে রাজ্যকে হলফনামা দিয়ে জমি এখনও ফেরত না দেওয়ার করাণ জানাতে বলেছে। আদালতের এই নির্দেশে মমতা বন্দ্যোপাধ্যায়ের অস্বস্তি নতুন করে বাড়ল। সুপ্রিম কোর্টের নির্দেশ মেনে সিঙ্গুরে বহু কৃষককে এখনো জমি ফেরত দেয়নি মমতার সরকার। তাছাড়া সুপ্রিম কোর্ট জমি আগের অবস্থায় এনে ফেরত দিতে হবে বলে নির্দেশ দিয়েছিল। সেই নির্দেশও সব ক্ষেত্রে মানা হয়নি। যারা জমি ফেরত পেয়েছেন তার অধিকাংশই চাষযোগ্য নয়। মামলাকারীদের আরও অভিযোগ, এই নিয়ে বহু বার রাজ্য সরকারকে আবেদন করলেও কাজ হয়নি। তাই আদালতের দ্বারস্থ হয়েছেন তাঁরা। প্রায় ১ দশকের লড়াইয়ের পর ২০১৬ সালে রাজ্য সরকারকে সিঙ্গুরে টাটার গাড়ি কারখানার জন্য বরাদ্দ জমি চাষিদের ফিরিয়ে দেওয়ার নির্দেশ দেয় সুপ্রিম কোর্ট। এর পর সিঙ্গুরে গিয়ে সরষে ছড়িয়ে চাষের সূচনা করেন মমতা বন্দ্যোপাধ্যায়। তবে সিঙ্গুরের ৯৯৭ একর জমির মধ্যে অধিকাংশই পতিত অবস্থায় পড়ে রয়েছে। কারখানার নির্মাণকাজের জেরে জমির চরিত্র বদলে যাওয়ায় চাষ লাভজনক হচ্ছে না বলে জানিয়েছেন চাষিরা। এই অবস্থায় গত অক্টোবরে সিঙ্গুরের জমি থেকে টাটাদের উৎখাত করার জন্য রাজ্য সরকারকে ৭৬৬ কোটি টাকা ক্ষতিপূরণ দেওয়ার নির্দেশ দেয় ট্রাইব্যুনাল। সঙ্গে ২০১৬ সাল থেকে ১১ শতাংশ হারে সুদ দিতে নির্দেশ দেন বিচারক। সেই নির্দেশের জেরে যথেষ্ট অস্বস্তিতে পড়তে হয়েছিল মমতার সরকারকে। সেই অস্বস্তি মিটতে না মিটতে এবার রাজ্য সরকারের বিরুদ্ধে সুপ্রিম কোর্টের নির্দেশ না মেনে জমি ফেরত না দেওয়ার অভিযোগ তুললেন খোদ সিঙ্গুরের চাষিরা। সঙ্গে জমি চাষযোগ্য না করেই ফেরত দেওয়ার অভিযোগ তুললেন তাঁরা। লোকসভা ভোটের মুখে সিঙ্গুর নিয়ে রাজ্য সরকার আদালতে কী জবাব দেয় সেদিকে নজর থাকবে সবার। বিশেষজ্ঞদের মতে, সিঙ্গুর নিয়ে মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকারের সাপের ছুঁচো গেলার দশা হয়েছে। জঙ্গি আন্দোলন করে টাটাদের তাড়ানোর ফল এখন বুঝতে পারছেন তৃণমূলনেত্রী। সিঙ্গুরের শিল্পায়নের অঙ্কুর বিনাশের দায় যেমন বর্তেছে তাঁর ওপর। তেমনই মমতার বিরুদ্ধে প্রতারণার অভিযোগের সরব হয়েছেন স্থানীয়রা।

## সাংসদ কল্যাণকে সস্ত্রীক ডেকে পাঠালেন ধনখড়, মিমিক্রি করেও মিলল সৌজন্য





**নয়াদিল্লি, ৪ জানুয়ারিঃ** সংসদের বাইরে মিমিক্রি করেছিলেন তৃণমূল কংগ্রেস সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায়। সেই দৃশ্য ছড়িয়ে পড়েছিল কংগ্রেস সাংসদ রাহুল গান্ধি সেটি ফ্রেমবন্দি করে তা সোশ্যাল মিডিয়ায় ছড়িয়ে দিয়ে। হাত নাচিয়ে দেশের উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড়ের নকল করেছিলেন শ্রীরামপুরের সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায়। আর এই বিষয়টি ছড়িয়ে পড়তেই তিরস্কার করেন উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড়। তাঁর মন্তব্য, 'অধঃপতনের সীমা ছাড়িয়েছে।' একের পর এক বিজেপি নেতা-মন্ত্রীরা আক্রমণ শানান কল্যাণ বন্দ্যোপাধ্যায়কে। তবে এই ঘটনার একমাস গড়ানোর আগেই সামনে এল সৌজন্যের ছবি। কল্যাণ বন্দ্যোপাধ্যায়ের বাড়িতে এল জগদীপ ধনখড়ের ফোন। শুধু কল্যাণ নন, তাঁর স্ত্রীর সঙ্গেও কথাবার্তা হল বাংলার প্রাক্তন রাজ্যপালের। এদিকে উপরাষ্ট্রপতিকে শুভেচ্ছার জন্য পাল্টা ধন্যবাদ জানিয়েছেন সাংসদ কল্যাণ। নিজের এক্স হ্যান্ডলে সে কথা তুলে ধরেছেন শ্রীরামপুরের সাংসদ নিজেই। জন্মদিনে তাঁকে উপরাষ্ট্রপতি শুভেচ্ছা জানিয়েছেন বলে কথা। তাই কল্যাণ জানিয়েছেন, তাঁর স্ত্রীর সঙ্গে কথা বলেছেন বাংলার প্রাক্তন রাজ্যপাল জগদীপ ধনখড়। নিজের বাড়িতে নৈশভোজের আমন্ত্রণও জানিয়েছেন। নতুন সংসদ ভবনের বাইরে এই জগদীপ ধনখড়কেই 'মিমিক্রি' করেছিলেন কল্যাণ বন্দ্যোপাধ্যায়। মিমিক্রির ঘটনায় জগদীপ ধনখড় জানান, এই সব কথা মেনে নেওয়া যায় না। কল্যাণ বন্দ্যোপাধ্যায় পাল্টা বলে ছিলেন, এটা আসলে শিল্পেরই ধরন। কাউকে আঘাত করতে নয়। অন্যদিকে আজ, বৃহস্পতিবার সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায়ের জন্মদিন। সকাল থেকে অনেক রাজনৈতিক নেতা-নেত্রীরা তাঁকে শুভেচ্ছা জানান এক্স হ্যান্ডেলে। শুভেচ্ছা জানিয়েছেন লোকসভার স্পিকার ওম বিড়লা। সৌজন্য দেখাতে পিছিয়ে থাকেননি জগদীপ ধনখড়ও। সরাসরি টেলিফোন করেন কল্যাণ বন্দ্যোপাধ্যায়কে। সাংসদ নিজেই এক্স হ্যান্ডেলে সে কথা জানিয়েছেন। কল্যাণ এক্স হ্যান্ডেলে লেখেন, 'আমার জন্মদিনে যে উষ্ণ শুভেচ্ছা জানিয়েছে উপরাষ্ট্রপতি তাঁর জন্য তাঁকে ধন্যবাদ। আমি আপ্লুত যে, তিনি ব্যক্তিগতভাবে ফোন করে আমার স্ত্রীর সঙ্গে কথা বলেছেন। আমার পুরো পরিবারকে আশীর্বাদ জানিয়েছেন। আমার স্ত্রী এবং আমাকে তিনি দিল্লিতে নিজের বাড়িতে আমন্ত্রণ জানিয়েছেন নৈশভোজের জন্য।' এছাড়া বাংলার সঙ্গে জগদীপ ধনখড়ের সম্পর্ক বহুদিনের। রাজ্যপাল হিসেবে তিনি যখন দায়িত্বে ছিলেন, তখনও সম্পর্ক খুব মধুর ছিল না তৃণমূল কংগ্রেসের সঙ্গে। বরং বারবার সংঘাতের ছবি দেখা গিয়েছে। আর ২০২৩ সালের ডিসেম্বর মাসে কল্যাণ বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে অঙ্গভঙ্গি করার যে অভিযোগ ওঠে সেটাও নজিরবিহীন। যদিও মুখে কল্যাণ বলেছিলেন, তিনি জগদীপ ধনখড়কে উপরাষ্ট্রপতি হিসেবে যথেষ্ট সম্মান করেন। শীতকালীন অধিবেশনে সংসদের দুই কক্ষে একের পর এক সাংসদ সাসপেন্ড হয়েছিলেন। তখন মিমিক্রি করেছিলেন শ্রীরামপুরের সাংসদ। বিজেপি নেতা সুনীল দেওধর সোশ্যাল মিডিয়ায় লিখেছিলেন, এই হল 'ইন্ডিয়া' জোটের আসল রূপ। এই ভিডিয়ো ভাইরাল হতেই ধনখড়কে ফোন করে দুঃখপ্রকাশ করেন নরেন্দ্র মোদি।

# রাম মন্দিরের বৈশিষ্ট্য তুলে ধরল তীর্থ ক্ষেত্র ট্রাস্ট, থাকছে ৫টি মণ্ডপ, ভক্তদের জন্য অনেক সুবিধা

অযোধ্যা, ৪ জানুয়ারি ঃ অযোধ্যায় শ্রীরাম মন্দিরের বৈশিষ্ট্য তুলে ধরল শ্রীরাম জন্মভূমি তীর্থ ক্ষেত্র ট্রাস্ট। বৃহস্পতিবার শ্রীরাম জন্মভূমি তীর্থ ক্ষেত্র ট্রাস্ট-এর পক্ষ থেকে জানানো হয়েছে, রাম মন্দিরে ৫টি মন্ডপ (হল) থাকবে - নৃত্য মন্ডপ, রং মন্ডপ, সভা মন্ডপ, প্রার্থনা এবং কীর্তন মন্ডপ। মন্দিরের ট্রাস্ট জানিয়েছে, মন্দিরের স্তম্ভ ও দেওয়ালে দেব-দেবীদের মূর্তি শোভা পাবে। সিংহ দ্বারের মধ্য দিয়ে ৩২টি সিঁড়ি হয়ে মন্দিরে প্রবেশ করা যাবে পূর্ব দিক থেকে। মন্দিরে বিশেষভাবে সক্ষম এবং বয়স্ক ভক্তদের সুবিধার্থে র‍্যাম্প এবং লিফটের ব্যবস্থা থাকবে। পারকোটা - ৭৩২ মিটার দৈর্ঘ্য এবং ১৪ ফুট প্রস্থের আয়তক্ষেত্রাকার যৌগ প্রাচীর মন্দিরটিকে ঘিরে রয়েছে। মন্দিরের কাছে একটি ঐতিহাসিক কূপ (সীতা কুপ) রয়েছে, যা প্রাচীন যুগের।রামমন্দির ট্রাস্ট জানিয়েছে, ২৫ হাজার জন ধারণক্ষমতা-সহ একটি পিলগ্রিমস ফ্যাসিলিটি সেন্টার (পিএফসি) তৈরি করা হচ্ছে, এটি তীর্থযাত্রীদের চিকিৎসা সুবিধা এবং লকার সুবিধা প্রদান করবে। তিনতলা বিশিষ্ট রাম মন্দিরটি ঐতিহ্যগত নগর শৈলীতে নির্মিত এবং এর দৈর্ঘ্য (পূর্ব-পশ্চিম) ৩৮০ ফুট, প্রস্থ ২৫০ ফুট এবং উচ্চতা ১৬১ ফুট। মন্দিরের প্রতিটি তলা ২০ ফুট লম্বা। এতে মোট ৩৯২টি স্তম্ভ এবং ৪৪টি দরজা রয়েছে। মূল গর্ভগৃহে শ্রী রামলালার মূর্তি রয়েছে এবং প্রথম তলায় শ্রী রাম দরবার থাকবে।

## কংগ্রেস দেশের বৃহত্তম ধর্মনিরপেক্ষ দল, সর্বদা ভারতের সংস্কৃতিকে সমুন্নত রেখেছেঃওয়াই এস শর্মিলা

নয়াদিল্লি, ৪ জানুয়ারি ঃ কংগ্রেস দেশের বৃহত্তম ধর্মনিরপেক্ষ দল, এই দল সর্বদা ভারতের সংস্কৃতিকে সমুন্নত রেখেছে ও দেশের ভীত তৈরি করেছে। বৃহস্পতিবার আনুষ্ঠানিক ভাবে কংগ্রেসে যোগ দেওয়ার পর এই মন্তব্য করেছেন ওয়াই এস আর তেলেঙ্গানা পার্টির প্রতিষ্ঠাতা ওয়াই এস শর্মিলা। তিনি বলেছেন, ওয়াই এস আর তেলেঙ্গানা পার্টিকে কংগ্রেস দলের সাথে একীভূত করে, আজ কংগ্রেস দলে যোগ দিতে পেরে আমি খুবই আনন্দিত। রাহুল গান্ধীকে প্রধানমন্ত্রী করা আমার বাবার স্বপ্ন ছিল এবং আমি সেই লক্ষ্যে কাজ করব।প্রসঙ্গত, অন্ধ্রপ্রদেশের প্রাক্তন মুখ্যমন্ত্রী ওয়াই এস রাজশেখর রেড্ডির মেয়ে হলেন ওয়াই এস শর্মিলা, তিনি এদিন কংগ্রেসে যোগ দিয়েছেন, পাশাপাশি তাঁর প্রতিষ্ঠিত দল ওয়াই এস আর তেলেঙ্গানা পার্টিকে কংগ্রেসের একীভূত করেছেন। শর্মিলা এদিন বলেছেন, ওয়াই এস আর তেলেঙ্গানা পার্টি কংগ্রেসের সঙ্গে মিশে যাওয়ায় আজ আমি অত্যন্ত আনন্দিত। আজ থেকেই ওয়াই এস আর তেলেঙ্গানা পার্টি ভারতীয় জাতীয় কংগ্রেসের অংশ হয়ে গেল।

## শ্রীরাম নিয়ে উক্তিতে জিতেন্দ্রর নামে পুলিশের অভিযোগ রামের, শরদ শিবিরের নেতা নিজ মন্তব্যে অনড়

মুম্বই, ৪ জানুয়ারি ঃভগবান শ্রীরাম সম্পর্কে অনভিপ্রেত মন্তব্যের জন্য শরদ পওয়ার শিবিরের নেতা জিতেন্দ্র আওহাদের বিরুদ্ধে মামলা করলেন বিজেপি নেতা রাম কদম। শরদ পওয়ার গোষ্ঠীর নেতা জিতেন্দ্র আওহাদের বিরুদ্ধে এফআইআর নথিভুক্ত করার জন্য বৃহস্পতিবার মুম্বইয়ের একটি থানায় অভিযোগ দায়ের করেছেন বিজেপি নেতা রাম কদম। রাম কদম এদিন বলেছেন, তাদের মানসিকতাই হল রামভক্তদের অনুভূতিতে আঘাত করা। ভোট সংগ্রহের জন্য তাঁরা হিন্দু ধর্মকে নিয়ে ঠাট্টা করতে পারে না। আসল কথা হল, রামমন্দির যে তৈরি করা হয়েছে তা 'অহঙ্কারী' জোট সহ্য করতে পারছে না।উল্লেখ্য, বুধবার মহারাষ্ট্রের শিরডিতে এক অনুষ্ঠানে বক্তব্য রাখার সময় জিতেন্দ্র বলেছিলেন, ভগবান রাম নিরামিষভোজী ছিলেন না, তিনি ছিলেন আমিষভোজী। ১৪ বছর ধরে বনে বসবাসকারী ব্যক্তি নিরামিষ খাবার খুঁজতে কোথায় যাবেন? জনগণকে তিনি প্রশ্ন করেন, এটা কি সঠিক নয়? এই মন্তব্যের পর নিজ বক্তব্যে অনড় জিতেন্দ্র। বৃহস্পতিবারই তিনি বলেছেন, ভারতের ৮০ শতাংশ জনসংখ্যা আমিষভোজী। তাঁরাও ভগবান রামের ভক্ত।

# কুখ্যাত গ্যাংস্টারের মডেল বান্ধবী খুন!গ্রেফতার বর্তমান বয়ফ্রেন্ড

দুরন্ত বার্তা ডিজিটাল ডেস্কঃ মডেল দিব্যা পাহুজা গ্যাংস্টার সন্দীপ গাদোলির বান্ধবী হিসেবেই পরিচিত ছিলেন। হোটেলে খুন হলেন মডেল দিব্যা পাহুজা। গুরুগ্রামের একটি হোটেল থেকে তাঁর দেহ উদ্ধার হয়। খুনের অভিযোগে গ্রেফতার করা হয়েছে হোটেল মালিক ও দুই যুবককে।পুলিশ সূত্রে জানা গিয়েছে, গুরুগ্রামের সিটি পয়েন্ট হোটেল থেকে রহস্যজনক অবস্থায় এক যুবতীর দেহ উদ্ধার হয়। পরে জানা যায়, ওই যুবতীর নাম দিব্যা পাহুজা। ২৭ বছরের ওই যুবতী পেশায় মডেল। তবে তিনি সন্দীপ গাদোলি নামক এক গ্যাংস্টারের ভুয়ো এনকাউন্টার মামলায় বিগত ৭ বছর ধরে জেলে ছিলেন। সম্প্রতিই জামিনে মুক্তি পান তিনি।গুরুগ্রাম পুলিশের তরফে জানানো হয়েছে, যে হোটেল থেকে যুবতীর দেহ উদ্ধার হয়, ওই হোটেলের মালিক অভিজি ও হোটেলের দুই কর্মী প্রকাশ ও হন্দ্রজকে গ্রেফতার করা হয়েছে খুনের অভিযোগে। দিব্যার দেহ লোপাটের জন্য হোটেল মালিক ১০ লক্ষ টাকা দিয়েছিলেন বলে জানা গিয়েছে। খুনের পর অভিযুক্ত তিনজন একটি বিএমডব্লু গাড়িতে করে পালিয়ে যায়। ওই গাড়ির ডিকিতেই ভরা ছিল দিব্যার দেহ। তবে খুনের কারণ এখনও জানা যায়নি।গোটা ঘটনাটিই হোটেলের সিসিটিভি ক্যামেরায় ধরা পড়ে। সেখান থেকেই রহস্য উদ্ধার করে পুলিশ। সিসিটিভি ফুটেজে দেখা গিয়েছে, ২ জানুয়ারি ভোর ৪টে নাগাদ হোটেল মালিক অভিজি, এক যুবতী ও আরেক ব্যক্তি হোটেল আসেন। ১১১ নম্বর রুমে যান তাঁরা। রাত ১০টা ৪৫ মিনিট নাগাদ দেখা যায়, অভিজি ও অপর দুই যুবক দিব্যার দেহ চাদরে মুড়িয়ে টেনে-হিচড়ে বের করে আনছে। হোটেলের বাইরেই দাঁড়ানো বিএমডব্লুতে দিব্যার দেহ তোলা হয়।পুলিশ ওই সিসিটিভি ফুটেজ ধরেই পঞ্জাব সহ একাধিক জায়গায় তল্লাশি চালায় পুলিশ। দিব্যার পরিবারের অভিযোগের ভিত্তিতে অভিজি ও অপর দুই যুবককে গ্রেফতার করে পুলিশ।উল্লেখ্য, ২০১৬ সালে গ্যাংস্টার সন্দীপ গাদোলির ভুয়ো এনকাউন্টার মামলায় অন্যতম অভিযুক্ত ছিল দিব্যা পাহুজা। পুলিশকে গ্যাংস্টারের খোঁজ দিব্যাই দিয়েছিল বলে দাবি। দীর্ঘ ৭ বছর ধরে জেলবন্দি ছিলেন দিব্যা। গত বছরের জুন মাসে বম্বে হাইকোর্ট দিব্যাকে জামিন দেয়। দিব্যার পরিবারের অভিযোগ, গ্যাংস্টার সন্দীপ গাদোলির বোন সুদেশ কাতারিয়া ও তাঁর ভাই ব্রহ্ম প্রকাশই দিব্যাকে খুনের ছক কষেছিল। অভিজিকে খুনের সুপারি দেওয়া হয়েছিল।

# গ্রেফতারির আশঙ্কা! কী বলছেন দিল্লীর মুখ্যমন্ত্রী?

দুরন্ত বার্ত ডিজিতাল ডেস্কঃ বুধবার রাত থেকেই দিল্লীর রাজনীতি বেশ স্বরগরম!আপ নেত্রী অতিশি বুধবার মধ্যরাতে আশঙ্কা প্রকাশ করে এক্স হ্যান্ডেলে লেখেন কেন্দ্রের গোয়েন্দা সংস্থা কেজরিওয়ালকে গ্রেফতারের বন্দোবস্ত করছে। ইতিমধ্যেই শীর্ষ নেতারা পার্টি অফিসে জড়ো হওয়া শুরু করেছেন। প্রসঙ্গত, বুধবার ইডির দফতরে হাজিরা দেওয়ার কথা ছিল দিল্লির মুখ্যমন্ত্রী তথা আম আদমি পার্টির সুপ্রিমো অরবিন্দ কেজরীবালের। দিল্লির আবগারি নীতি দুর্নীতি নিয়ে জিজ্ঞাসাবাদের জন্যই সমন পাঠানো হয়েছিল কেজরীবালকে। কিন্তু গত দুইবারের মতো এবারও তিনি সমন এড়িয়ে যান। তদন্তে সহযোগিতার আশ্বাস দিলেও, ইডির পাঠানো সমন বেআইনি বলে দাবি করেন তিনি।এদিকে, বারংবার সমন এড়ানোর পরই জল্পনা শোনা গিয়েছিল যে এবার কেজরীবালের বিরুদ্ধে আদালতে যেতে পারে ইডি। তদন্তে অসহযোগিতার অভিযোগে তাঁর বিরুদ্ধে জামিন অযোগ্য ধারায় গ্রেফতারি পরোয়ানা জারি করা হতে পারে। রাতে সেই জল্পনাই উৎসকে দেন দিল্লির মন্ত্রী অতিশি ও সৌরভ ভরদ্বাজ। তবে বিজেপির তরফে কেজরীবালের বারংবার সমন এড়ানে নিয়ে প্রশ্ন তোলা হয়েছে। বিজেপির তরফে প্রশ্ন করা হয়, অরবিন্দ কেজরীবালের এত কীসের ভয়? উনি কী মণীশ সিসোদিয়া ও সঞ্জয় সিংকে একা ছেড়ে দিলেন, যারা আবগারি নীতি দুর্নীতিতে জেল খাটছেন? ইডির সমন না এড়িয়ে কেজরীবালের উচিত ইন্ডিয়া জোটের বাকি নেতাদের জন্য দুর্নীতির শিক্ষা নেওয়ার, যাতে তাঁরা একে অপরের অভিজ্ঞতা থেকে সমৃদ্ধ হতে পারেন।

# এবার ট্র্যাফিক বিধিভঙ্গে জরিমানা আদায় হবে ইউপিআই -তে!

দুরন্ত বার্তা ডিজিটাল ডেস্কঃ যে কোনো রকম আর্থিক লেনদেনের ভরসাযোগ্য মাধ্যম হল ইউপিআই। এবার সেই ইউপিআই ব্যবহৃত হবে ট্র্যাফিক বিধিভঙ্গে জরিমানা আদায়ের ক্ষেত্রেও। লালবাজার জানিয়েছে, শহরের প্রতিটি ট্র্যাফিক গার্ড এলাকায় এ নিয়ে মহড়া চালু হয়েছে। এতে সাফল্য এলে ট্র্যাফিক ভঙ্গের জরিমানা আদায় করতে পাকাপাকি ভাবে ব্যবহার করা হবে ইউপিআই।লালবাজারের ট্র্যাফিক বিভাগের এক কর্তা জানান, কলকাতা পুলিশের ২৫টি ট্র্যাফিক গার্ডের দু'জন করে সাজেন্ট পরীক্ষামূলক ভাবে ইউপিআইয়ের মাধ্যমে জরিমানা নিচ্ছেন। এর জন্য তাঁদের প্রশিক্ষণও দেওয়া হয়েছে। সূত্রের খবর, গত বছর চারটি ট্র্যাফিক গার্ডের কয়েক জন সার্জেন্টকে লালবাজার ইউপিআই ব্যবহারের নির্দেশ দিলেও পরে তা কার্যকর হয়নি। সার্জেন্টরা ট্র্যাফিক আইন অমান্যকারীদের বিরুদ্ধে এনআইসি ই-চালান এবং কেটিপি ই-চালান ব্যবহার করে থাকেন। এনআইসি ই-চালানের ক্ষেত্রে ক্রেডিট বা ডেবিট কার্ডে স্পট ফাইন দেওয়া যায়। তার সঙ্গে ইউপিআই মাধ্যম যুক্ত হলে স্পট ফাইন আদায়ের কাজ সহজ হবে বলে দাবি পুলিশের। ট্র্যাফিক পুলিশের একাংশের দাবি, ওই ব্যবস্থায় স্পট ফাইন দিতে নগদের ব্যবহার যেমন কমবে, তেমনই সহজে জরিমানার টাকা জমা করা যাবে। ফলে দুর্নীতির অভিযোগ উঠবে না বলেই আশা পুলিশ কর্তাদের।

# ব্রিগেড ভরাতে বাম যুবদের নয়া প্যারোডি ' ডিম পাউরুটি'!

দুরন্ত বার্তা ডিজিটাল ডেস্কঃ ৭ জানুয়ারি ডিওয়াইএফআইয়ের ব্রিগেড সমাবেশ ঘিরে সাজ সাজ রব।আর এই আসন্ন ব্রিগেড মিছিল কে কেন্দ্র করে বাম যুবরা বানিয়ে ফেললেন ' ছবির ' গানের প্যারোডি।র্ভ গানটির প্যারোডি ইতি মধ্যেই সোশাল মিডিয়ায় দিয়েছে ডিওয়াইএফআই। সিপিএমের রাজ্য সম্পাদক মহম্মদ সেলিমের প্রোফাইলেও রয়েছে ওই গান। ' ছবির ' গানটির বেশ কিছু সংলাপ অবিকল ব্যবহার হয়েছে বামেদের প্যারোডিতে। ওই প্যারোডিতে তৃণমূল এবং বিজেপি দুই শিবিরকে আক্রমণ করা হলেও তৃণমূল বিরোধিতার ঝাঁজই যেন বেশি। উল্লেখ্য, এর আগে ২০২১ সালের বিধানসভা ভোটের আগে সংযুক্ত মোর্চার ব্রিগেডে বামেরা ব্যবহার করেছিল 'টুম্পা সোনা' গানের প্যারোডি।ভআসন্ন ব্রিগেড প্রসঙ্গে বামফ্রন্ট চেয়ারম্যান বিমান বসু বলেন , তরুণ প্রজন্মকে এগিয়ে আসতে হবে। ব্রিগেড ভরাতে হবে কালো মাথা দিয়ে। সম্ভবত সেকারণেই অতি আধুনিক গানের প্যারোডি তৈরি করে সেটা সোশাল মিডিয়ায় ছাড়া হচ্ছে।উল্লেখ্য, বৃহস্পতিবার সিপিএমের রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম ব্রিগেড সভার প্রস্তুতি খতিয়ে দেখতে গিয়েছিলেন। ব্রিগেডে দাঁড়িয়েই তিনি একযোগে আক্রমণ করেন তৃণমূল-বিজেপিকে। এর আগে বুধবার সিপিএমের যুব সংগঠনের নেতারা এদিন ব্রিগেডে সভাস্থল পরিদর্শন করেন। প্রস্তুতি দেখেন মিনাক্ষী মুখোপাধ্যায়, ধ্রুবজ্যোতি সাহা, কলতান দাশগুপ্তরা। ছিলেন সিপিএমের কলকাতা জেলার নেতারাও। ডিওআইএফআইয়ের ডাকে ব্রিগেড সমাবেশ। সেখানে সংগঠনের রাজ্য সম্পাদক মিনাক্ষীর মুখকে সামনে রেখেই রাজ্যজুড়ে প্রচার চলছে।


# যোগ্যতার মাপকাঠিতে ফেল!রাম মন্দিরে আমন্ত্রিত নন রাহুল-প্রিয়াঙ্কা

দুরন্ত বার্তা ডিজিটাল ডেস্কঃ চলতি মাসের ২২ তারিখ উদ্বোধন হতে চলেছে অযোধ্যার রামমন্দিরের। এই অনুষ্ঠানে সোনিয়া ছাড়া গান্ধী পরিবারের আর কোনও সদস্য আমন্ত্রন পান নি বলে জানা গিয়েছে। সূত্রের খবর, রাম মন্দির তীর্থক্ষেত্র ট্রাস্টের পক্ষ থেকে আমন্ত্রণ পাঠানোর ক্ষেত্রে তৈরি করা হয়েছিল বিশেষ মাপকাঠি। জানা যাচ্ছে, সেই 'ক্রাইটেরিয়া ম্যাচ' করতে পারেননি রাহুল এবং প্রিয়াঙ্কা। ফলে ট্রাস্টের পক্ষ থেকে আমন্ত্রণ জানানো হয়নি গান্ধী পরিবারের ভাই-বোনকে।ভরাম জন্মভূমি তীর্থ ক্ষেত্র ট্রাস্টের পক্ষ থেকে তিন স্তরের রাজনৈতিক ব্যক্তিত্বকে আমন্ত্রণ জানানো হয়েছে। দেশের প্রথম সারির রাজনৈতিক দলগুলির সভাপতি অথবা সম মর্যাদার পদাধিকারি, লোকসভা এবং রাজ্যসভার বিরোধী দলনেতা এবং সর্বোপরি ১৯৮৪ ও ১৯৯২ সালে রাম মন্দির আন্দোলনের সঙ্গে জড়িত রাজনৈতিক নেতা-নেত্রীরাই কেবলমাত্র 'ক্রাইটেরিয়া ম্যাচ' করতে পেরেছেন।ভতবে রাম জন্মভূমি তীর্থক্ষেত্র ট্রাস্টের পক্ষ থেকে ২২ জানুয়ারির 'রেড কার্পেটে' আমন্ত্রণ জানানো হয়েছে সাধু-সন্ত, শিল্পপতি, সিনেজগতের কলাকুশলী এবং বহু খেলোয়াড়কে। বিশ্ব হিংদু পরিষদের সভাপতি অলোক কুমার সম্প্রতি কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গেকে আমন্ত্রণ জানিয়েছেন। যিনি একাধারে রাজ্যসভার বিরোধী দলনেতাও। যেহেতু ২০১৪ সালের পর থেকে লোকসভায় কোনও বিরোধী দলনেতা নেই তাই কংগ্রেসের দলনেতা অধীর রঞ্জন চৌধুরীকে আমন্ত্রণপত্র পাঠানো হয়েছে।ভসমাজবাদী পার্টি সুপ্রিমো অখিলেশ যাদব এবং বহুজন সমাজ পার্টির প্রধান মায়াবতীকেও খুব শীঘ্রই রাম মন্দিরের উদ্বোধনে আমন্ত্রণ জানানো হবে বলে জানা যাচ্ছে। ইতিমধ্যেই আমন্ত্রণ পেয়েছেন BJগু-র বর্ষীয়ান নেতা লালকৃষ্ণ আডবানি এবং মুরলি মনোহর যোশী।বিশ্ব হিন্দু পরিষদের জাতীয় সাধারণ সম্পাদক মিলিন্দ পারাঃদ বলেন, 'ভগবান রাম সর্বত্র বিরাজমান। কোনও ভেদাভেদ করা হচ্ছে না। আমরা এই উদ্বোধনী অনুষ্ঠানে কোনও রাজনৈতিক তরজা চাই না। যারা একটা সময় রামের অস্তিত্ব নিয়ে প্রশ্ন তুলেছিলেন, তাঁদেরও রাম মন্দিরে স্বাগত জানাচ্ছি।' তৃণমূল কংগ্রেস এবং CPI ও CPIM-এর পক্ষ থেকে রাম মন্দিরের আমন্ত্রণ প্রত্যাখ্যান করা হয়েছে। কট্টর বিরোধী হওয়া সত্ত্বেও রাম মন্দিরের উদ্বোধনী অনুষ্ঠান নিয়ে তাদের মতামত এক। দুই দলেরই অভিযোগ, রাম মন্দিরে প্রাণ প্রতিষ্ঠা উসবকে রাজনৈতিক হাতিয়ার করে ফেলেছে BJP। এ প্রসঙ্গে বিশ্ব হিন্দু পরিষদের জাতীয় সাধারণ সম্পাদক বলেন, 'যারা এমনটা বলছেন আদতে তারাই এই অনুষ্ঠানে রাজনৈতিক রং লাগানোর চেষ্টা করছেন।'

## গড়চুমুকে বেআইনি ভাবে কাটা হচ্ছে নদীর পাড়!প্রশ্ন করতেই রুদ্রমূর্তি রিসর্ট মালকিনের

দুরন্ত বার্তা ডিজিটাল ডেস্কঃ হাওড়া শ্যামপুর ২ নম্বর ব্লকের গড়চুমুক এই এলাকায় দামোদরের ধারে রিসর্ট তৈরি করেছেন এলাকারই ব্যবসায়ী দুলাল দাস। অভিযোগ, তিনি রিসর্টের বাগানের গাছে জল দেওয়ার জন্য নদী পাড় কাটছেন। শুধু তাই নয়, পাড় কেটে রিসর্টের কাছে আনার চেষ্টা করছেন। এলাকার প্রশাসনের নির্দেশ ছাড়াই কীভাবে এই কাজ করছেন প্রশ্ন করতেই কার্যত ক্ষুব্ধ হয়ে উঠলেন মালিকের স্ত্রী। সাংবাদিকদের হুমকি দিয়ে বললেন, রিসোর্ট থেকে বো।য়ে যান। নচেত কুকুর ছেড়ে দেব।ব্যবসায়ী দুলাল দাসের স্ত্রীর এই ব্যবহারে ক্ষোভ

## জম্মু ও কাশ্মীরের কিশত্বরে মৃদু ভূমিকম্প, কম্পাঙ্ক মাত্র ৩.৯



শ্রীনগর, ৪ জানুয়ারি ঃ মাঝারি তীব্রতার ভূমিকম্পে কেঁপে উঠল জম্মু ও কাশ্মীরের কিশত্বর জেলা। রিখটার স্কেলে ভূমিকম্পের তীব্রতা ছিল ৩.৯। বুধবার গভীর রাত ১২.৩৮ মিনিট নাগাদ এই ভূমিকম্প অনুভূত হয়। ন্যাশনাল সেন্টার ফর সিসমোলোজি জানিয়েছে, বুধবার গভীর রাত ১২.৩৮ মিনিট নাগাদ ভূমিকম্প অনুভূত হয় জম্মু ও কাশ্মীরের কিশত্বর জেলায়। ভূমিকম্পের উৎসস্থল ছিল ৩৩.৩৪ অক্ষাংশ ও ৭৬.৬৭ দ্রাঘিমাংশ, ভূপৃষ্ঠের মাত্র ৫ কিলোমিটার গভীরে। জম্মু ও কাশ্মীরের শ্রীনগর থেকে ১৯১ কিলোমিটার পূর্ব ও দক্ষিণ-পূর্বে এবং কাটরা থেকে ১৬৬ কিলোমিটার পূর্ব ও উত্তর-পূর্বে ছিল ভূমিকম্পের উৎসস্থল।

## ধুবড়িতে বাজেয়াপ্ত দামি চার চাকার গাড়ি সহ দুটি চোরাই গরু

ধুবড়ি (অসম), ৪ জানুয়ারিঃনিম্ন অসমের ধুবড়িতে পুলিশি অভিযানে বাজেয়াপ্ত হয়ে দামি চার চাকার গাড়ি সহ দুটি চোরাই গরু।বৃহস্পতিবার ধুবড়ি জেলা পুলিশ সদর দফতর সূত্রে জানা গেছে, বুধবার মধ্যরাতে বালাজান এলাকায় অভিযান চালানো হয়েছিল। অভিযানে এএস ১৭ পি ১৯৪৭ নম্বরের একটি দামি চার চাকার গাড়ির গতিরোধ করে তা থেকে দুটি চোরাই গরু উদ্ধার হয়েছে।সূত্রটি জানিয়েছে, বহিঃরাজ্য থেকে গরু দুটি গৌরীপুরের দিকে নিয়ে যাওয়া হচ্ছিল। তবে গরু উদ্ধার হলেও সুযোগ বুঝে গাড়ি ছেড়ে পালিয়েছে পাচারকারী। অবশ্য পুলিশ ইতিমধ্যে রেজিস্ট্রেশন নম্বর যাচাই করে গাড়ির মালিকের নামধাম সংগ্রহ করা হয়েছে এবং প্রয়োজনীয় তদন্ত চলছে, জানিয়েছে পুলিশের সূত্রটি।

## আইসিসির বর্ষসেরার দৌড়ে দুই ভারতীয়

দুবাই, ৪ জানুয়ারি ঃ সদ্য সমাপ্ত ২০২৩ সালের বর্ষসেরা টি-২০ ক্রিকেটার হওয়ার দৌড়ে আছেন সূর্যকুমার যাদব। ২০২২ সালেও তিনি এই পুরস্কার জিতেছিলেন। ২০২৩ সালেও দুর্দান্ত পারফর্ম করার জন্য সূর্য এই তালিকায় রয়েছেন। এ বছর ১৭ ইনিংসে ৭৩৩ রান করেছেন তিনি। স্ট্রাইক রেট ১৫৫। সূর্য ছাড়াও তিনজন মনোনয়ন পেয়েছেন বর্ষ সেরা পুরস্কারের জন্য। তাঁরা হলেন জিম্বাবোয়ের সিকান্দার রাজা, নিউজিল্যান্ডের মার্ক

## পড়ুয়ার ব্যাগ থেকে উদ্ধার আগ্নেয়াস্ত্র

দক্ষিণ দিনাজপুর,৪জানুয়ারিঃনবম শ্রেণীর স্কুল পড়ুয়ার ব্যাগ থেকে উদ্ধার আগ্নেয়াস্ত্র সহ এক রাউন্ড কার্তুজ। ঘটনায় রীতিমতো চাঞ্চল্য ছড়িয়েছে দক্ষিণ দিনাজপুর জেলার বংশীহারী থানার পাথরঘাটা এলাকায়। ঘটনার পর স্কুল পড়ুয়াকে আটক করার পাশাপাশি আগ্নেয়াস্ত্রটি উদ্ধার করেছে পুলিশ। স্কুল প্যুয়ার ব্যাগে কোথায় থেকে এলো আগ্নেয়াস্ত্র? তা নিয়ে ধন্দে সহপাঠী থেকে স্কুলের শিক্ষক শিক্ষিকারা। পুরো বিষয়টি খতিয়ে দেখছে বংশীহারি থানার পুলিশ। জানা গেছে ওই স্কুল পড়ুয়া সুদর্শননগর পিএইচএইচভিআই উচ্চ বিদ্যালয়ের নবম শ্রেণীর ছাত্র। এদিন বিদ্যালয়ে চলছিল বই বিতরণ।সেই সময় ওই স্কুল পড়ুয়ার ব্যাগে কিছু লুকানোর বিষয় নজরে আসে অন্য সহপাঠীদের। বিষয়টি শিক্ষকদের নজরে আসার সঙ্গে সঙ্গে তার ব্যাগ নিয়ে তল্লাশি চালানো হয়। এরপরেই উদ্ধার হয় একটি দেশি পিস্তল ও এক রাউন্ড কার্তুজ। এই সব দেখে ভয় পেয়ে যান খোদ শিক্ষক শিক্ষিকারাও। খবর দেওয়া হয় বংশীহারী থানায়।পরে পুলিশ এসে ওই নাবালককে থানায় নিয়ে যায়। ওই নাবালকের কাছে কোথা থেকে আগ্নেযস্ত্রটি এলো তার খতিয়ে দেখছে পুলিশ। পাশাপাশি ওই আগ্নেয়াস্ত্রটি এর আগেও স্কুলে নিয়ে এসেছিল কি না তাও খতিয়ে দেখছে তারা।এই বিষয়ে বংশীহারি থানার আইসি মনোজি সরকার জানান।

# বিজেপির বিরুদ্ধে তোপ জসমিনের, বললেন এএপি-কে শেষ করে দিতে চায় বিজেপি



নয়াদিল্লি, ৪ জানুয়ারি ঃবিজেপির বিরুদ্ধে তীব্র আক্রমণ শানালেন আম আদমি পার্টির মুখপাত্র জসমিন শাহ। বৃহস্পতিবার জসমিন অভিযোগ করেছেন, বিজেপি আসলে আম আদমি পার্টিকে শেষ করে দিতে চাইছে এবং লোকসভা নির্বাচনের আগে অরবিন্দ কেজরিওয়ালকে গ্রেফতার করতে চাইছে।বৃহস্পতিবার সকালে সাংবাদিকদের মুখোমুখি হয়ে জসমিন শাহ বলেছেন, এটা স্পষ্ট যে তাঁরা (বিজেপি) আম আদমি পার্টিকে শেষ করতে চায় এবং লোকসভা নির্বাচনের আগে অরবিন্দ কেজরিওয়ালকে গ্রেফতার করতে চায়...তিনি আইনি প্রক্রিয়ায় সহযোগিতা করতে প্রস্তুত। এখনও পর্যন্ত তাঁকে যে সমস্ত সমন পাঠানো হয়েছে তা বেআইনি। বিশ্বাসযোগ্য সূত্র থেকে আমরা জানতে পেরেছি, অভিযান চালানো হবে এবং অরবিন্দ কেজরিওয়ালকে গ্রেফতার করা হবে।

## উলুবেড়িয়ায় ' হিট অ্যান্ড রান'! মৃত দুই পুলিশকর্মী

দুরন্ত বার্তা ডিজিটাল ডেস্কঃ হাওড়ার উলুবেড়িয়ায় গভীর রাতে একটি বেপরোয়া লরি এসে ধাক্কা মারে পুলিশের গাড়িতে। আহত হন চার পুলিশ আধিকারিক। তাঁদের মধ্যে মৃত্যু হয় দুজনের।দুর্ঘটনার পর পালিয়ে যায় ঘাতক গাড়ি। সূত্রের খবর, বৃহস্পতিবার বাগনান বরুণদা মুম্বই রোডে গভীর রাতে ডিউটি করছিলেন সুজয় দাস (সাব ইন্সপেক্টর), পলাশ সামন্ত (হোম গার্ড), অলোক বর (কনস্টেবল) ও সুকদেব বিশ্বাস (কনস্টেবল)। এছাড়াও ছিলেন বক্কর আলি যিনি গাড়ির চালক।ভরোডের উপরই দাঁড়িয়েছিল পুলিশের গাড়িটি। সেই সময় কোলাঘাটের দিক থেকে বাগনানের দিকে আসা একটি বেপরোয়া লরি পুলিশের গাড়ির পিছনে ধাক্কা মেরে পালিয়ে যায়। ঘটনাস্থলেই মৃত্যু হয় সাব ইন্সপেক্টর সুজয় দাস ও পলাশ সামন্তর। এ দিকে, বিষয়টির খবর পেয়ে বাগনান থানার পুলিশ ঘটনাস্থলে এসে চারজনকে উদ্ধার করে উলুবেড়িয়া হাসপাতালে নিয়ে যায়। চিকিৎসকরা সুজয় এবং পলাশকে মৃত বলে ঘোষণা করে। আর দুই পুলিশ কর্মী গুরুতর আহত হওয়ায় তাদের উলুবেড়িয়া শরৎচন্দ্র মেডিকেল কলেজে ভর্তি করা হয়। হাসপাতালে দেখা করেছেন পুলিশের উচ্চপদস্থ আধিকারিকরা। স্থানীয় বাসিন্দা আর্য শাহ বলেন, আমি আওয়াজ পেয়ে বাইরে বেরিয়ে দেখি দুই পুলিশ মারা গিয়েছে। তিনজন আরও ছটফট করছেন। পরে পুলিশ এসে তাদের উদ্ধার করে হাসপাতালে নিয়ে যায়।

## ভারতে করোনায় দু'জনের মৃত্যু নতুন করে আক্রান্ত ৭৬০, সক্রিয় রোগী ৪,৪২৩

নয়াদিল্লি, ৪ জানুয়ারি ঃ করোনার বাড়বাড়ন্ত বেড়েই চলেছে ভারতে, রোজই বৃদ্ধি পাচ্ছে দৈনিক সংক্রমণ ও মৃত্যুর সংখ্যাও। বিগত ২৪ ঘন্টায় দেশে নতুন করে কোভিডে আক্রান্ত হয়েছেন ৭৬০ জন। মঙ্গলবার সারাদিনে ভারতে করোনায় দু'জনের মৃত্যু হয়েছে। কর্ণাটকে একজন ও কেরলে একজনের মৃত্যু হয়েছে। এদিকে, দেশে এখনও পর্যন্ত করোনার নতুন প্রজাতি জেএন.১-এ আক্রান্তের সংখ্যা ৫০০-র গণ্ডি ছাড়িয়েছে।কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, ভারতে সক্রিয় করোনা-রোগীর সংখ্যা কমে ৪,৪২৩-তে পৌঁছেছে এবং মৃত্যুর সংখ্যা ৫,৩৩,৩৭৩। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, বৃহস্পতিবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট সুস্থ হয়েছেন ৪,৪৪,৭৮,০৪৭ জন করোনা-রোগী। মোট টিকাকরণের সংখ্যা এই মুহূর্তে ২২০,৬৭,৭৯,০৮১।

## অপরিশোধিত তেল ব্যারেল প্রতি ৭৯ ডলারের কাছাকাছি, পেট্রোল ও ডিজেলের দাম স্থিতিশীল

নয়াদিল্লি, ৪ জানুয়ারি ঃ আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দামে উত্থান-পতন অব্যাহত ।বৃহস্পতিবার ব্রেঃট অপরিশোধিত তেলের দাম ব্যারেল প্রতি প্রায় ৭৯ এবং ডব্লিউটিআই অপরিশোধিত তেলের দাম ব্যারেল প্রতি ৭৩ ডলারের কাছাকাছি। সরকারি খাতের তেল ও গ্যাস বিপণন সংস্থাগুলি পেট্রোল ও ডিজেলের দামেও এদিন কোনও পরিবর্তন করেনি।ইন্ডিয়ান অয়েলের ওয়েবসাইট অনুসারে, বৃহস্পতিবার দিল্লিতে পেট্রোল প্রতি লিটার ৯৬.৭২ টাকা এবং ডিজেল প্রতি লিটার ৮৯.৬২ টাকায় বিক্রি হচ্ছে। মুম্বইতে এক লিটার পেট্রোল পাওয়া যাচ্ছে ১০৬.৩১ টাকায় এবং ডিজেল প্রতি লিটার ৯৪.২৭ টাকায়। চেন্নাইতে এক লিটার পেট্রোলের দাম ১০২.৬৩ টাকা এবং ডিজেলের ৯৪.২৪ টাকা। কলকাতায় এক লিটার পেট্রোলের দাম ১০৬.০৩ টাকা আর ডিজেলের দাম ৯২.৭৬ টাকা। ভ্যাট এবং মালবাহী চার্জের উপর নির্ভর করে দেশে পেট্রোল এবং ডিজেলের দাম রাজ্যে আলাদা। কেন্দ্রীয় সরকারও মোটর জ্বালানির উপর আবগারি শুল্ক নিয়ে থাকে। প্রসঙ্গত, গত বছর ২১ মে থেকে সারা ভারতে জ্বালানির দাম স্থিতিশীল রয়েছে।

## বাংলাদেশ নির্বাচনঃপ্রার্থীদের অনুগামীরা ভাড়াটে সন্ত্রাসী নিয়োগের চেষ্টা করছেন, দাবি র‍্যাবের

ঢাকা, ৪ জানুয়ারি ঃ আগামী ৭ জানুয়ারি বাংলাদেশের সাধারণ নির্বাচন । তাঁর আগে বিস্ফোরক দাবি র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব)-এর । বৃহস্পতিবার র‍্যাবের লিগ্যাল অ্যান্ড মিডিয়া উইংয়ের পরিচালক কমান্ডার খন্দকার আল মঈন বলেন, দেশজুড়ে বিভিন্ন প্রার্থীর অনুগামীরা ভোটে হিংসা ছ।াতে ভা।াটে সন্ত্রাসী নিয়োগের চেষ্টা করছেন । তিনি দাবি করেন এমন গোয়েন্দাতথ্য রয়েছে। এদিন দুপুরে রাজধানীর কারওয়ান বাজারে র‍্যাব মিডিয়া সেন্টারে আয়োজিত সংবাদ সম্মেলনে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ কথা জানান।কমান্ডার মঈন বলেন, সম্প্রতি দেশব্যাপী বেশ কিছু হিংসার ঘটনা ঘটেছে। আমরা দেখেছি বিভিন্ন প্রার্থীর নির্বাচনী প্রচারকেন্দ্রে প্রার্থীদের অতিউৎসাহী সমর্থকদের কয়েকজন চিহ্নিত সন্ত্রাসীদের নিয়ে হিংসার ঘটনা ঘটিয়েছেন।গত ৭২ ঘণ্টায় জনপ্রতিনিধিসহ ৫০ জনকে হিংসার অভিযোগে গ্রেফতার করা হয়েছে, যাদের নামে হিংসার মামলা হয়েছে। পাশাপাশি রিটার্নিং কর্মকর্তাদের কাছে লিখিত অভিযোগ রয়েছে। রিটার্নিং কর্মকর্তারা এ তথ্য র‍্যাবকে দিয়েছেন। যারা এ ধরনের কার্যক্রম চালাচ্ছে তাদের অনেককে আইনের আওতায় আনা হয়েছে বলেও জানান র‍্যাবের এ কর্মকর্তা।মঈন বলেন, জাতীয় নির্বাচন সামনে রেখে

## ঘন কুয়াশায় দিল্লিতে দৃশ্যমানতা কমই, কনকনে ঠান্ডায় কাঁপছে সমগ্র উত্তর ভারত

নয়াদিল্লি, ৪ জানুয়ারি ঃকনকনে ঠান্ডা তো রয়েছেই, সঙ্গে দোসর ঘন কুয়াশা। এই দুইয়ের দাপটে জনজীবন বিপর্যস্ত হচ্ছে রাজধানী দিল্লিতে, একই পরিস্থিতি বজায় থাকল বৃহস্পতিবারও। খারাপ আবহাওয়া কারণে রাজধানী দিল্লিতে এদিনও সমস্যার মধ্যে পড়েছেন সাধারণ মানুষজন। দিল্লিতে এদিন সকালেও বিঘ্নিত হয়েছে উড়ান পরিষেবা। বেশ কিছু দেরিতে গন্তব্যর উদ্দেশ্যে রওনা হয়েছে।হাড় কাঁপানো ঠান্ডায় কাঁপছে জাতীয় রাজধানী দিল্লি, শীতের দাপটে জবুথবু অবস্থা গোটা উত্তর ভারতজুড়ে। হরিয়ানা, পঞ্জাব, উত্তর ও পূর্ব রাজস্থান, পশ্চিম মধ্যপ্রদেশ, উত্তর প্রদেশে ঠান্ডা এতটাই বেশি যে সকালের দিকে আগুনের তাপ নিতে দেখা যাচ্ছে মানুষজনকে। সর্বত্রই এখন জমজমাট ঠান্ডা। আপাতত এই শীত থেকে রেহাই মিলবে না বলেই জানিয়েছে ভারতীয় আবহাওয়া দফতর।

## পূর্ণাঙ্গ পঞ্জিকা

কলকাতা,৫জানুয়ারি ঃশুক্রবার, ১৯পৌষ মাস ১৪৩০ বঙ্গাব্দ, ইংরেজীঃ৫জানুয়ারিঃ ২০২৩, ৫৩৬ চৈতৎনাব্দ, কলিঃ৫১২৩, সৌরঃ১৯পৌষ মাস, চান্দ্র ৭ মধুসুধন মাস, ১৯৪৪ শকাব্দ ২০৭৯ বিক্রম সাম্ব, ২৫৬৫ বুদ্ধাব্দাঃ, বাংলাদেশঃ১৯পৌষ মাস ১৪৩০, ভারতীয় সিভিলঃ ১৯পৌষ মাস ১৯৪৪, মৈতৈঃ ১৪ শজিবু, আসামঃ২৬ চ'ত, মুসলিমঃ৬-ইদ-১৪৪৩ হিজরী শ্রীশ্রী অন্নপুর্নাপুজার গতস্থাপন (সপ্তমী)সূর্য উদয়ঃ সকাল ০৫ঃ২৪ঃ২৫ এবং অস্তঃবিকাল ০ঃ৫ঃ০০। চন্দ্র উদয়ঃসকাল ১০ঃ১ঃ২২(৮) এবং অস্তঃরাত্রি ১২ঃ১৬ঃ৫০(৮)।শুক্ল পক্ষ ।তিথিঃসপ্তমী (ভদ্রা) রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত নক্ষত্রঃআর্দ্রা রাত্রিঃ১১ঃ২৮ঃ০১ দং ৪৫৮৪৫ পর্যন্ত পরে পুনর্বসুকরণঃবণিজ রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত পরে বিষ্টিযোগঃঅতিগণ্ড অমৃতযোগঃদিন ০৫ঃ২৪ঃ৩১ থেকে - ০৭ঃ০৪ঃ১২ পর্যন্ত, তারপর ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ১০ঃ২৩ঃ৩৩ পর্যন্ত, তারপর ১২ঃ৫৩ঃ০৪ থেকে - ০২ঃ৩২ঃ৪৫ পর্যন্ত, তারপর ০৪ঃ১২ঃ২৫ থেকে - ০৫ঃ৫২ঃ০৬ পর্যন্ত এবং রাত্রি ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ৫৬ঃ৪৫ পর্যন্ত, তারপর ০৩ঃ০৬ঃ০২ থেকে - ০৩ঃ৫২ঃ১২ পর্যন্ত। মহেন্দ্রযোগ রাত্রি ১০ঃ২৯ঃ০৪ থেকে - ১১ঃ১৫ঃ১৪ পর্যন্ত, তারপর ০৩ঃ৫২ঃ১২ থেকে - ০৫ঃ২৪ঃ৩১ পর্যন্ত। কুলিক বেলাঃ দিন ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ০৮ঃ৪৩ঃ৫২ পর্যন্ত। কুলিক রাত্রিঃ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ১০ঃ৩৫ পর্যন্ত। বারবেলাঃ দিন ০৮ঃ৩১ঃ২৫ থেকে - ১০ঃ০৪ঃ৫২ পর্যন্ত। কালবেলাঃদিন ১০ঃ০৪ঃ৫২ থেকে - ১১ঃ৩৮ঃ১৮ পর্যন্ত। কালরাত্রিঃ০৮ঃ৪৫ঃ১২ থেকে - ১০ঃ১১ঃ৪৫ পর্যন্ত। গ্রহস্ফুট (সূর্য উদয় কালীন)ঃরবিঃ১১২৪৪৬১৯ (২৭) ৩ পদচন্দ্রঃ ২২১৫২৫০ (৭) ১ পদমঙ্গলঃ ৯২৭৫৩৫৯ (২৩) ২ পদবুধঃ ০২২২৫ (১) ১ পদবৃহস্পতিঃ ১০২৯৪২২৩ (২৫) ৩ পদশুক্রঃ ১০৮১৭৩ (২৪) ১ পদশনিঃ ৯২৫৪৩০ (২৩) ১ পদরাহুঃ ১২২৭৫৩ (৩) ২ পদকেতুঃ ৭২২৭৫৩ (১৬) ৪

## আবহাওয়া

বৃষ্টির হতে পারে নাও হতে পারে। তাপমাত্রা সর্বোচ্চ ২৮.৩ডিগ্রী সেলসিয়াস ও (২) সর্বনিম্ন ১৯.০২ডিগ্রী সেন্টিগ্রেড ও (১) দিনের বেলায়। আপেক্ষিক আর্দ্রতা হবে ৯২শতকরা এবং ৪১শতকরা। বৃষ্টি হয়নি বৃহস্পতিবার । জোয়ার- সকাল ৬টা ২১ মিনিট এবং রাত৮টা ২০মিনিট হবে। ভাটা-সকাল-৬টা ২০মিনিট। রাত-১০টে ২১ মিনিট। সূর্য উদয় আজঃ ৬ টা ২১মনিটে এবং সূর্য অস্ত যাবে ঃ ৫ টা ০৫ মিনিটে।

## রাশিফল

**মেষরাশিঃ**আপনার স্বাস্থ্য এবং সৌঃদর্যের উন্নতি করতে যথেষ্ট সময় থাকবে। ব্যাঙ্কিং কারবার খুব সতর্কতার সাথে সামলাতে হবে। **বৃষভ রাশিঃ**আপনার অপ্রত্যাশিত প্রকৃতিকে আপনার বৈবাহিক সম্পর্ক নষ্ট করতে দেবেন না। **মিথুন রাশিঃ**কাজের জায়গায় বরিষ্ঠদের থেকে চাপ এবং ঘরে মতভেদ কিছু চাপ আনতে পারে- যা আপনাকে কাজে মনোনিবেশ **কর্কট রাশিঃ**আজ, আপনার স্বাস্থ্য সুস্থ হবে বলে আশা করা হচ্ছে। আপনার সুস্বাস্থ্যের কারণে আপনি আজ আপনার বন্ধুদের **সিংহরাশিঃ**কোনো বন্ধুর শীতল আচরণ আপনার খারাপ লাগতে পারে। কিন্তু নিজেকে ঠান্ডা রাখার চেষ্টা করুন। এটা যেন আপনাকে বিধ্বস্ত না করে এবং পারলে ঝামেলা এড়িয়ে চলুন। আজ, আপনার ভাইবোনরা আপনাকে আর্থিক সহায়তা চাইতে পারে। **কন্যারাশিঃ**আপনার স্বাস্হ্য ভালো রাখবে এমন জিনিসের উপর কাজ করার পক্ষে একটি কল্যাণকর দিন। যারা ক্ষুদ্রতর ব্যবসায় পরিচালনা করছেন তারা আজ তাদের বন্ধ হওয়া ব্যক্তিদের **তুলারাশিঃ**আধ্যাত্মিক এবং শারীরিক উন্নতির জন্য ধ্যান এবং যোগ চর্চা করা উচিত। শুভদিন। **বৃশ্চিক রাশিঃ** শারীরিক লাভে বিশেষ করে মানসিক দৃঢ়তার জন্য ধ্যান এবং যোগ করতে শুরু করুন। আপনি আজ আপনার অর্থ সঙ্গীর খারাপ স্বাস্থ্যের জন্য **ধনু রাশিঃ** আজ আপনি শক্তিপূর্ণ হয়ে থাকবেন- আপনি যাই করুন না কেন- সাধারণত আপনি যে সাচ্ছন্দ্য এবং পরমন্দ খুঁজে হয়। **মকর রাশিঃ**সংসারে শান্তি হতে পারে আজ থেকে। শুভ দিন। **কুম্ভ রাশিঃ**আপনার ভয়ের প্রতিকার করার জন্য এটি উপযুক্ত সময়। আপনার অবশ্যই উপলব্ধি **মীন রাশিঃ**আপনি আপনার শারীরিক মনোবল বজায় রাখার জন্য খেলাধুলায় আপনার সময় ব্যয় করুন। ব্যবসায়ীদের আজ তাদের বাণিজ্যের ক্ষতি হতে পারে। এছাড়াও, আপনার

আলোই ঈশ্বরের প্রতিবিম্ব
# দুরন্ত বার্তা
২৯ বর্ষ, দৈনিক ৩৬ সংখ্যা, শুক্রবার, ১৯ পৌষ ১৪৩০

# অধ্যাপক ওটেন শারীরিক নিগ্রহ তদন্ত কমিটি রিপোর্টে দোষী অপ্রমাণিত হয়ে থাকলো


## মোদির নজর মহিলা ভোট

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি মহিলা ভোটের ওপরে বেশি করে জোর দিতে শুরু করে দিয়েছেন। তিনি এবারে পরিবার পেনশনে কারোর স্ত্রী পরলোকপ্রাপ্ত হলে তাঁর স্বামী পেনশন পেতেন। কিন্তু এখন থেকে স্ত্রী মৃত্যু হলে তাঁর সন্তানরাও পেনশন পাবে। কোনও ডিভোর্সী মহিলা যদি পেনশন তাঁর সন্তানদের দিতে চান তাহলে তিনি তা করতে পারেন। তার ফলে এবারে পরিবার পেনশন সবার অংশে থাকছে। এর ফলে বিজেপি সরকার এখন মহিলা উন্নয়নের দিকে ঝুঁকতে শুরু করে দিয়েছে। যাতে মহিলাদের দুঃখ দুর্দশা দূর করার দিকে লক্ষ রেখে চলতে শুরু করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। এদিকে ইপিএফ পেন বৃদ্ধি করা দিকে বিজেপি সরকার নজর দিতে শুরু করেছে। এতকাল ধরে ইপিএফ পেনশন পাচ্ছিল ন্যূনতম এক হাজার টাকা করে। ২০১৪ সালে শেষবার পেনশন বৃদ্ধি করা হয়েছিল। এবারে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে এক হাজার টাকা করে পেনশনের ক্ষেত্রে আরও বেশি কিছু বাড়াতে হবে। এক হাজার টাকা দিয়ে এখন আর কোনও কিছুই করা একেবারে অসম্ভব। ইপিএফ এর প্রায় ৩৪ লক্ষ কর্মচারি এই পেনশন লাভ করে থাকে। বর্তমান বাজার দর অনুসারে এই পেনশন বৃদ্ধি করার কথা ভাবতে শুরু করে দিয়েছে বিজেপি দলের নেতারা। এদিকে উত্তর ভারতের পর দক্ষিণ ভারতের দিকে নজর দিতে শুরু করে দিয়েছে বিজেপি দলের নেতারা। প্রধানমন্ত্রী এবারে দক্ষিণ ভারতের তামিলনাড়ু, লক্ষদ্বীপ এবং কেরলে দুইদিন সফর করলেন। তিরুচিরাপল্লিতে পৌঁছে প্রধানমন্ত্রী ভারতীদাসান বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন অনুষ্ঠানে যোগদান করার পরে উদ্বোধন করলেন ১১০০ কোটি টাকার তিরুচিরাপল্লির আন্তর্জাতিক বিমান বন্দর প্রকল্পের। সব মিলিয়ে তিনি ১৯,৮৫০ কোটি টাকার প্রকল্পের শিলান্যাস করেছেন প্রধানমন্ত্রী তামিলনাড়ুতে। লক্ষদ্বীপে তিনি ১১৫০ কোটি টাকার উন্নয়ন প্রকল্পের কথা বলেন। দক্ষিণ ভারতে যে বিজেপি কাছে দুয়োরানি নয় সেকথা বলতে গিয়ে প্রধানমন্ত্রী বলেছেন যে গত এক বছরে তামিলনাড়ুতে ৪০ জনের বেশি কেন্দ্রীয় মন্ত্রী এসেছেন। সব মিলিয়ে চারশো পার এই রাজ্যে সফর করে গিয়েছেন। তামিলনাড়ু দেশের উন্নয়ন হবে বলে তিনি আশা প্রকাশ করেছেন। দক্ষিণ ভারতের উন্নয়নের দিকে কেন্দ্রীয় সরকার লক্ষ্য রাখতে শুরু করেছে। এদিকে প্রধানমন্ত্রী বারবার একটি কথা বলতে শুরু করে দিয়েছেন ভারতের সব মহিলাদের সুযোগ সুবিধা তৈরি করে দিতে হবে। মহিলা যাতে নিরাপদে বসবাস করতে পারে এবং তারা যাতে বাজার দরে পণ্য পেতে পারে, সংসার চালাতে যাতে কোনও রকম অসুবিধা না হয় এবং মহিলা ভাতা দেওয়ার কথাও ভাবা হচ্ছে। মহিলারা যত বেশি সুরক্ষিত থাকতে ততই ভারত মহান হওয়ার পথ করে এগিয়ে চলতে শুরু করবে। কেরল গিয়ে প্রধানমন্ত্রী পরিস্কার করে বলে দিয়েছেন যে নারী শক্তিকে আর মজবুত করতে বিজেপি সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে। মোদির কথা শুনে মনে করা যেতে পারে যে এবারে বাজেটে বিজেপি মহিলাদের ওপরে বেশি করে নজর দেবে। মহিলাদের সুযোগ সুবিধা তৈরি করে দেওয়ার পথ রচনা করবে বিজেপি সরকার। কেরলে বিজেপি দলের কোনও শক্তি নেই। সেই কারণে বিজেপি দল কেরলে মহিলা শক্তি ওপরে বেশি করে জোর দিতে শুরু করে দিয়েছে। মহিলা ভোট নিয়ে বিজেপি দল কেরলে মাথা তুলে দাঁড়ানোর চেষ্টা করছে বলে জানতে পারা গিয়েছে। প্রধানমন্ত্রী বলেছেন যে মহিলা সংরক্ষণ বিল আগেই আসার কথা ছিল। কিন্তু বারবার বিরোধিতার ফলে মহিলা সংরক্ষণ বিল পাশ করা একেবারে অসম্ভব পরিণত হতে থাকে। এই বিল আইনে পরিণত হয়েছে। কেরলে এবারে বিজেপি দল স্বীকৃতি লাভ করবে। তার প্রধান কারণ হল বিজেপি দল উন্নয়নের পক্ষে রয়েছে। কেরলও দেশের উন্নয়ন চায়। জোট ইন্ডিয়া এবারে উন্নয়নকে বন্ধ করতে প্রস্তুতি গ্রহণ করতে শুরু করে দিয়েছে। কেরলে জোট ইন্ডিয়া কোনও প্রভাব বিস্তার করতে পারছে না। জোট ইন্ডিয়া তৈরি করার লক্ষ্যই হচ্ছে দেশের অগ্রগতিকে স্তব্ধ করে দেওয়া। মহিলা উন্নয়নকে সামনে রেখে এবারে কেরলে বিজেপি দল ইনিংস শুরু করবে। উত্তর ভারতের প্রধানমন্ত্রী মোদি মহিলাদের ব্যাপারে সংরক্ষণ করা ওপরে বেশি করে জোর দিয়েছেন। মহিলা যাতে সরকারি সাহায্য এবং চাকরি পেতে পারে তার দিকে লক্ষ্য রাখতে শুরু করেছেন। উত্তর ভারতে মহিলারা হচ্ছে বিজেপি দলের পকেট ভোট। উত্তর ভারত দিয়ে বিজেপি এবার সারা ভারত জুড়ে নির্বাচনী হাওয়া তুলতে শুরু করে দিয়েছে। রামমন্দিরে এবারে মহিলদের দর্শন করা ব্যাপার আগ্রাধিকার দেওয়া হচ্ছে। তারা যাতে পুজো দেওয়ার সময়ে বা আরাধনা করার সময়ে কোনও অসুবিধায় না পড়ে তার দিকে খেয়াল রাখতে শুরু করেছে প্রশাসন। অযোধ্যা মহিলাদের জন্য সংরক্ষিত

**রবীন্দ্র কুমার শীল**

**(পূর্ব প্রকাশের পর)**

অধ্যক্ষ সব শুনে বেলা তিনটের সময়ে অভিযোগ জমা দিতে বলে দিলেন। সেইদিনই দুপুরে ওটেন ক্লাস শেষ করে নোটিশ বোর্ডে ক্রিকেট খেলার বিজ্ঞপ্তি লাগাচ্ছিলেন। তখন তাঁকে পিছন থেকে এসে আঘাত করে ছাত্ররা তাকে লাথি ঘুঁষি মেরে পালিয়ে যায় বেকার ল্যাবটারির দিকে। অধ্যাপক গিলক্রিস্ট প্রত্যক্ষ দেখলেও তিনি ওটেনকে উদ্ধার করতে আসেননি। এই ঘটনার সঙ্গে কারা জড়িত ছিল তা খুঁজতে গিয়ে তিনজনের নাম উঠে আসে। একজন হলেন দর্শন বিভাগের ৬ ষ্ঠ বর্ষের ছাত্র অনঙ্গমোহন দাম। আর একজন ঈশান স্কলারশিপ প্রাপ্ত ছাত্র বিপিন চন্দ্র দে। গুজব ছড়িয়ে পড়ে যে বিপিন দে ওটেনকে প্রথমে আঘাত করেছিল। অপরটি ছিল ছাত্র সুভাষ চন্দ্র বোস। অধ্যাপক ওটেন নিগ্রহের ঘটনাটি সুভাষ চন্দ্র বোস তাঁর আত্মজীবনীতে লিখে গিয়েছেন। তাঁর বক্তব্য, গুজব ছিড়িয়ে পড়েছিল যে অধ্যাপক ওটেনকে পিছন থেকে আঘাত করা হয়েছিল এবং সিঁড়ি থেকে ফেলে দেওয়া হয়েছিল তা সত্য নয়। অধ্যাপক ওটেন পিছন থেকে সামান্য আঘাত পেয়েছিলেন। যাদের আঘাতে তিনি পড়ে গিয়েছিলেন তারা সকলেই তাঁর সামনে দাঁড়িয়েছিল। প্রেসিডেন্সি কলেজের অধ্যাপক ওটেনকে শারীরিক নিগ্রহের দোষী প্রমাণ করতে পারলো না যে কে প্রকৃত আক্রমণকারী। আসল ঘটনা কি হয়েছিল তা কিন্তু সবার কাছে অজানাই থেকে গেল। কারোর বর্ণনার সঙ্গে ঘটনার কোনও মিল খুঁজে পাওয়া যাচ্ছিল না। অধ্যক্ষ আক্রমণকারীকে শনাক্ত করতে একটি তদন্ত কমিটি গঠন করলেন ১৬ জানুয়ারি ১৯১৬ সালে। এই তদন্ত কমিটির কাছে সম্ভাব্য একটি অপরাধী ছাত্রদের একটি নামের তালিকা ছিল যার মধ্যে সুভাষের নাম ছিল। তালিকা ধরে অধ্যক্ষ তদন্ত করতে শুরু করে দিয়েছিলেন। প্রত্যক্ষদর্শী হিসাবে 'বংশীলাল' নামে একজন বেয়ারা সাক্ষ্য নেওয়া হয়েছিল। সে গোপনে আক্রমণকারী হিসাবে অনঙ্গমোহন এবং সুভাষের নাম করে। অধ্যক্ষ সঙ্গে সঙ্গে দুইজনকে কলেজ থেকে বহিস্কার করেন এবং সুভাষর প্রতি কঠিন ভাষা ব্যবহার করেছিলেন। Bose, you are the most troublesome man in the college, I ssuspend you হেমেন্দ্রনাথ দাস তাঁর সুভাষচন্দ্র বইতে উল্লেখ করলেন যে লিখেছেন যে কলেজ থেকে সুভাষকে বহিস্কারের প্রস্তাবে লেখা হয়েছিল-''''। কমলাভূষণকে মৃদু শাস্তি দেওয়া হয়েছিল। কারণ অধ্যক্ষ মনে করেছিলেন কমলাভূষণ যে অভিযোগ করেছিল তা অতিরঞ্জিত। আসলে ওটেনকে সম্মানকে রক্ষা করতেই কলেজে অধ্যক্ষ অত্যন্ত সজাগ ছিলেন। অধ্যক্ষ কমলাভূষণ সম্বন্ধে তাঁর রিপোর্টে লিখেছিলেন- "Resolved that Subhas Ch. Bose be expelled from the college for taking a leading part in the assult on Mr. Oaten"। তারপরে অধ্যক্ষ স্টুডেন্টস কনসালটেটিভ কমিটি ভেঙে দেন। ১৭ জানুয়ারি অধ্যক্ষ তাঁর উর্দ্ধতন কর্তৃপক্ষের কাছে তদন্তের রিপোর্ট পাঠিয়ে দিয়েছিলেন। ১৯ জানুয়ারি ১৯১৬ সালে কলেজ পরিচালন সমিতি অধ্যাপক ওটেন নিগ্রহের যে যে ব্যবস্থা নেওয়ার কথা বলেছিলেন তাকে কার্যকর করতে সীলমোহর দেওয়া হয়। কলেজ থেকে সুভাষ চন্দ্র বিতাড়নের পালা শেষ হয়ে যায়। তবে সুভাষকে একটি সুযোগ তৈরি করে দেওয়া হয়েছিল সে ইচ্ছা করলে অন্য কলেজে ভর্তি হতে পারে। তাঁর শিক্ষা গ্রহণ করা ক্ষেত্রে শিক্ষা দফতর বাধা হবে না সেটা স্পষ্ট করে বলে দেওয়া হয়েছিল। কিন্তু সঙ্গে সঙ্গে সুভাষ কলেজে ভর্তি হওয়ার কোনও সুযোগ গ্রহণ করতে পারেনি। তাঁকে এক বছর এর জন্য অপেক্ষা করে থাকতে হয়েছিল। ওটেন নিগ্রহের জন্য অধ্যক্ষ যে পদক্ষেপ গ্রহণ করেছিলেন তা অত্যন্ত কঠিন এবং ক্রোধের বশবর্তী হয়ে তিনি এই সিদ্ধান্ত গ্রহণ করেন। বুদ্ধিমত্তার সঙ্গে তিনি তদন্ত পরিচালনা করেননি বলেও প্রশ্ন উঠতে শুরু করে দিয়েছিল। কলেজের বিশৃঙ্খলার অজুহাতকে কেন্দ্র করে ছাত্রদের প্রতি অবিচার করা হয়েছিল বলে অনেকেই মনে করে থাকতে পারেন। অধ্যাপক ওটেন নিগ্রহের ঘটনার খবর শুধু মাত্র স্বদেশে মধ্যে সীমাবদ্ধ ছিল না বিলেতেও তা দিয়ে পৌঁছে গিয়েছিল। সেই সময়ে ব্রিটিশ পার্লামেন্টে এই ঘটনা নিয়ে প্রশ্ন উঠতে শুরু করে। সরকারি সমর্থক 'স্টেটসম্যান' ছাত্রদের বিরুদ্ধে মত প্রকাশ করতে শুরু করে। ছাত্রদের আচরণকে চরম বিশ্বাসঘাতক বলে প্রচার করতে শুরু করে দিয়েছিল। ছাত্রদের বিরদ্ধে কঠোর শাস্তি দেওয়ার পক্ষে ছিল এই ইংরজি দৈনিক সংবাদপত্রটি। তাদের ওটেনের ওপরে আক্রমণকে ডিসগ্রেসফুল এবং ছাত্রদের





আনরুলি বলে উল্লেখ করতে থাকে। তারা এই বক্তব্য প্রকাশ করেছিল যে অধাপক ওটেন যদি কাউকে রাগের বশে রাস্কেল বলে থাকে তাহলেও ছাত্রদের আচরণকে কোনও রকমভাবে সমর্থন করা যায় না। এই ইংরজি দৈনিক মত প্রকাশ করেছিল যে তদন্ত কমিটি তৈরি করে ছাত্রদের পরোক্ষভবে সমর্থন করা হয়েছিল। এদিকে সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় দ্বারা সম্পাদিত 'বেঙ্গলী' পত্রিকায় ছাত্রদের সমর্থন করতে শুরু করে এবং সম্পাদকীয়তে ছাত্রদের শাস্তিদানের নিন্দাও করা হয়েছিল। সুরেন্দ্রনাথ কাগজ 'বেঙ্গলী' ওটেনের হাতে কমলাভূষণের লাঞ্ছনার ঘটনাটি পূর্ণ প্রকাশ লাভ করে। পরবর্তীকলে জানতে পারা গিছিল যে ওটেন এবং আরও বেশ কয়েকজন অধ্যাপক সুরেন্দ্রনাথের সঙ্গে দেখা করে কলেজের ঘটনা সম্পর্কে অতিরঞ্জিত কোনো সংবাদ বা বলপ্রয়োগের সংবাদ প্রকাশ না করে তার জন্য অনুরোধ করা হয়েছিল। যদি পরে দেখতে পাওয়া গেল যে সুরেন্দ্রনাথ সেই অনুরোধ রক্ষা করেননি। প্রেসিডেন্সি কলেজে ঘটনায় রবীন্দ্রনাথ পর্যত বিচলিত হয়ে পড়েছিলেন। তিনি 'ছাত্রশাসন' নামে একটি প্রবন্ধ রচনা করে সবুজপত্রে প্রকাশ করেছিলেন। রবীন্দ্রনাথ সেই প্রবন্ধে লিখেছেন যে বিদেশি অধ্যাপকেরা এসেছে এসে শিক্ষকের ভূমিকা পালন করতে গিয়ে তারা যে রাজার জাত তার প্রমাণ দিতে বেশি সচেষ্ট ছিলেন। ছাত্রদের অধীনস্থ প্রজা হিসাবে দেখতে তারা অভ্যস্ত। অল্প কারণে তারা সংযম হারিয়ে ফেলতেন এবং ছাত্রদের সঙ্গে সুসম্পর্ক তৈরি করার কথা ভাবতেও পারতেন না। রবীন্দ্রনাথ লিখেছিলেন, তাদের জিভের ওপরে কোনও নিয়ন্ত্রণ না ছিল এমনকী মেজাজের ওপরে কোনো লাগাম ছিল না। এরপরে এই প্রবন্ধটি ইংরেজিতে 'মর্ডান রিভিউ'তে পত্রিকায় প্রকাশিত হয় ১৯১৬ সালের এপ্রিল মাসে। একটি কপি বাংলার ছোটলাট কারমাইকেল কাছে পাঠিয়ে দেওয়া হয়েছিল। গর্ভনর কলেজ এবং বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর হিসাবে পুরো ঘটনা সম্পর্কে পরিস্কার চিত্রটা জানতে পারবেন এবং কোনও সিদ্ধান্ত নেওয়ার আগে ছাত্রদের কথা বিবেচনা করতে পারবেন। কতখানি ভয়ঙ্কর অপমান জনক ব্যবহার করা হয়েছিল যার ফলে ছাত্ররা এই ধরনের আচরণ করতে বাধ্য হয় তা বোঝাতে রবীন্দ্রনাথ খোলাখুলি ভাবে এই প্রবন্ধটি রচনা করেছিলেন। এই সবের মধ্যেও বাংলা সরকার চুপ করে বসেছিল না। সন্দেহজনক ছাত্রদের ভারত রক্ষা আইনে ধরতে থাকে এবং অধ্যক্ষ জানান যে ১৮ ফেব্রুয়ারি ১৯১৬ সালে কলেজ বন্ধ থাকবে। পরে আবার ১১ মার্চ এক বিজ্ঞপ্তিতে সরকার জানায় কলেজের চলতি সেশান বন্ধ থাকবে। সমস্ত আবাসিকদের হোস্টেল ছেড়ে চলে যেতে বলা হয়েছিল। ২ মার্চ এক আদেশের বলে ইডেন হিন্দু হোস্টেল বন্ধ করে দেওয়া হয়। সরকারের কাছে হিন্দু হোস্টেল সমস্ত আন্দোলনের আঁতুড় ঘর বলে বিবেচিত হতে থাকে। ছাত্র আন্দোলন দমন করতে সরকার এই পদক্ষেপ গ্রহণ করেছিল। পরে জুলাই মাসে কলেজ ও হোস্টেল খুলে যায়। তারপরে শিক্ষা দফতর স্যার আশুতোষ মুখোপাধ্যায়ের অধীনে একটি তদন্ত কমিটি গঠন করেছিলেন ২০ ফেব্রুয়ারি ১৯১৬ সালে ছয়জন বিশিষ্ট সদস্যদের নিয়ে। প্রেসিডেন্সি কলেজে অধ্যক্ষ এই কমিটির সদস্য ছিলেন। কিন্তু অধ্যক্ষের সাথে কোনও আলোচনা না করেই এক তরফা সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে বলে নিজেকে অপমনিত বোধ করতে শুরু করে দিয়েছিলেন। যার ফলে অধ্যক্ষ তদন্ত কমিটির সদস্য হতে অসম্মতি দান করেন। তিনি স্যার আশুতোষের অন্তর্ভুক্তিকে গ্রহণ করে নিতে পারেননি। তিনি শিক্ষা বিভাগের অধিকর্তা মি. পি. সি. লায়নের সঙ্গে দেখা করেন এবং তাঁর সঙ্গে বদানুবাদে জড়িয়ে পড়েন যা সকল শিষ্ঠাচার বিরোধী ছিল। সরকার তদন্ত কমিটির সদস্য পদ থেকে তাঁর পদত্যাগে গ্রহণ করে এবং তাঁর স্থানে অধ্যাপক পিককে নিযুক্ত করা হল। সরকার এধ্যক্ষের এই উদ্ধত আচরণকে একেবারেই মেনে নিতে পারেনি। ২৪ ফেব্রুয়ারি প্রেসিডেন্সি কলেজ থেকে অধ্যক্ষের পদ থেকে অপসারিত করা হয়েছিল এবং তাঁকে প্রেসিডেন্সি বিভাগের বিদ্যালয়ের পরিদর্শক হিসাবে নিযুক্ত করা হয়। এবারে প্রেসিডেন্সি কলেজের অধ্যক্ষ হয়ে এলেন মিস্টার ওয়ার্ডওয়ার্থ। অপমানিত মিস্টার জেমস ছুটির জন্য দরখাস্ত করলেন তার সাথে সাথে অবসর গ্রহণ করার প্রস্তুতি শুরু করে দিয়েছিলেন। কিন্তু নিয়ম অনুসারে যতক্ষণ না পর্যন্ত তাঁর বিরুদ্ধে গৃহীত বরখাস্তের আদেশ প্রত্যাহৃত না হচ্ছে ততক্ষণ পর্যন্ত তিনি কোনো ছুট পাওয়ার অধিকারী নন এবং ফার্লো অধিকারও পেতে পারেন না। এর হাত থেকে রক্ষা পাওয়ার একমাত্র পথ ছিল নিঃশব্দে ক্ষমা চাওয়া। শেষ পর্যন্ত বিকল্প পথ খুঁজে বের না করতে পেরে মিস্টার জেমস ঘটনার জন্য দুঃখ প্রকাশ করে ক্ষমা চেয়েছিলেন। তারপরে কর্তৃপক্ষ ১১ মার্চ ১৯১৬ সালে তাঁর বিরুদ্ধে আনীত বরখাস্তের আদেশ প্রত্যাহার করে নেয় এবং শিক্ষা বিভাগ থেকে তাঁর পদত্যাগ পত্র গৃহীত হয়েছিল। এইভাবে ওটেন নিগ্রহের পরিপ্রেক্ষিতে অধ্যক্ষ জেমসের শিক্ষক জীবনের এক অগৌরব পরিসমাপ্তি ঘটল। ছাত্র আন্দেলনে যা যা সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন অধ্যক্ষ জেমস তাকে সমর্থন দিতে থাকে স্টেটসম্যান পত্রিকা। এমনকী সরকার কর্তৃক তদন্ত কমিটি তৈরি করা বিরোধিতা করতে শুরু করে দিয়েছিল স্টেটসম্যান পত্রিকা। এই পত্রিকার সমর্থনই জেমসের একমাত্র সান্ত্বনা যা তাঁকে অপমানের হাত থেকে রেহাই দিতে পেরেছিল। সুভাষচন্দ্র বোসের আত্মজীবনী থেকে জানতে পারা গিয়েছে যে তিনি অধ্যক্ষের এই অপমানজনক অপসারণকে মনে প্রাণে মেনে নিতে পারেননি। এই রকম চরম অপমানজনক পরিস্থিতি তৈরি হয়ে অধ্যক্ষকে কলেজ থেকে সরিয়ে নেওয়ার ব্যাপারে তাকে সহানুভূতির সঙ্গে উপলব্ধি করতে সক্ষম হয়েছিলেন। তিনি বলেছেন যে অধ্যক্ষ জেমস ছাত্রদের কাছে জনপ্রিয় ছিলেন। কিন্তু ওটেন সংক্রান্ত কোনও ব্যাপারে তিনি সঠিক সিদ্ধান্ত গ্রহণ করতে পারছিলেন না। এমন একটি পরিস্থিতি তৈরি হয়ে গিয়েছিল যে সেখান থেকে তিনি নিজেকে মুক্ত করতে পারছিলেন না। একদিকে ছাত্র সমাজ এবং অন্য দিকে ওটেন তাঁর অবস্থানকে ভয়ঙ্কর রকমের অস্তিত্বে ফেলে দিয়েছিল। তার ফলে তিনি সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন প্রেসিডেন্সি কাজে তিনি আর অধ্যক্ষ হিসাবে থাকতে চান না। সরকার ছাত্রদের উত্তেজিত করতে একেবারে রাজি ছিল না। তার ফলে অধ্যক্ষের ব্যাপারে সরকার বাধ্য হয়ে এই রকম সিদ্ধান্ত গ্রহণ করে।

## চিনের প্রতি আস্থা নেই

ভারতের প্রধানমন্ত্রীর মোদি চেষ্টা করেছিলেন চিনের সঙ্গে সখ্যতা বৃদ্ধি করতে। চিন এই সখ্যতাকে সামনে রেখে যেভাবে ভারতের ওপরে তাদের অধিকার ফলাতে শুরু করে দিয়েছে তা কবে মিটবে বলা খুবই মুশকিল। পাকিস্তান জঙ্গিদের সংখ্যা বৃদ্ধি করতে শুরু করে দিয়েছে। আগে নেপালের সঙ্গে ভারতের এত মত বিরোধ ছিল না। চিনের উস্কানিতে এবারে সেটা বেশ কয়েকগুণ বৃদ্ধি পেয়েছে। যেভাবে নেপাল ভারত সীমান্ত এলাকার বেশ কিছু অংশ নেপাল তাদের বলে দাবি করতে শুরু করে দিয়েছে। ফলে আগামি দিনে নেপালের সঙ্গে ভারত সংঘর্ষ হওয়ার সম্ভাবনা রয়েছে। এদিকে বাংলাদেশকে চিন ভারতের বিরুদ্ধে উস্কে দেওয়ার চেষ্টা করছে। এখন যদি আমেরিকা ভারতকে আর্থিক, যুদ্ধাস্ত্র দিয়ে সাহায্য না করে তাহলে যে কোনও সময়ে ভারতের অবস্থা কাহিল হয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে। আমেরিকা এবং রাশিয়া ছাড়া ভারতের আর কোনও গতি নেই। এদিকে জাপান যদি এ ব্যাপারে লিপ্ত হতে চাইছে না। কিন্তু ভারত আক্রান্ত হলে জাপান চুপ করে বসে থাকবে না সেটা স্পষ্ট। কোরিয়া কিম কী করবে জানা নেই। তারা সম্ভবত চিনের দিকে ঝুঁকে থাকবেন। রাশিয়া কোনও পক্ষে নেই বলে সাফাই গাইতে থাকবে। পুতিন কারোর পক্ষ অবলম্বন করবে না বলে জানতে পারা গিয়েছে। ভারতকে চারদিক দিয়ে ঘিরে রেখে দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করেছে চিন। সেই চিনকে এখন জব্দ করতে পারে ইউরোপ। কিন্তু গোটা ইউরোপের যা অবস্থা সেই অবস্থায় এখন কোনও সিদ্ধান্ত গ্রহণ করতে পারছে না কেউই। চিনের বর্তমান আর্থিক অবস্থা ক্রমশ পড়তির দিকে এগিয়ে চলতে শুরু করে দিয়েছে। গোটা ইউরোপ আমেরিকা এবং এশিয়ার বেশ কয়েকটি দেশ চিনা পণ্য বয়কট করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। ফলে আগামি দিনে চিনকে বাজার রক্ষা করতে গেলে কূটনৈতিক সম্পর্ক ভালো করতে হবে। না হলে চিন আন্তর্জাতিক বাজার থেকে একেবারে সরে যাবে। আর মাথা তুলে দাঁড়াতে পারবে না। চিন সেই ভয়টা পেতে শুরু করে দিয়েছে। চিন পণ্য বয়কট আন্দোলন এখন আন্তর্জাতিক স্তরে ছড়িয়ে যেতে শুরু করে দিয়েছে। চিন এখন সব দেশকে আর্থিক সাহায্য দিয়ে তাদেরকে কব্জা করতে শুরু করে দিয়েছে। চিনের ফাঁদে পা দিয়েছে বাংলাদেশ সরকার। আগামি দিনে বাংলাদেশ ভারত বিরোধী স্লোগান দিতে শুরু করে দিতে পারে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা যতদিন রয়েছেন ক্ষমতায় ততদিন ভারতকে চিন্তা করতে হবে না বাংলাদেশ নিয়ে। কিন্তু শেখ হাসিনা চলে যাওয়ার পর ভারতের অবস্থা বাংলাদেশের কাছে কী রকম হতে সেটা বলা এখন একেবারে অসম্ভব। শেখ হাসিনা প্রধানমন্ত্রী হওয়ার আগে বাংলাদেশ সঙ্গে ভারতের অবস্থা স্বাভাবিক ছিল না। প্রায় সময়ে সীমান্ত ঝামেলা লেগে থাকতো।

## শ্রীশ্রী অনুকূল ঠাকুর



শ্রীশ্রী অনুকূল ঠাকুর বলতেন, শক্তি থেকেই সেই অভয় শক্তি আসে। সেই শক্তির কোনদিন ক্ষয় হয় না। এই শক্তি হচ্ছে সর্বজয়ী। যে কোনও স্থানে এই শক্তিকে প্রয়োগ করা সম্ভব হবে। মায়ের শক্তির ওপরে নির্ভর করে জাগতিক নিয়ম কানুন চলে। বেদ বেদান্ত সব কিছুই ভরসা করে রয়েছে মায়ের শক্তির ওপরে। প্রকৃত মাতৃশক্তির সংজ্ঞাকে বুঝতে হবে। পড়তে হবে। তার থেকে জ্ঞান আহরণ করতে হবে। নিজেকে নিষ্ঠাবানে পরিণত

## রাম মন্দির অবলমম্বন করেই লোকসভা পার হবে বিজেপি

এবারে রামমন্দিরকে সামনে রেখেই বিজেপি লোকসভার বৈতরনি পার হয় চায় সেটা পরিস্কার হয়ে গিয়েছে। রাম মন্দিরকে ঘিরে একটি ধর্মীয় আলোড়ন সৃষ্টি করতে বিজেপি দল উদগ্রীব। মন্দির উদ্বোধনের পরই বিজেপি দল সিদ্ধান্ত গ্রহণ করেছে যে আগামী ২৫ জানুয়ারি থেকে ২৫ মার্চ পর্যন্ত দেশের প্রতিটি ব্লক থেকে বিজেপি কর্মীরা অযোধ্যা দর্শনে যাবে। তারা মন্দির দর্শন করে ফিরে গিয়ে অযোধ্যার দর্শনের বর্ণনা এবং অযোধ্যায় মন্দির তৈরি ইতিহাস এবং বিজেপি দলের অবদানের বিষয়টি এলাকায় গিয়ে প্রচার করবে। রামমন্দিরকে ঘিরে হিন্দুত্বের জনজোয়ার তৈরি করা জন্য বিজেপি দলের সমস্ত স্তরের নেতারা প্রস্তুতি গ্রহণ করতে শুরু করে দিয়েছেন। রাম মন্দিরে রামলালা প্রতিষ্ঠার পরে তা নিয়ে প্রচার কীভাবে চালানো হবে সেটা ঠিক করতে বৈঠকে বসেন বিজেপি দলের সভাপতি জেপি নড্ডা সহ দলের অন্যান্য নেতারা। ঠিক হয়েছে ২২ জানুয়ারি রামলালা প্রাণপ্রতিষ্ঠার রাতে গোটা দেশ জুড়ে অকাল দেওয়ালি পালন করা হবে। ইতিমধ্যেই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দেশজুড়ে প্রত্যেকে রামজ্যোতি জ্বালানোর অনুরোধ করেছেন। আর তাকে নিশ্চিত করে গলি মহল্লা জুড়ে ঘুরে ঘুরে প্রচার চালানোর সিদ্ধান্ত গ্রহণ করা হয়ছে। দলের লক্ষ্য হচ্ছে রাম আবেগকে নিয়ে গোটা দেশকে এক সূত্রে বাঁধা। পরবর্তী ধাপে বিজেপি দল ২৫ জানুয়ারি থেকে ২৫ মার্চ পর্যন্ত বিজেপি দল বুথ পর্যায়ে যে সব কর্মীরা রয়েছে তারা রাম মন্দির দর্শন করবে। প্রতি দিন ৫০ হাজার বুথ কর্মীরা যাতে মন্দির দর্শন করতে পারে সেই লক্ষ্য নিয়ে দল এগিয়ে চলতে শুরু করে দিয়েছে। তবে বুথ কর্মীদের নিজেদের খরচে অযোধ্যায় আসতে হবে বলে জানতে পারা গিয়েছে। বুথ কর্মীদের রাললালা প্রাণ প্রতিষ্ঠা, রাম মন্দির প্রতিষ্ঠার কারণ, গেরুয়া কর্মীদের আত্মত্যাগের বিষয়টি নিয়ে বিস্তারিত ভাবে বোঝানো হবে। তারপরে সেই বুথ কর্মীরা এড়াকায় ফিরে গিয়ে এই বিষয়গুলিকে সবার সমানে তুলে ধরবে। সদ্য হয়ে যাওয়া বিধানসভার নির্বাচনে প্রচারে বিজেপি দল জিতলে রাজ্যবাসীদের নিখরচায় কীভাবে অযোধ্যায় দর্শনে নিয়ে যাবে তা নিয়ে এক প্রস্ত আলোচনা হয়ে গিয়েছে। লোকসভার ভোটের আগে ওই তিন রাজ্যের বাসিন্দাদের কাছে কীভাবে এই প্রতিশ্রুতি রক্ষা করা যেতে পারে প্রাথমিকভবে তা আলোচনা করা হয়েছে। দেশের প্রত্যন্ত অঞ্চল থেকে ভক্তরা যাতে রাম মন্দির দর্শন করতে কোনও অসুবিধা নয় তার জন্য রেলের সংখ্যা বৃদ্ধি করা হয়েছে। রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব বলেছেন দেশের অন্তত ৪৩০টি কেন্দ্র থেকে বিজেপি কর্মী এবং আম জনতা যাতে অযোধ্যায় নির্বিঘ্নে যেতে পারে তা নিশ্চিত করা উচিত। রেল সূত্র থেকে জানতে পারা গিয়েছে অযোধ্যামুখী ভিড়ের কথা মাথায় রেখে রেলের সংখ্যা বৃদ্ধি করা হয়েছে। একশো দিনে প্রায় হাজার খানেক রেল চলাচল করতে থাকবে। এবারে বিজেপি দল লোকসভা নির্বাচন চারশো পার করার দিকে পদক্ষেপ গ্রহণ করতে শুরু করে দিয়েছে। এর জন্য প্রস্তুতি গ্রহণ করা হয়েছে বলে জানতে পারা গিয়েছে। চারশো আসনের কথা মাথায় রেখে এবারে শ্লোগান তৈরি করা হয়েছে যে 'তিসরি বার মোদি সরকার, অব কি বার চারশো পার'। যার অর্থ গিয়ে দাঁড়ালো যে 'তৃতীয় বার মোদি সরকার, এবার চারশো পার'। কয়েক মাস পরেই লোকসভার নির্বাচন। তাই নতুন বছর শুরু হতেই লোকসভার নির্বাচনকে মাথায় রেখে নিজেদের রণকৌশল ঠিক করতে বৈঠকে বসেছিলেন বিজেপি দলের সভাপতি জেপি নড্ডা। বৈঠকে উপস্থিত ছিলেন ভূপেন্দ্র যাদব, অশ্বিনী বৈষ্ণব, হেমন্ত বিশ্বশর্মা, তরুণ চুঘের মতো নেতারা। এবারের বৈঠকে চারশো লক্ষ্য মাত্রা নিয়ে বিজেপি দল এগিয়ে চলার সিদ্ধান্ত গ্রহণ করেছে। তার জন্য দলের মূল শ্লোগান তৈরি করা হয়েছে পাশাপাশি দলের মধ্যে যাতে বেনোজল না ঢুকে পরে তার জন্য একটি স্ক্রিনি কমিটি তৈরি করা হয়েছে। ভোটের আগে অন্য দল থেকে আসাছে


## পশ্চিমবঙ্গে বিজেপি কেন শক্তি বৃদ্ধি করতে পারছে না ?

পশ্চিমবঙ্গে বিজেপি তার সাংগঠনিক শক্তি বৃদ্ধি করতে পারছে না তার একটি মাত্র কারণ হচ্ছে এখানকার বাসিন্দারা ধর্মনিরপেক্ষ। ধর্ম নিয়ে বেশি মাতামাতি করতে ইচ্ছুক নয়। এই সূত্র ধরে এগোতে হবে বিজেপি দলকে। ধর্মকে বাদ দিয়ে যদি সাধারণ মানুষের কাছে তাদের কথা বলতে পারে তাহলে পশ্চিমবঙ্গে বিজেপি মাথা তুলে দাঁড়াতে পারবে। তৃণমূল কংগ্রেস, কংগ্রেস এবং বাম দল তা করতে পেরেছিল বলে তারা এখনও বাংলায় টিঁকে রয়েছে। বাম দল অত্যন্ত শক্তিশালী দল। তারা গ্রামাঞ্চলে এখনও বিরাজ করছে। ক্ষমতায় বহু বছর ধরে নেই। তবুও সিপিএম দল থেকে শুর করে যে কয়েকটি বাম দল বাংলায় রয়েছে তারা প্রত্যেকেই যথেষ্ট শক্তিশালী। বাম দলের মতো বিজেপি দল বাংলায় শক্তি অর্জন করতে পারেনি। তার একটি মাত্র কারণ হচ্ছে বিজেপি দলের ওপরে বাংলার অধিকাংশ মানুষের আস্থা নেই। শহরের মধ্যে বিজেপি টিঁকে রয়েছে। কিন্তু গ্রামাঞ্চলে বিজেপি দল তাদের রাজনৈতিক চিন্তাধারার শ্রীবৃদ্ধি করতে পারছে না। গ্রামা বাংলায় হিন্দু মুসলমানের কোনও বিভেদ নেই। সবাই সেখানে সমান। কলকাতায় বহু স্থানে জাতি দাঙ্গা হলেও গ্রাম বাংলায় জাতি দাঙ্গা সৃষ্টি হওয়া খুবই মুশকিল। তার একটি মাত্র কারণ সেখানে হিন্দু মুসলমান পরিবার একের অপরের ওপরে নির্ভরশীল যা ভারতের অন্য রাজ্যে দেখতে পাওয়া যায় না। বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলনে রবীন্দ্রনাথ ঠাকুর হিন্দু এবং মুসলমানকে এক করতে পেরেছিলেন বলেই বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলন সারা বাংলা জুড়ে তীব্র থেকে তীব্রতর করা সম্ভব হয়েছিল। ১৯০৫ সালে বাগবাজারের বসু বাড়িতে এসে উপস্থিত হয়েছিল হিন্দু মুসলমান উভয় সম্প্রদায়ের লোকেরা। তারা সেখানে রাখি উৎসব পালন করে এবং খাওয়া দাওয়া এক সঙ্গে করে কোলাকুলি করে শপথ গ্রহণ করেছিল যে বাংলাকে ভাগ হতে দেবে না। সেই দিকে লক্ষ্য রাখতে হবে বিজেপি দলকে। কংগ্রেস, তৃণমূল কংগ্রেস এবং বাম দলের লক্ষ্য হচ্ছে হিন্দু মুসলিম ঐক্যস্থাপন করার পাশাপাশি অন্য ধর্মের মানুষদের পাশে গিয়ে দাঁড়ানো যা বিজেপি দলের নেতারা করতে পারছে না। আজকে বিজেপি গায়ে ধর্মীয়করণ ছাপ লেগে গিয়েছে। সেই ছাপকে একেবারে মুছে ফেলা খুবই কঠিন। সেই কারণে বিজেপি দল বাংলার কোনও কোনও স্থানে রাজনৈতিক প্রভাব বিস্তার করতে পারলেও সর্বস্তরে বিস্তার করতে সক্ষম হচ্ছে না। তার ওপরে বিজেপি দল আবার রক্ষণশীল দল। এই রক্ষণশীলতা বিজেপি দলকে অন্য দলের থেকে একেবারে ভিন্ন স্তরে গিয়ে পৌঁছাতে শুরু করেছে। কংগ্রেস, বাম এবং তৃণমূল কংগ্রেস দলে সবার ঠাঁই রয়েছে। কিন্তু বিজেপি দলে সহজে কেউ প্রবেশ করতে পারে না। সহজে নেতা হয়ে ওঠা একেবারে অসম্ভব। অন্য দলের নেতারা যদি বিজেপিকে প্রবেশ করে তাহলে তার কাজের ওপরে তীক্ষন নজর রাখে এবং তার গতিবিধির ওপরে লক্ষ্য রাখে। যদি সেই নেতা বিজেপি দলের স্বার্থকে বজায় রেখে রাজনীতি করতে পারে তাহলে তার ওপরে আস্থা ক্রমশ বাড়তে থাকে না হলে তাকে কোনঠাসা করে রেখে দেওয়া হয়। বিজেপি দলে থাকলে গেল কেন্দ্রীয় সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। স্বাধীন সিদ্ধান্ত সেখানে রাখা একবারে অসম্ভব। বলা যেতে পারে বিজেপি দল খুবই নিয়মনীতি মেনে চলে যা অন্য দলের রাজনীতি নীতি অনেক খানি উদার। উদার রাজনীতি প্রদর্শন করতে পারে বলেই কংগ্রেস, তৃণমূল কংগ্রেস এবং বাম দল বাংলায় শক্তিশালী।

বিজেপি দল যদিও বাংলায় বিরোধী দল হিসাবে তকমা লাভ করেছে। এবারে লোকসভার নির্বাচনে বাংলা থেকে বিজেপি কতগুলি আসন লাভ করতে তা অবশ্য বলতে পারছে না। তবে কেন্দ্রীয় বিজেপি দলের নেতারা বাংলার ওপরে ভরসা করে কোন রকম ভাবে এগিয়ে চলত নারাজ। তাঁরা বেশি করে হিন্দিভাষী অঞ্চলের ওপরে জোর দিয়েছে যার ফলে বাংলায় নজর নেই।

## হেরিটেজ ঃ কলকাতার অতি প্রাচীন যানবাহন

কলকাতার প্রাচীন যানবাহন বলতে গেলে বলা যেতে পারে পালকির কথা। আগে কলকাতায় পালকি করে লোকেরা যাতায়াত করতো। তার আগে ছিল গোরুর গাড়ি। তাতে করেই কলকাতা লোকেরা এক স্থান থেকে আর এক স্থানে যেত। আর বড় লোকেরা পালকি করে যেত। তারপরে গোরু গাড়ি কলকাতায় পণ্য পরিবহনের যান হিসাবে ব্যবহার হতে শুরু করে যখন



শহরে পরিণত হয়। কলকাতা শহর তৈরি হয়েছিল উত্তরে। উত্তর থেকে শুরু করে মধ্য কলিকাতায় তখন শহর তৈরি হতে শুরু করে। তারপরে দক্ষিণ কলিকাতা গড়ে ওঠে ছিল। তখন পালকি করেই লোকেরা এক স্থান থেকে আর এক স্থানে যাতায়াত করতো। সাহেবরা কলকাতায় এসে ঘোড়া গাড়ি তৈরি করলো এবং ঘোড়ায় চলে তখন এক স্থান থেকে আর স্থানে যাতায়াত করতো। লর্ড কার্জন আবার রিক্সা ব্যবহার করতেন। তাঁর রিক্সাটি এখনও রাজভবনে রয়েছে। ঘোড়া গাড়িওটাও দেখতে পাওয়া যায় রাজভবনে। লর্ড ক্লাইভ ঘোড়ায় চড়ে কলকাতা ঘুরতে বের হতেন। তারপরে এসে উপস্থিত হল ঘোড়ায় টানা ট্রাম। এই সব ট্রাম

## চিঠিপত্র ঃ চিন ভারত সম্পর্ক

চিন সব সময়ে বারতকে কোনঠাসা করে দেওয়ার চেষ্টা করতে শুরু করে দিয়েছে। চিনা কমিউনিস্ট পার্টি এখন চষ্ট করচে বারতের মধ্যে তাদের রাজনৈতিক প্রভাব বিস্তার করতে। ভারতের রাজনৈতিক দলের নেতারা দেশের প্রশাসন ব্যবস্থায় অংশ গ্রহণ করে থাকে। ভারতীয় সেনারা প্রশাসন ব্যবস্থায় মাথা গলায় না। এখানেই চিনের সঙ্গে ভারতের রাজনৈতিক চিন্তাধারার মিল। ভারত এই মুহুর্তে চাইছে যে পাকিস্তান সন্ত্রাসবাদীদের রাজনৈতিক আশ্রয় দেওয়া একেবারে বন্ধ করে দিক। সন্ত্রাসবাদীদের রাজনৈতিক আশ্রয় দেওয়ার ফলে ভারত, পাকিস্তান এবং চিনতে বহু ক্ষতিপূরণ দিতে হচ্ছে। চিনের মধ্যে এখন সন্ত্রাসবাদীরা মাথা চাড়া দিয়ে উঠতে শুরু করে দিয়েছে। সেই সব সন্ত্রাসবাদীদের দমন করতে চিন সরকার বরাবরই চেষ্টা চালিয়ে যাচ্ছে বটে। এদিকে হংকংয়ের পরিস্থিতি খুবই খারাপ হওয়ার দিকে এগিয়ে রয়েছে। সেখানে সেনা এবং পুলিশ দিয়ে প্রশাসন চালাতে হচ্ছে চিন সরকারকে। বহু হংকং তরুণদের ধরে কারাগারে পোড়া হয়েছে। হংকং এর গণতান্ত্রিক আন্দোলনের ওপরে বড় ধরনের আঘাত করার কথা ভাবছেন চিনের চেয়ারম্যান শিং চিনফি। তিনি তিব্বতকে ঠাণ্ডা রাখতে সেখানকার তরুণদের বাধ্য করাচ্ছেন চিনা সেনা দলে নাম লেখাতে। চিন কমিউনিসচ সরকার এখন এইভাবে নিজেদের বাঁচাতে চেষ্টা চালিয়ে যাচ্ছে।
লালা রামনাথ, কলকাতা।

## ডিব্রুগড়-লালগড় এক্সপ্রেসের আগমন এবং প্রস্থানের সময় পরিবর্তন

গোরখপুর, ৪ জানুয়ারী ঃ ভ্রমণকারী জনসাধারণের সুবিধার্থে এবং অপারেশনাল স্বাচ্ছন্দ্যের জন্য, রেলওয়ে প্রশাসন লখনউ স্টেশনে ১৫৯০৯ ডিব্রুগড়-লালগড় এক্সপ্রেসের আগমন এবং প্রস্থানের সময় পরিবর্তন করেছে। ১৫৯০৯ ডিব্রুগড়-লালগড় এক্সপ্রেস, ০৪ জানুয়ারী, ২০২৪ থেকে ডিব্রুগড় থেকে চলমান, ০৫.১০ টায় লখনউ (উত্তর রেলওয়ে) স্টেশনে পৌঁছবে এবং পরিবর্তিত সময় অনুযায়ী ০৫.২০ টায় ছাড়বে। ভ্রমণকারী জনসাধারণের সুবিধার জন্য, রেলওয়ে প্রশাসন ০৩ জানুয়ারী, ২০২৪ থেকে সহরসা থেকে ১২২০৩ সহরসা-অমৃতসর গরীব রথ এক্সপ্রেস চালানোর সময়ে চলার সময় নিম্নলিখিত পরিবর্তনগুলি করেছে, চলার কথা মাথায় রেখে বন্দে ভারত ট্রেনের সময়-১২২০৩ সহরসা-অমৃতসর গরীব রথ এক্সপ্রেস, ০৪ জানুয়ারী, ২০২৪ থেকে সহরসা থেকে চালানো হচ্ছে।

## রেলওয়ে নিরাপত্তা পরিদর্শনে প্রধান কমিশনার পূর্ব-পশ্চিম মেট্রো

কলকাতা, ৪ জানুয়ারি ঃ শ্রী জনক কুমার গর্গ, রেলওয়ে নিরাপত্তার প্রধান কমিশনার আজ অর্থাৎ ০৪.০১.২০২৪ তারিখে মেট্রো রেল ভবনে সমস্ত চলমান মেট্রো প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা করেছেন। এই বৈঠকে শ্রী ভি.কে. শ্রীবাস্তব, প্রিন্সিপাল চিফ ইঞ্জিনিয়ার এবং এজিএম এবং মেট্রো রেলের অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তা, কলকাতা মেট্রো রেল কর্পোরেশন লিমিটেড (কেএমআরসিএল) এবং রেল বিকাশ নিগম লিমিটেড (আরভিএনএল) এর ঊর্ধ্বতন কর্মকর্তারাও সেখানে উপস্থিত ছিলেন। পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের সাহায্যে মেট্রো অফিসাররা তাকে শহরের চলমান সমস্ত মেট্রো প্রকল্পের অগ্রগতি ব্যাখ্যা করেন। এই বৈঠকের পরে, শ্রী গর্গ গ্রীন লাইনে ট্রেনের কার্যক্রম পরীক্ষা করার জন্য আজ শিয়ালদহ থেকে সল্টলেক স্টেডিয়াম স্টেশন পর্যন্ত একটি ট্রেন পরিদর্শন করেন। তিনি সেন্ট্রাল পার্ক মেট্রো স্টেশনে এএফসি-পিসি গেটস, টিকিট সিস্টেম, এসকেলেটর, লিফটস, সাইনেজ বোর্ড, ফায়ার ডিটেকশন এবং সাপ্রেশন সিস্টেম এবং অন্যান্য যাত্রী সুবিধাগুলিও পরিদর্শন করেছেন। তিনি গ্রীন লাইনের সেন্ট্রাল পার্ক ডিপোও পরিদর্শন করেন। পরিদর্শনের সময়, সিআরএস সেন্ট্রাল পার্ক ডিপো, স্টেবলিং বে লাইন এবং অপারেশন কন্ট্রোল সেন্টার পরিদর্শন করেছে। পরিদর্শন শেষে, শ্রী গর্গ পূর্ব-পশ্চিম মেট্রো করিডোরের সামগ্রিক কার্যক্রম দেখে তার আনন্দ প্রকাশ করেন।

## টলি-বলির খবর

## মা হচ্ছেন দীপিকা! নিজের সুখবর শোনালেন অভিনেত্রী



দুরন্ত বার্তা ডিজিটাল ডেস্কঃ বলিউডের অন্যতম চর্চিত জুটি রণবীর সিং ও দীপিকা পাড়ুকোন। একের পর এক সেলেব বিয়ের পর সন্তান নেওয়ার সিদ্ধান্ত নিলেও তাঁরা সুখবর শোনাতে খুব একটা আগ্রহ দেখাননি। সন্তান নেওয়ার প্রসঙ্গে বারবার দীপিকাকে বলতে শোনা গিয়েছে, যখন সময় হবে, তখন নিশ্চয়ই জানাব। এই খবর চেপে রাখা যায় না। যদিও অভিনেত্রীর মা হওয়া নিয়ে বারবার চর্চা হয়েছে টিনসেল টাউনে। কারণ একাধিকবার প্রকাশ্যে এসেছিল তাঁর মা হওয়ার খবর। কখনও ঢিলেঢালা পোশাক পরে ভাইরাল তিনি, কখনও আবার তাঁর গোপনীয়তা নিয়ে উঠেছে প্রশ্ন, তবে তিনি যে মা হচ্ছেন না, তা বারবার প্রমাণিত হয়ে গিয়েছিল। একটা সময়ের পর অনেকেই মনে করেছিলেন যে তিনি হয়তো সন্তান নেবেন না। তবে না, এটা সত্যি নয়। এবার সেই কথা নিজে মুখে স্বীকার করে নিলেন তিনি। দিলেন সুখবর। অভিনেত্রী জানান তিনি সন্তান নিতে চান। তিনি ও রণবীর সিং এবার সন্তান চান। তাঁরা পরিবার তৈরি করতে চান। দীপিকার কথায়, তাঁর পরিবারের অনেকেই যখন তাঁর সঙ্গে দেখা করেন, বলে থাকেন, তিনি নাকি অনেকটা পাল্টে গিয়েছেন। অনেকটা পরিবর্তন হয়ে গিয়েছে তাঁর স্বভাবে। তিনি নিজেও তা স্বীকার করে থাকেন। রণবীর ও তিনি একসঙ্গে অনেকটা পাল্টে গিয়েছেন। এখন তিনি সন্তান চান। দীপিকা পাড়ুকোন বলেন, আমি ও রণবীর আমরা দুজনেই শিশু ভীষণ ভালবাসি। তাই এবার আমরা সন্তান নেওয়ার সিদ্ধান্ত নিয়েছি। ফলে সেই সময়ের দিকে আমিও তাকিয়ে রয়েছি, যখন আমি ও রণবীর সন্তান নেব, পরিবার শুরু করব।

## 'বাচ্চা মেয়ে' পছন্দ ক্লিন্টনের! যৌনদাসী কেনাবেচা মামলায় নাম তাবড় প্রভাবশালীর

দুরন্ত বার্তা ডিজিটাল ডেস্কঃ যৌনদাসী কেনাবেচা মামলায় নাম জড়ালো বিশ্বের তাবড় প্রভাবশালী ব্যক্তিদের। আদালতে জমা পড়া রিপোর্টে ১৭০ জনের নাম উঠে এসেছে, যেখানে নাম রয়েছে আমেরিকার প্রাক্তন প্রেসিডেন্ট বিল ক্লিংটন, ডোনাল্ড ট্রাম্প, ব্রিটেনের যুবরাজ প্রিন্স অ্যান্ড্রু এমনকি প্রয়াত বিজ্ঞানী স্টিফেন হকিংয়েরও। এতদিন ওই রিপোর্ট গোপন রাখা হয়েছিল। জেলা আদালতের বিচারক লরেটা এ প্রেস্কার নির্দেশে সেটি প্রকাশ করা হয়েছে। যৌনদাসী কেনাবেচা নিয়ে জেফ্রি এপস্টিনকে ঘিরে যে বিতর্ক, তাতে তাঁর বান্ধবী তথা সঙ্গিনী জিসলেন ম্যাক্সওয়েলও দোষী সাব্যস্ত হয়েছেন। প্রভাবশালী ব্যক্তিদের যৌনদাসী সরবরাহে জেফ্রির সহযোগী ছিলেন জিসলেন। ২০১৫ সালে তাঁর বিরুদ্ধে মামলা দায়ের হয়, তারই তদন্তের রিপোর্ট প্রকাশ করা হয়েছে, যাতে বিশ্বের তাবড় ব্যক্তিদের নাম রয়েছে। রয়েছে বিস্ফোরক তথ্যসমূহ। ক্লিন্টন এবং জেফ্রিকে নিয়ে বিতর্ক আজকের নয়। জেফ্রির প্রাইভেট জেট ব্যবহার থেকে তাঁর ব্যক্তিগত মালিকানাধীন দ্বীপে পর্যন্ত ক্লিন্টন গিয়েছিলেন বলে অভিযোগ। তদন্তের রিপোর্টেও ক্লিন্টনের উল্লেখ রয়েছে। জেফ্রির ওই দ্বীপেই প্রভাবশালীরা ফূর্তি করতে আসতেন বলে অভিযোগ করেছেন ভার্জিনিয়া রবার্টস গুফে ভার্জিনিয়া জিওফ্রে। ওই দ্বীপে দুই মহিলার সঙ্গে ক্লিন্টন সময় কাটান বলে দাবি করেছেন তিনি। আর এক অভিযোগকারিণী জোয়ানা সোবার্গ জানিয়েছেন, 'বাচ্চা মেয়ে'রাই ক্লিন্টনের পছন্দ বলে তাঁকে জানিয়েছিলেন জেফ্রি। আমেরিকার আর এক প্রাক্তন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সঙ্গেও জেফ্রির দেখা-সাক্ষাতের কথা উঠে এসেছে রিপোর্টে। স্টিফেন হকিং এবং প্রায় ২০ জন প্রখ্যাত বিজ্ঞানীও জেফ্রির ওই দ্বীপে গিয়েছিলেন বলে রিপোর্টে উল্লেখ রয়েছে। জীবনের দীর্ঘ সময় হুইল চেয়ারেই বন্দি ছিলেন হকিং। কিন্তু নাবালিকা মেয়েদের সঙ্গে তিনি শারীরিক সম্পর্কে লিপ্ত হয়েছিলেন বলে অভিযোগ ওঠে। ভার্জিনিয়া দাবি করেন, এক নাবালিকার সঙ্গে মিলে হকিংয়ের সঙ্গে তাঁকে সঙ্গমে বাধ্য করেন জেফ্রি। সেই নিয়ে জিসলেন এবং জেফ্রির মধ্যে ইমেলে কথা হয়, যেখানে জিসলেনকে বিষয়টি অস্বীকার করতে অনুরোধ জানান এপস্টিন।মাইক্রোসফ্টের প্রতিষ্ঠাতা বিল গেটসও জেফ্রির দ্বীপে একাধিক বার গিয়েছিলেন বলে রিপোর্টে উঠে এসেছে। মেলিন্ডা গেটসের সঙ্গে দাম্পত্যে তখনও চিড় ধরেনি, সেই সময় মিলা আন্তোনোভার সঙ্গে নাম জড়ায় গেটসের। জেফ্রির সঙ্গে বিলের যোগাযোগও বিবাহবিচ্ছেদের জন্য দায়ী বলে পরবর্তী কালে মন্তব্য করেন মেলিন্ডা। গুগলের প্রতিষ্ঠাতা সেরগেই ব্রিন, জনপ্রিয় মডেল নেওমি ক্যাম্পবেলেরও উল্লেখ রয়েছে রিপোর্টে। নেওমির নাম ভাঙিয়ে অল্পবয়সি মেয়েদের জেফ্রি ফাঁদে ফেলতেন বলে দাবি করা হয়েছে। হার্ভার্ড ইউনিভার্সিটির প্রাক্তন অধ্যাপক অ্যালান দর্শোউইজ় ফ্লোরিডায় যৌনদাসী কেনাবেচায় যুক্ত ছিলেন এমনকি একাধিক মেয়ের ধর্ষণ দেখতেও অংশ নিতেন বলে দাবি করা হয়েছে রিপোর্টে।জেফ্রির বিরুদ্ধে অভিযোগ ছিল, রোজগারের ব্যবস্থা করার প্রতিশ্রুতি দিয়ে তিনি নাবালিকা মেয়েদের সঙ্গমে বাধ্য করতেন,ধর্ষণ- নিগ্রহ করতেন এবং বিশ্বের তাবড় প্রভাবশালী ব্যক্তিদের যৌনদাসী সরবরাহ করতেন।তবে এমন ভূরি ভূরি অভিযোগ থাকলেও, মাত্র দু'টি মামলাতেই দোষী সাব্যস্ত হন জেফ্রি। জেলবন্দি থাকাকালীন ২০১৯ সালের ১০ অগাস্ট জেলের মধ্যে থেকে তাঁর দেহ উদ্ধার হয়। তার আগেও জেলের মধ্যে আক্রান্ত হন তিনি। তাই রহস্যমৃত্যু ঘিরে শোরগোল পড়ে যায়।

## শ্রীরাম সম্পর্কে বিতর্কিত মন্তব্য করে অস্বস্তিতে জিতেন্দ্র, তীব্র নিন্দা করলেন আচার্য্য সত্যেন্দ্র দাস

অযোধ্যা, ৪ জানুয়ারি ঃ ভগবান শ্রীরাম সম্পর্কে বিতর্কিত মন্তব্য করে প্রবল অস্বস্তির মধ্যে পড়লেন শরদ পওয়ার শিবিরের নেতা জিতেন্দ্র আওহাদ। তাঁর মন্তব্যের তীব্র সমালোচনা করেছেন শ্রীরাম জন্মভূমি তীর্থ ক্ষেত্রের প্রধান আচার্য্য সত্যেন্দ্র দাস। বৃহস্পতিবার আচার্য্য সত্যেন্দ্র দাস বলেছেন, এনসিপি নেতা জিতেন্দ্র যা বলেছেন, তা একেবারেই ভুল।'''' উল্লেখের বিষয় হল, বুধবার মহারাষ্ট্রের শিরডিতে এক অনুষ্ঠানে বক্তব্য রাখার সময় জিতেন্দ্র বলেছিলেন, ভগবান রাম নিরামিষভোজী ছিলেন না, তিনি ছিলেন আমিষভোজী। ১৪ বছর ধরে বনে বসবাসকারী ব্যক্তি নিরামিষ খাবার খুঁজতে কোথায় যাবেন? জনগণকে তিনি প্রশ্ন করেন, এটা কি সঠিক নয়? এ প্রসঙ্গে বৃহস্পতিবার শ্রীরাম জন্মভূমি তীর্থ ক্ষেত্রের প্রধান আচার্য্য সত্যেন্দ্র দাস বলেছেন, আমাদের ধর্মগ্রন্থের কোথাও লেখা নেই যে, ভগবান রাম বনবাসের সময় আমিষ খাবার খেয়েছিলেন। লেখা আছে, তিনি ফল খেতেন...এইরকম মিথ্যাবাদীর আমাদের ভগবান রামকে অপমান করার অধিকার নেই...আমাদের ভগবান সবসময় নিরামিষভোজী ছিলেন...সে আমাদের ভগবান রামকে অপমান করার জন্য অবমাননাকর কথা বলছে।

## কংগ্রেসে যোগ দিলেন ওয়াই এস শর্মিলা উত্তরীয় পরিয়ে স্বাগত জানালেন খাড়গে, শুভেচ্ছা রাহুলের

নয়াদিল্লি, ৪ জানুয়ারি ঃ আনুষ্ঠানিকভাবে কংগ্রেসে যোগ দিলেন ওয়াই এস আর তেলেঙ্গানা পার্টির প্রতিষ্ঠাতা ওয়াই এস শর্মিলা। বৃহস্পতিবার সকালে দিল্লিতে সর্বভারতীয় কংগ্রেস কমিটির সদর কার্যালয়ে কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে ও দলের শীর্ষ নেতা রাহুল গান্ধীর উপস্থিতিতে কংগ্রেসে যোগ দিয়েছেন শর্মিলা। উত্তরীয় পরিয়ে শর্মিলাকে কংগ্রেস শিবিরে স্বাগত জানান মল্লিকার্জুন খাড়গে, শুভেচ্ছা জনিয়েছেন রাহুল গান্ধী। ওয়াই এস শর্মিলার কংগ্রেসে যোগদানের সঙ্গে সঙ্গেই কংগ্রেসের সঙ্গে মিশে গেল ওয়াই এস আর তেলেঙ্গানা পার্টি। শর্মিলা এদিন বলেছেন, ওয়াই এস আর তেলেঙ্গানা পার্টি কংগ্রেসের সঙ্গে মিশে যাওয়ায় আজ আমি অত্যন্ত আনন্দিত। আজ থেকেই ওয়াই এস আর তেলেঙ্গানা পার্টি ভারতীয় জাতীয় কংগ্রেসের অংশ হয়ে গেল।

## এইমস দিল্লির টিচিং ব্লকে আগুন-আতঙ্ক

নয়াদিল্লি, ৪ জানুয়ারি ঃ দিল্লির অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিকেল সায়েন্সেস (এইমস)-এ আগুন-আতঙ্ক! বৃহ স্পতিবার দিল্লি এইমস-এর টিচিং ব্লকে আগুন লাগে। আগুনে টিচিং ব্লকে থাকা ফার্ণিচার ও বেশ কিছু অফিসিয়াল নথি পুড়ে গিয়েছে। দমকল কর্মীদের অল্প সময়ের চেষ্টায় আগুন আয়ত্তে এসেছে। দমকলের পক্ষ থেকে জানানো হয়েছে, বুধবার সকালে দিল্লি এইমস-এর দোতলায় টিচিং ব্লকে আগুন লাগে। খবর পাওয়া মাত্রই আগুন নেভাতে আসে দমকল, দমকল কর্মীদের বেশ কিছু সময়ের চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে এসেছেন ততক্ষণে অবশ্য বেশ কিছু ফার্ণিচার ও নথি পুড়ে গিয়েছে। এই অগ্নিকাণ্ডে কেউ হতাহত হননি।

## আগরতলা-আনন্দ বিহার টার্মিনাল তেজস রাজধানী এক্সপ্রেস-এর যাত্রাপথ পরিবর্তিত

মালিগাঁও, ৪ জানুয়ারি ঃ আগরতলা ও আনঃদ বিহার টার্মিনালের মধ্যে চলাচল করা তেজস রাজধানী এক্সপ্রেস ট্রেনটি নিজের রুট পরিবর্তন করে ১৫ জানুয়ারি থেকে মালদা টাউন, ভাগলপুর জং., জামালপুর জং., ভায়া পাটনা জং. হয়ে চলাচল করবে। নতুন এই পরিবর্তিত পথ পশ্চিমবঙ্গ ও বিহার রাজ্যের এক বৃহ অঞ্চলের জনগণের দীর্ঘদিনের দাবি পূরণ করবে, এর আগে এই বিশাল অঞ্চলের জনগণের কাছে রাজধানী এক্সপ্রেসে যাত্রা করার সুযোগ ছিল না।পথ পরিবর্তন করার ফলে ট্রেনের সময়সূচি ও মোট যাত্রা সময়েও পরিবর্তন ঘটেছে। ট্রেন নং. ২০৫০১ (আগরতলা-আনঃ দ বিহার টার্মিনাল) ১৫ জানুয়ারি, ২০২৪, সোমবার ১৫.১০ ঘণ্টায় আগরতলা থেকে রওনা দিয়ে বুধবার ১০.৫০ ঘণ্টায় নিজের গন্তব্যস্থল দিল্লির আনন্দ বিহার টার্মিনালে পৌঁছবে। একইভাবে, ট্রেন নং. ২০৫০২ (আনন্দ বিহার টার্মিনাল-আগরতলা) বুধবার ১৯.৫০ ঘণ্টায় দিল্লির আনন্দ বিহার টার্মিনাল থেকে রওনা দিয়ে শুক্রবার ১৫.৪০ ঘণ্টায় নিজের গন্তব্যস্থল ত্রিপুরার আগরতলা পৌঁছবে। ট্রেনটি মালদা টাউন, ভাগলপুর ও জামালপুরের মতো পশ্চিমবঙ্গ ও বিহারের গুরুত্বপূর্ণ স্টেশনগুলি হয়ে চলাচল করবে, তাই দেশের রাজধানীর সাথে ত্রিপুরা, অসম, পশ্চিমবঙ্গ ও বিহার রাজ্যের ভৌগোলিক সংযোগ বৃদ্ধি হবে। এর ফলে নতুন করে সংযুক্ত স্থানগুলির আর্থ-সামাজিক ব্যবস্থার উন্নতি ঘটবে। এই ট্রেনগুলির স্টপেজ ও সময়সূচির বিশদ বিবরণ আইআরসিটিসি ওয়েবসাইটে পাওয়া যাবে এবং বিভিন্ন সংবাদপত্রে ও উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের সোসিয়াল মিডিয়া প্ল্যাটফর্মেও অধিসূচিত করা হয়েছে। যাত্রার করার পূর্বে বিশদ বিবরণগুলি দেখে নেওয়ার জন্য যাত্রীদের অনুরোধ জানানো হচ্ছে।

## নতুন ফুট ওভার ব্রিজ নির্মাণ

কলকাতা, ৪ জানুয়ারী ঃ ইস্টার্ন রেলওয়ে শিয়ালদহ ডিভিশনের উপর নৈহাটি-রানাঘাট সেকশনের কল্যাণী স্টেশনে একটি নতুন ফুট ওভার ব্রিজ নির্মাণ করছে। এফওবি, যার দৈর্ঘ্য ২৮.৩২ মিটার এবং প্রস্থ ৬ মিটার, যাত্রীদের সুবিধা বৃদ্ধির লক্ষ্যে একটি উল্লেখযোগ্য অবকাঠামো উন্নয়ন।

## কাটোয়া-আজিমগঞ্জ বিভাগে বিভিন্ন স্টেশন পরিদর্শন করেছেন সাংসদ ও পিএসি চেয়ারম্যান অধীর রঞ্জন চৌধুরী এবং বিভাগীয় রেলওয়ে ম্যানেজার, শ্রী সঞ্জীব কুমার

কলকাতা, ৪ জানুয়ারী ঃ রেলের যাত্রী সুবিধার অগ্রগতি এবং বর্ধিতকরণ নিশ্চিত করার জন্য একটি সমন্বিত প্রচেষ্টায়, মাননীয় সংসদ সদস্য এবং পাবলিক অ্যাকাউন্টস কমিটির চেয়ারম্যান শ্রী অধীর রঞ্জন চৌধুরী বিভাগীয় বিভাগীয় রেলওয়ে ম্যানেজার, শ্রী সঞ্জীব কুমার সহ হাওড়া বিভাগের অন্যান্য কর্মকর্তারা ৪ ঠা জানুয়ারী ২০২৪-এ কাটোয়া-আজিমগঞ্জ সেকশনের ০৮টি স্টেশনে উপলব্ধ যাত্রী সুবিধাগুলির একটি পুঙ্খানুপুঙ্খ পরিদর্শন করেছেন। সালার, তেনিয়া, বাজারসাউ, চৌরিগাছা, কর্ণ সুবর্ণ, জীবন্তী হল্ট, আজিমগঞ্জ, লালবাগ কোর্ট রোড এবং খাগড়াঘাট রোডের মতো গুরুত্বপূর্ণ স্টেশনগুলি পরিদর্শন কভার করে। এই পরিদর্শনের লক্ষ্য ছিল বিদ্যমান সুযোগ-সুবিধা এবং সুযোগ-সুবিধাগুলি মূল্যায়ন করা এবং রেলওয়ে এটিকে আরও উন্নত করার পরিকল্পনা করছে।পরিদর্শনের



সময়, যাত্রীদের চাহিদা এবং প্রয়োজনীয়তার উপর ভিত্তি করে বর্ধনের জন্য ক্ষেত্রগুলি চিহ্নিত করার উপর ফোকাস ছিল। ডিআরএম, শ্রী সঞ্জীব কুমার মাননীয় সাংসদকে অমৃত ভারত প্রকল্পের অধীনে আজিমগঞ্জ এবং খাগড়াঘাট স্টেশনে চলমান উন্নতি এবং ভবিষ্য পরিকল্পনা সম্পর্কে অবহিত করেন যা মাননীয় সাংসদ ও চেয়ারম্যান, পিএসি শ্রী অধীর রঞ্জন চৌধুরী প্রশংসা করেছিলেন। স্থানীয় বাসিন্দরা রেলের সুবিধা নিয়ে তাদের উদ্বেগ প্রকাশ করার এবং শ্রী অধীর রঞ্জন চৌধুরীর কাছে দাবি পেশ করার সুযোগ নিয়েছিল। জবাবে, মাননীয় সংসদ সদস্য এবং পাবলিক অ্যাকাউন্টস কমিটির চেয়ারম্যান তাদের দাবিগুলির পুঙ্খানুপুঙ্খ পর্যালোচনার আশ্বাস দেন, রেল যাত্রীদের চাহিদা এবং আকাঙ্ক্ষাগুলিকে সমাধান করার জন্য রেলওয়ের প্রতিশ্রুতির উপর জোর দেন। খাগড়াঘাটে তার সফরের সময়, ডিআরএমহাওড়া রেলওয়ে এলাকায় দখলের বিষয়টি উত্থাপন করেছিলেন যা অমৃত ভারত প্রকল্পের অধীনে পরিকল্পিত উন্নতির কাজকে বাধাগ্রস্ত করছে। শ্রী অধীর রঞ্জন চৌধুরী আশ্বস্ত করেছেন যে পরবর্তী সফরে তিনি একটি বন্ধুত্বপূর্ণ সমাধানে পৌঁছানোর জন্য সমস্যাটির সাথে যুক্ত সকল পক্ষের সাথে আলোচনা করবেন।পাবলিক অ্যাকাউন্টস কমিটি দ্বারা রেলওয়ে স্টেশনগুলির পরিদর্শন রেলওয়ে সেক্টরে কৌশলগত বিনিয়োগের মাধ্যমে সম্প্রদায়ের মঙ্গল এবং অগ্রগতি নিশ্চিত করার জন্য সরকারের নিষ্ঠার উপর জোর দেয়।

## আইআইটি খড়গপুরের অধ্যাপক ডঃ প্রবিনা রাজীব, বিমটেক গ্রেটার নয়ডার নতুন ডিরেক্টর পদে দায়িত্ব গ্রহণ করেছেন



নয়াদিল্লি, ৪ জানুয়ারী ঃ বিড়লা ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট টেকনোলজি (BIMTECH), ভারতের একটি নেতৃ স্থানীয় বিজনেস স্কুল, অধ্যাপক প্রবিনা রাজীবকে ডিরেক্টর হিসেবে নিয়োগের কথায় গর্বিত ভাবে ঘোষণা করছে।আইআইটি খড়গপুরের বিনোদ গুপ্ত স্কুল অফ ম্যানেজমেন্ট-এর ফিনান্স অ্যান্ড অ্যাকাউন্টিং-এর বিশিষ্ট অধ্যাপক ডঃ প্রবিনা রাজীব তাঁর সঙ্গে প্রচুর অভিজ্ঞতা নিয়ে এসেছেন। তার উল্লেখযোগ্য পোর্টফোলিও শিক্ষণ, গবেষণা এবং পরামর্শের ভূমিকায় অন্তর্ভুক্ত করে। উল্লেখযোগ্য ভাবে, ড. প্রবিনা রাজীব দুটি প্রভাবশালী বই লিখেছেন এবং দুটি সহ-লেখক হিসাবে। দুই দশকেরও বেশি অভিজ্ঞতার সাথে, ডঃরাজীব ডিন ভিজিএস ওএম সহ বেশ কয়েকটি নেতৃত্বের ভূমিকা পালন করেছেন এবং অসংখ্য পিএইচডি থিসিস পরিচালনা করে তার দক্ষতা প্রদর্শন করেছেন। তিনি জাতীয় ও আন্তর্জাতিক জার্নাল এবং সম্মেলনে বিস্তারিত ভাবে উপস্থাপন ও প্রকাশ করেছেন। বিদায়ী ডিরেক্টর ডঃ হরিবংশ চতুর্বেদী এখন বিড়লা একাডেমি অফ আর্ট অ্যান্ড কালচারের প্রধান শিক্ষা উপদেষ্টার ভূমিকা গ্রহণ করবেন, BIMTECH এবং বিড়লা গ্লোবাল ইউ নিভার্সিটি (BGU) এর মূল সংস্থা এবং তাদের পরামর্শদাতা হিসাবে।

## ২০২৭-এর মধ্যে ডাল উপাদনে আত্মনির্ভর হয়ে উঠবে ভারত ঃ অমিত শাহ



নয়াদিল্লি, ৪ জানুয়ারি ঃ ভারত ২০২৭-এর মধ্যে ডাল উৎপাদনে আত্মনির্ভর হয়ে উঠবে বলে কেন্দ্রীয় সমবায় মন্ত্রী অমিত শাহ দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেছেন। তিনি বলেছেন, মুগ ও ছোলার ক্ষেত্রে ভারত ইতিমধ্যেই স্বনির্ভর হয়েছে, কিন্তু এখনও দেশে ডাল আমদানি করতে হচ্ছে। নতুন দিল্লিতে বৃহস্পতিবার আ৷হর ডাল উপাদনকারী কৃষকদের নাম নথিভুক্ত করা, ডাল সংগ্রহ ও টাকা মেটানোর জন্য একটি পোর্টালের সূচনা করেন কেন্দ্রীয় সমবায় মন্ত্রী অমিত শাহ। তিনি বলেন, গত ৯ বছরে নরেন্দ্র মোদী সরকার, ডালের উপাদন বাড়াতে বেশ কিছু পদক্ষেপ নিয়েছে। ২০১৩-১৪ সালে ডালের উৎপাদন ছিল ১ কোটি ৯০ লক্ষ টন, ২০২২-২৩ সালে যা বেড়ে হয়েছে ২ কোটি ৬০ লক্ষ টন। কেন্দ্রীয় সরকার নথিভুক্ত কৃষকদের কাছ থেকে ন্যুনতম সহায়ক মূল্যে ডাল কিনবে বলে তিনি জানান।


### Name Change

I MANAS RANJAN BHATTACHARYA, S/O DURGAPADA BHATTACHARYA, R/O VILL & PO DAKSHIN CHANDRANAGAR, PS NAMKHANA, SOUTH 24 PARGANAS, PIN-743357, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS MANAS BHATTACHARYA, VIDE AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 04/01/2024, MANAS RANJAN BHATTACHARYA AND MANAS BHATTACHARYA SAME AND ONE INDENTICAL PERSON

### Name Change

I AKTERI BEGUM, W/O ABDUL RAHMAN, R/O 12/1/H/11, MOULANA MD. ALI ROAD, KHIDDIRPORE, KOLKATA -700023, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS AKTARI BEGUM, VIDE AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 04/01/2024, AKTERI BEGUM AND AKTARI BEGUM SAME AND ONE INDENTICAL PERSON

### Name Change

I JAMALUDDIN MONDAL S/O MOCKCHED MONDAL RESIDING AT PATKELGACHHA, MASHYAMPUR,PS-BAGDAH, NORTH 24 PGS- 743232, WEST BENGAL. SHALL HENCEFORTH BE KNOWN AS JAMAL MONDAL VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 04/01/2024.THAT JAMALUDDIN MONDAL AND JAMAL MONDAL ALL ARE THE SAME AND ONE INDENTICAL PERSON.

### Name Change

I,Chaiti Pramanik and Chaiti Mitra Pramanik, wife of Soumen Pramanik, Residing at Flat no.429, 18th no. Street, purbalok, Kolkata 700099, shall henceforth be known as Chaiti Mitra, vide an affidavit it sworn before the notary public at Kolkata on 04/01/2024.That Chaiti Mitra and Chaiti Pramanik and Chaiti Mitra Pramanik all are the same and one identical person.

### Name Change

I SAMAR BANERJEE, SON OF SANTOSH BANERJEE, RESIDING AT NATUN GOPALPUR,PO-PRITINAGAR,PS-RANAGHAT, NADIA-741247, WEST SHALL HENCEFORTH BE KNOWN AS SAMAR KUMAR BANERJEE VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 04/01/2024.THAT SAMAR BANERJEE AND SAMAR KUMAR BANERJEE ALL ARE THE SAME AND ONE INDENTICAL PERSON.

### Name Change

I, SUJIT CHAKRABORTYS/O SASANKA MOHAN CHAK RABORTY, R/O- FLAT NO-15, 4TH FLOOR, BLOCK- B, RAM VILLA 258, P.K. GUHA ROAD, KUMAR PARA, DUMDUM, DUMDUM (m), NORTH 24 PARGANAS, W.B Pin-700028, shall henceforth be known as SUJIT KUMAR CHAK RABORTY.I declare that SUJIT CHAKRABORTY AND SUJIT KUMAR CHAKRABORTYis same and one identical person by virtue of affidavit sworn before the Notary Public, Kolkata on 04-01-2024.

### নাম পরিবর্তন

আমি, Jawed Sattar (পুরাতন নাম) পিতা Abdul Sattar, ঠিকানা 46H23, Dr Sudhir Basu Road, Kolkata-700023, West Bengal, India, কলকাতায় নোটারি পাবলিক, Dated ১৫ /১২ /২০২৩ এর Affidavit দ্বারা আমার নাম এখন থেকে Javed Satter (নতুন নাম) নামে পরিচিত হলাম। Javed Satter (নতুন নাম) এবং Jawed Sattar (পুরাতন নাম) একই ব্যক্তি।

### নাম পরিবর্তন

আমি, Kazi Mohammed Rezaul Karim (পুরাতন নাম) পিতা Kazi Mohammed Hanif, ঠিকানা 8, Mohammadan Burial Ground Lane, Kolkata- 700023, West Bengal, India, কলকাতায় নোটারি পাবলিক, Dated ০৩ /০১/ ২০২৪ এর Affidavit দ্বারা আমার নাম এখন থেকে Rejaul Karim (নতুন নাম) নামে পরিচিত হলাম। Rejaul Karim (নতুন নাম) এবং Kazi Mohammed Rezaul Karim (পুরাতন নাম) একই ব্যক্তি।

### নাম পরিবর্তন

আমি, Md Mustakim Mohammad Mustaquim (পুরাতন নাম) পিতা Dil Mohammad, ঠিকানা 3, PM Basti, 4th Bye Lane, P.O. P.S.- Shibpur, Dist-Howrah, Pin- 711102, West Bengal, India, কলকাতায় নোটারি পাবলিক, Dated ০৪ /০১ /২০২৪ এর Affidavit দ্বারা আমার নাম এখন থেকে Md Mustaquim (নতুন নাম) নামে পরিচিত হলাম। Md Mustaquim (নতুন নাম) এবং Md Mustakim Mohammad Mustaquim (পুরাতন নাম) একই ব্যক্তি।

### নাম পরিবর্তন

আমি, Naila Naheed (পুরাতন নাম) স্বামী Nadim Alam, ঠিকানা 41A, Rabindra Sarani, 2nd floor, Kolkata-700073, West Bengal, India, কলকাতায় নোটারি পাবলিক, Dated ০৪ /০১ /২০২৪ এর Affidavit দ্বারা আমার নাম এখন থেকে Naila Nadim (নতুন নাম) নামে পরিচিত হলাম। Naila Nadim (নতুন নাম) এবং Naila Naheed (পুরাতন নাম) একই ব্যক্তি।

### নাম পরিবর্তন

আমি, Md Kaishar (পুরাতন নাম) পিতা Abdul Rahman, ঠিকানা 28, Taltala Lane, P.O.- Park Street, P.S.- Taltala, Kolkata- 700016, West Bengal, India, কলকাতায় নোটারি পাবলিক, Dated ০৪ /০১ /২০২৪ এর Affidavit দ্বারা আমার নাম এখন থেকে Sk Kaisar Hossain (নতুন নাম) নামে পরিচিত হলাম। Sk Kaisar Hossain (নতুন নাম) এবং Md Kaishar (পুরাতন নাম) একই ব্যক্তি।

### Name Change

I SJKTARA GOOPTU, SANKAR NARAYAN GOOPTU, RESIDING AT WAVE 6C,15 KABITIRTHA SARANI, PO-KHIDDIRPORE, KOLKATA -700023,WEST BENGAL.SHALL HENCEFORTH BE KNOWN AS NAZIA NADIM VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 14/12/2023.THAT SJKTARA GOOPTU AND NAZIA NADIM ALL ARE THE SAME AND ONE INDENTICAL PERSON.

### Name Change

I, KARTTIK CHANDRA GHOSH, KARTTIK GHOSH, KARTICK GHOSH AND KARTICK CHANDRA GHOSHS/O NARAYAN GHOSH, R/O- KORSUNA, TANGRA, NADIA,W.B Pin-741506, shall henceforth be known as KARTICK CHANDRA GHOSH. I declare that,KARTTIK CHANDRA GHOSH, KARTTIK GHOSH, KARTICK GHOSH, KARTICKCHANDRA GHOSH AND KARTICK CHANDRA GHOSHis same and one identical person by virtue of affidavit sworn before the Notary Public, Kolkata on 04-01-2024.

### নাম পরিবর্তন

আমি অমিয় মন্ডল (Amiya Mondal)(old name) পিতা স্বর্গীয় মুকুন্দ মন্ডল, ঠিকানা গ্রাম কোলা, বাগদা, উত্তর ২৪ পরগনা ৭৪৩ ২৩২, পশ্চিমবঙ্গ, নোটারি পাবলিক কলকাতা Affidavit, ০৪ /০১ /২৪ দ্বারা অমিয় মন্ডল (Amiya Mandal) (new name) নামে পরিচিত হলাম। অমিয় মন্ডল (Amiya Mondal)(old name) এবং অমিয় মন্ডল (Amiya Mandal)(new name) একই ব্যাক্তি।

### Name Change

I ANSH KUMAR SHAW, S/O CHANDRAPRAKASH GUPTA, R/O KHALIA, CHAMRAIL,PS LILUAH, HOWRAH -711114, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS ANSH KUMAR GUPTA, VIDE AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 04/01/2024, ANSH KUMAR GUPTA AND ANSH KUMAR SHAW SAME AND ONE INDENTICAL PERSON

### Name Change

I, Manik Sarkar S/o Sudhir Kumar Sarkar R/o 3/1C, Tarak Bose Lane, P.S. – Tala, Kolkata -700002 shall henceforth be known as Manik Lal Sarkar. I declare that Manik Lal Sarkar and Manik Sarkar is same and one identical person by virtue of affidavit sworn before the Notary Public, Kolkata on 04-01-2024.

### Name Change

I AYUSH KUMAR JAISWAL, S/O ARUN KUMAR JAISWAL, R/O SHYAM RESIDENCY, 293, GOURI NATH SHASTRI SARANI, WARD NO 27, SOUTH DUMDUM, SHYAM NAGAR ROAD, KOLKATA - 700055, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS AYUSH JAISWAL, VIDE AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 04/01/2024, AYUSH KUMAR JAISWAL AND AYUSH JAISWAL SAME AND ONE INDENTICAL PERSON

### Name Change

I RAKHI NANDY, D/O MADHU SUDAN NANDI, R/O FLAT NO 14, SURJYATARAN APPARTMENT, PS SONARPUR, SOUTH 24 PARGANAS, PIN-700108, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS RAKHI NANDI, VIDE AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 04/01/2024, RAKHI NANDI AND RAKHI NANDY SAME AND ONE INDENTICAL PERSON

### Name Change

I, Mousumi Gantait D/O Himanksu Sekhar Das &W/O – Kartik Gantait R/O- Kismatputputia, Purba Medinipur, W.B Pin-721651, shall henceforth be known as Mousumi Das Gantait. I declare that Mousumi Gantait and Mousumi Das Gantaitis same and one identical person and my Gender is female which recorded in my Aadhar Card No. 2314 7338 9675 and Voter Card No. GQG2662252 but in my Passport No. L6209736 sex columnmy sex is recorded as Male instead of Female which also should be corrected as Female as my sex by virtue of affidavit sworn before the 1stClass Chief Judicial Magistrate at Tamluk, Purba Medinipur on 22-11-2023.

### নাম পরিবর্তন

আমি, Sahadat Hossain (পুরাতন নাম) পিতা Nogibor Rahaman Mollah, ঠিকানা Vill P.O.- Kharampur, P.S.- Hasnabad, Dist- North 24 Pgs, Pin-743456, West Bengal, India, কলকাতায় নোটারি পাবলিক, Dated ০৪০১২০২৪ এর Affidavit দ্বারা আমার নাম এখন থেকে Sahadat Hossain Molla (নতুন নাম) নামে পরিচিত হলাম। Sahadat Hossain Molla (নতুন নাম) এবং Sahadat Hossain (পুরাতন নাম) একই ব্যক্তি।

### Name Change

I ASMOT ALI MIDDEY, S/O NIYAMAT MIDDE, R/O BANIBON JAGADISHPUR, PS ULUBERIA, HOWRAH -711316, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS ASHMAT MIDDE, VIDE AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 04/01/2024, ASMOT ALI MIDDEY AND ASHMAT MIDDE SAME AND ONE INDENTICAL PERSON

### Name Change

I CHAND PARKASH SHAW, S/O JAGANNATH GUPTA, R/O KHALIA, CHAMRAIL, PS LILUAH, HOWRAH -711114, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS CHANDRAPRAKASH GUPTA, VIDE AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 04/01/2024, CHANDRAPRAKASH GUPTA AND CHAND PARKASH SHAW SAME AND ONE INDENTICAL PERSON

### Name Change

I, Previously Called- Syed Jahangir Raza Kazmi, S/O. Akram Raza Kazmi, R/O, 94A MUZAFFAR AHMED STREET, KOLKATA - 700016. I, Have Changed My Name as.Jahangir Raza Kazmi, So That Syed Jahangir Raza Kazmi and Jahangir Raza Kazmi both are same and one indentical person. not are different person.by the metropolitan magistrate ( 1st class) at-kolkata on- 22-2-2018

### নাম পরিবর্তন

আমি, Mosammad Rabia Bibi Rabiya Bibi (পুরাতন নাম) পিতা Khejer Ali, ঠিকানা Vill- Chowmoha, P.O.- Mudiahat, P.S.- Shasan, Dist- North 24 Pgs, Pin- 700128, West Bengal, India, কলকাতায় নোটারি পাবলিক, Dated ০৪ /০১ /২০২৪ এর Affidavit দ্বারা আমার নাম এখন থেকে Rabia Bibi (নতুন নাম) নামে পরিচিত হলাম। Rabia Bibi (নতুন নাম) এবং Mosammad Rabia Bibi Rabiya Bibi (পুরাতন নাম) একই ব্যক্তি।

### Name Change

I JOSEPH MARUNNINATTU JOSEPH, S/O MARUNNINATTU MATHAI JOSEPH, R/O 251/1, NAGENDRA NATH ROAD, FLAT NO 33, BL-2, 3RD FLOOR, PS NAGER BAZAR, NORTH 24 PARGANAS, PIN-700028, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS JOSEPH MARUNNINATTU, VIDE AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 04/01/2024, JOSEPH MARUNNINATTU JOSEPH AND JOSEPH MARUNNINATTU SAME AND ONE INDENTICAL PERSON

### Name Change

I MIHIR KUMAR DAS, S/O GYANENDRA NATH DAS, R/O DAKSHIN HINDU PARA, MALLICKPUR, BARUIPUR, PIN-700145, WEST BENGAL SHALL HENCEFORTH BE KNOWN AS MIHIR DAS, VIDE AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 04/01/2024, MIHIR DAS AND MIHIR KUMAR DAS SAME AND ONE INDENTICAL PERSON

### নাম পরিবর্তন

আমি Mrinal Kanti Bose পিতা Khirod Bose, গ্রাম শিমুলপুর, পোঃ ঠাকুর নগর, থানা গাইঘাটা, উঃ ২৪ পরগণা। গত ২৬ /১২ /২০২৩ বনগাঁ নোটারি পাবলিক কোর্টের এফিডেভিট বলে Mrinal Kanti Basu নামে পরিচিত হলাম। বর্তমানে Mrinal Kanti Bose এবং Mrinal Kanti Basu এক ও অভিন্ন ব্যক্তি।

### নাম পরিবর্তন

আমি, Palash Chandra Das (পুরাতন নাম) পিতা Ramchandra Das, ঠিকানা Vill-Uttar Durllabhpur, P.O.- Kanchiara, North 24 Parganas, 743711, West Bengal, India, কলকাতায় নোটারি পাবলিক, ত্ত্বজ্বত্তঞ্চএ ০৪০১২০২৪ এর Affidavit দ্বারা আমার নাম এখন থেকে Palash Das (নতুন নাম) নামে পরিচিত হলাম। Palash Das (নতুন নাম) এবং Palash Chandra Das (পুরাতন নাম) একই ব্যক্তি।

### নাম পরিবর্তন

আমি RANI DEY স্বামী Asim Kumar Dey গ্রাম ডহরথুবা পোঃ হাটথুবা, থানা হাবড়া, উঃ ২৪ পরগণা। আমার স্বামীর পাসপোর্টে (নং -এ৭৫২১৭০৬) আমার নাম ভুলবশত RAM DEY হয়েছে। গত ৩১ /৭ / ২০২৩ বারাসাত ফাস্ট ক্লাস এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের এফিডেভিট বলে RAM DEY এবং RANI DEY এক ও অভিন্ন ব্যক্তি হইলাম।

# বুমরা-সিরাজের আগুনে বোলিংয়ে দেড়দিনেই টেস্ট জয় ভারতের

**কেপটাউন, ৪ জানুয়ারিঃ** ভারত কখনও কেপটাউনে জেতেনি। শুধু তাই নয়, এশিয়ার কোনও টিমই কেপটাউনে দক্ষিণ আফ্রিকাকে হারাতে পারেনি! দক্ষিণ আফ্রিকার দুর্গ কেপটাউন। এ বার সেখানে জিতে ইতিহাস ভারতের। অস্ট্রেলিয়ার মাটিতে যেমন ব্রিসবেন দুর্গ ভেঙেছিল তরুণ ভারত। কেপটাউনে তরুণ-অভিজ্ঞতার মিশেলে দেড় দিনেই জয়। সিরিজের প্রথম ম্যাচে ইনিংস ও ৩২ রানের বড় ব্যবধানে হেরেছিল ভারত। দ্বিতীয় ম্যাচে দেড়দিনেই জয় রোহিতদের। ভারতের সামনে লক্ষ্য ছিল ৭৯ রান। এই রান ডিফেন্ড করতে হলে ইতিহাস গড়তে হত প্রোটিয়াদের। টেস্ট ক্রিকেটের ইতিহাসে সবচেয়ে কম স্কোর ডিফেন্ড করেছিল অস্ট্রেলিয়া। সেই ১৮৮২ সালে ওভালে মাত্র ৮৫ রানের পুঁজি নিয়ে ইংল্যান্ডকে ৭৭ রানে অলআউট করেছিল অজিরা। ৭ রানের জয়ে ইতিহাস গড়েছিল। বুমরা-সিরাজের অনবদ্য বোলিংয়ে ভারতের সামনে লক্ষ্য ছিল মাত্র ৭৯ রান। যদিও পিচের যা পরিস্থিতি তাতে, এই রানেও যেন ইতিহাস সম্ভব ছিল। যদিও যশস্বী জয়সওয়ালের মতো তরুণ ব্যাটার সেই রেকর্ডের 'মেজাজে' ছিলেন না। দক্ষিণ আফ্রিকার ইনিংস শেষে মধ্যাহ্নভোজের



বিরতিও নেওয়া হয়। এরপর ভারতের রান তাড়া শুরু। প্রথম বলে পুল শট বাউন্ডারি যশস্বীর। পরের বলে স্লিপে ক্যাচ শর্ট পড়ে। তৃতীয় বলে বাউন্ডারি মেরে, পরের বলে সিঙ্গল। শুরুতেই মানসিকতা পরিষ্কার করে দেন যশস্বী জয়সওয়াল। ছোট রানের লক্ষ্য অনেক সময়ই সমস্যা তৈরি করে। তাই যত দ্রুত সম্ভব লক্ষ্যে পৌঁছনোয় নজর ছিল। যশস্বী ২৩ বলে ২৮ রানে ফেরেন। এর মধ্যে ২৪ রান এসেছে বাউন্ডারিতেই। রোহিতও বিধ্বংসী মেজাজে ব্যাট করছিলেন। যশস্বী আউট হতে কিছুটা সংযত হন। যশস্বী আউট হতেই তিনে যথারীতি আর এক তরুণ ক্রিকেটার শুভমন গিল ক্রিজে। অন্যদিকে, ডাগআউটে প্রস্তুত ছিলেন বিরাট কোহলিও। যদিও তাঁকে নামতে হবে, এমন পরিস্থিতি না হওয়াই কাম্য ছিল। যদিও শুভমন তা নিশ্চিত করতে পারলেন না। কাগিসো রাবাডার নীচু হওয়া ডেলিভারিতে ক্লিন বোল্ড গিল। ক্রিজে নামেন বিরাট কোহলি। তখন আর জয়ের জন্য ২২ রান প্রয়োজন ছিল ভারতের। জয় থেকে মাত্র ৪ রান দূরে বিরাটও লেগ সাইডে কট বিহাইন্ড! রিভিউ নিয়ে সাফল্য। তার আগে রোহিতের সহজ ক্যাচ ফেলেন টনি ডি জর্জি। বিরাট উইনিং শট খেলতে পারলেন না, এটাই যেন সবচেয়ে হতাশার ছিল ভারতীয় শিবিরে। ক্রিজে নামেন শ্রেয়স আইয়ার। পাঁচটা বল কোনওরকমে সামলে দেন শ্রেয়স। নো বল ডাকায় আরও একটা সামলাতে হয় শ্রেয়সকে। বাউন্ডারি মেরে শ্রেয়সই উইনিং রান আনেন।

## কামব্যাকে জোড়া রুপো দীপার, পাখির চোখ প্যারিস অলিম্পিক

**ভুবনেশ্বর, ৪ জানুয়ারিঃ** একেই বলে কামব্যাক দীর্ঘ ৮ বছর পর জাতীয় স্তরের কোনও প্রতিযোগিতায় নেমেনিলেন ত্রিপুরার মেয়ে দীপা কর্মকার। রিও অলিম্পিকে তাঁর প্রদুনোভা ভল্ট আজও মনে রয়েছে জিমন্যাস্টিক্স-প্রেমীদের। চোট, নির্বাসন সবকিছু ফেলে রেখে এগিয়ে চলেছেন অলিম্পিয়ান দীপা কর্মকার। নতুন বছরের শুরুটা জয় দিয়ে করলেন ত্রিপুরার আগরতলার মেয়ে দীপা কর্মকার। ওড়িশার ভুবনেশ্বরে বসেছে সিনিয়র ন্যাশানাল চ্যাম্পিয়নশিপের আসর। সেখানেই পারফর্ম করলেন দীপা। বুধবার অল-অ্যারাউন্ডে তিনি সবার সেরা পারফর্ম করেছিলেন। আজ, বৃহস্পতিবার তিনি পেয়েছেন জোড়া রুপো। একটি, ব্যক্তিগত ভল্টে আর অপরটি আনইভেন বারে। পুরনো কোচ বিশ্বেশ্বর নন্দীর তত্ত্বাবধানে ওড়িশার ভুবনেশ্বরে আয়োজিত তিনদিনব্যাপী সিনিয়র জিমন্যাস্টিক্স চ্যাম্পিয়নশিপে ত্রিপুরার হয়ে প্রতিনিধিত্ব করলেন দীপা কর্মকার। ডোপ টেস্টে ব্যর্থ হওয়ার ফলে দীর্ঘদিন জিমন্যাস্টিক্স ফ্লোরে নামা হয়নি দীপার। এ বার তিনি ফিরলেন স্বমহিমায়। এবং জানিয়ে দিলেন তাঁর আগামী লক্ষ্য প্যারিস অলিম্পিকের যোগ্যতা



অর্জন করা। চলতি বছরেই রয়েছে প্যারিস অলিম্পিক। তার আগে নির্বাচনী ট্রায়ালে অংশ নিতে হবে দীপাকে। সেখানে ভালো পারফর্ম করতে পারলে রিও অলিম্পিকে চতুর্থ হওয়া দীপা পেতে পারে পারেন প্যারিসের টিকিট। ওড়িশায় হওয়া সিনিয়র ন্যাশানাল চ্যাম্পিয়নশিপে বুধবার ৪৯.৫৫ পয়েন্ট নিয়ে অল-অ্যারাউন্ড শেষ করেন দীপা। আজ, এই প্রতিযোগিতার তৃতীয় দিনে ব্যক্তিগত ভল্ট ও আনইভেন বারে রুপো পেয়েছেন দীপা কর্মকার। ভল্টে দীপার স্কোর ১২.৫৮৪। ১৩.০৬৭ স্কোর করে সোনা জিতেছেন রেলওয়েজের হয়ে নামা প্রণতি নায়েক। এই বিভাগে তৃতীয় হয়ে ব্রোঞ্জ পেয়েছেন রেলওয়েজের হয়ে নামা প্রতিষ্ঠা সামন্ত। তাঁর স্কোর ১২.৩৫০। অন্যদিকে আনইভেন বারে সোনা জেতেন রেলওয়েজের হয়ে নামা প্রণতি দাস। তাঁর স্কোর ১০.৪৩৩। রুপো পাওয়া দীপার আনইভেন বারে স্কোর ১০.৩৩৩। এই বিভাগে তৃতীয় স্থান অর্জন করে ব্রোঞ্জ পেয়েছেন ওড়িশার করিশ্মা। তাঁর স্কোর ১০.৩০০।

## ভারত-পাকিস্তান হয়তো ৯ জুন, কাদের বিরুদ্ধে টি-২০ বিশ্বকাপ যাত্রা শুরু রোহিতদের?

**নয়াদিল্লি, ৪ জানুয়ারিঃ** চলছে জানুয়ারি মাস। কিন্তু ক্রিকেট প্রেমীরা যেন এখন থেকেই জুন মাসের অপেক্ষায় রয়েছেন। কারণ, শোনা গিয়েছে এ বার ৪ জুন থেকে শুরু হবে টি-টোয়েন্টি বিশ্বকাপ। অর্থাৎ, টি-২০ বিশ্বকাপের ঢাকে কাঠি পড়তে দেরি রয়েছে। কিন্তু ইতিমধ্যেই সোশ্যাল মিডিয়ায় ঘুরপাক খাচ্ছে টি-২০ বিশ্বকাপে ভারতের সম্ভাব্য সূচি। এমনটাও শোনা যাচ্ছে, আগামী সোমবার (৮ জানুয়ারি) এ বছরের টি-টোয়েন্টি বিশ্বকাপের সূচি ঘোষণা হবে। কুড়ি-বিশের বিশ্বকাপের সূচি নিয়ে চর্চা মানেই ভারত-পাকিস্তান ম্যাচ নিয়ে একটা আলাদা উত্তেজনা থাকে। ৯ জুন হয়তো টি-২০ বিশ্বকাপের ম্যাচে মুখোমুখি হতে চলেছে ভারত ও পাকিস্তান। কাদের বিরুদ্ধে টুর্নামেন্ট শুরু করছে মেন ইন ব্লু? এ বছরের টি-২০ বিশ্বকাপ আয়োজনের দায়িত্বে রয়েছে ওয়েস্ট ইন্ডিজ ও মার্কিন যুক্তরাষ্ট্র। শোনা গিয়েছে, ৪ জুন এ বছরের টি-২০ বিশ্বকাপের উদ্বোধনী ম্যাচ হবে। আইসিসির মেগা ইভেন্টের উদ্বোধনের পরদিনই মাঠে নামবে টিম ইন্ডিয়া। ৫ জুন গ্রুপ পর্বে ভারতের প্রথম ম্যাচ খেলার কথা।



**এক ঝলকে দেখে নিন আসন্ন টি-টোয়েন্টি বিশ্বকাপের গ্রুপ পর্বে ভারতের সূচি-** ● ভারত বনাম আয়ার্ল্যান্ড - ৫ জুন (নিউ ইয়র্ক) ● ভারত বনাম পাকিস্তান - ৯ জুন (নিউ ইয়র্ক) ● ভারত বনাম মার্কিন যুক্তরাষ্ট্র - ১২ জুন (নিউ ইয়র্ক) ● ভারত বনাম কানাডা - ১৫ জুন (ফ্লোরিডা) ● ২০২৪ টি-২০ বিশ্বকাপ ফাইনাল কোথায় হবে?

চব্বিশের টি-২০ বিশ্বকাপে মাট ২০টি দল অংশ নিতে চলেছে। চারটি গ্রুপে ২০টি দলকে ভাগ করা হয়েছে। প্রতিটি গ্রুপ থেকে সুপার-৮ এ উঠবে সেরা ২টি করে দল। ভারত যদি সুপার-৮ পর্বে কোয়ালিফাই করে, তা হলে এই রাউন্ডের প্রথম ম্যাচটি খেলবে ২০ জুন। তা হবে বার্বাডোজে। ওই ভেনুতেই এ বারের টি-২০ বিশ্বকাপ ফাইনাল হওয়ার কথা।

## নতুন বছরে বিরাট রেকর্ড ভাঙার হাতছানি বাবর-রশিদের সামনে

দুরন্ত বার্তা প্রতিবেদন

নতুন বছর দেখতে দেখতে এগিয়ে চলেছে। ২০২৩ সাল ছিল ক্রিকেটের বিনোদনে ভরপুর। ভারতের মাটিতে হয়েছিল ওডিআই বিশ্বকাপ। তাতে অস্ট্রেলিয়া রোহিত-বিরাটদের হারিয়ে চ্যাম্পিয়ন হয়েছিল। ২০২৪ সালেও ক্রিকেট থেকে কম বিনোদন পাবেন না ক্রিকেট প্রেমীরা। ২০২৩



সালে একাধিক রেকর্ড ভাঙা ও গড়ার কাজ করেছেন দেশ-বিদেশের ক্রিকেটাররা। ২০২৪ সালেও তার অন্যথা হবে না। এই প্রতিবেদনে তেমনই ৫ সম্ভাব্য রেকর্ডের কথা বলা হল যেগুলি ২০২৪ সালে গড়তে এবং ভাঙতে পারেন একাধিক ক্রিকেটার।

**সবচেয়ে বেশি টি-২০ উইকেট, ডোয়েন ব্র্যাভোকে ছাপিয়ে যাওয়ার সুযোগ**

আফগানিস্তানের পেসার রশিদ খানের সামনে সুযোগ থাকছে টি-২০ ক্রিকেটে সবচেয়ে বেশি উইকেটের মালিক হওয়ার। তিনি এখনও অবধি ৪১০টি টি-২০ ম্যাচে ৫৫৬টি উইকেট নিয়েছেন। ২০২৪ সালে তিনি ওয়েস্ট ইন্ডিজের অলরাউন্ডার ডোয়েন ব্র্যাভোকে ছাপিয়ে যেতে পারেন। তিনি ক্রিকেটের ক্ষুদ্রতম ফর্ম্যাটে ৬১৯টি উইকেট নিয়েছিলেন। ক্যারিবিয়ানদের হয়ে ২ বার টি-২০ বিশ্বকাপ জয়ী দলের সদস্য ছিলেন ব্র্যাভো। এ বারের আইপিএল, টি-২০ বিশ্বকাপ এবং আফগানিস্তানের হয়ে আন্তর্জাতিক ক্রিকেটে ও তিনি সারা বিশ্বে অন্যান্য যে টি-২০ ম্যাচে খেলবেন, তাতে বেশি সংখ্যক উইকেট নিয়ে ব্র্যাভোকে ছাপিয়ে যেতে পারেন রশিদ।

**টেস্ট ক্রিকেটে ৭০০ উইকেট নেওয়া প্রথম পেসার হওয়ার সুযোগ**

ইংল্যান্ডের কিংবদন্তি পেসার জেমস অ্যান্ডারসন ১৮৩টি টেস্টে ৬৯০টি উইকেট নিয়েছেন। টেস্ট ক্রিকেটে ৭০০টি উইকেট নেওয়া প্রথম পেসার হতে গেলে জিমি অ্যান্ডারসনকে নিতে হবে আর ১০টি উইকেট। ভারতের বিরুদ্ধে হতে চলা ৫ ম্যাচের টি-২০ সিরিজে এই রেকর্ড গড়তে পারেন জেমস অ্যান্ডারসন। এই সিরিজ শুরু হবে ২৫ জানুয়ারি থেকে হায়দরাবাদে। জিমি টেস্টে আর ১৯টি উইকেট নিতে পারলে শেন ওয়ার্নের টেস্টে নেওয়া ৭০৮ উইকেটের রেকর্ড ভেঙে ফেলবেন এবং টেস্ট ক্রিকেটের ইতিহাসে সবচেয়ে বেশি উইকেট নেওয়া বোলারের তালিকায় দ্বিতীয় স্থানে পৌঁছে যাবেন।

**আন্তর্জাতিক টি-২০তে সবচেয়ে বেশি রান করার সুযোগ**

পাকিস্তানের প্রাক্তন অধিনায়ক বাবর আজমের কাছে সুযোগ থাকছে আন্তর্জাতিক টি-২০ ক্রিকেটে সবচেয়ে বেশি রান সংগ্রহকারী ব্যাটার হওয়ার। তিনি দেশের হয়ে ১০৪টি টি-২০ ম্যাচে ৩৪৮৫ রান করেছেন। বিরাট কোহলি (৪০০৪), রোহিত শর্মা (৩৮৫৩) ও মার্টিন গাপ্টিল (৩৫৩১) টি-২০ ফর্ম্যাটে সর্বাধিক রান সংগ্রহকারী ব্যাটার। ২০২৪ সালে দেশের জার্সিতে ৫২৪ রান করতে পারবে বাবর এই তালিকায় ছাপিয়ে যাবেন বিরাটকে। চলতি বছরে ২৫টি দ্বিপাক্ষিক টি-২০ ম্যাচে খেলবে পাকিস্তান সঙ্গে রয়েছে টি-২০ বিশ্বকাপ। সেখানে ভালো পারফর্ম করলে বাবর নতুন রেকর্ড গড়ার সুযোগ পাবেন।

**টি-২০ বিশ্বকাপে নতুন চ্যাম্পিয়ন**

ভারত, পাকিস্তান, ইংল্যান্ড, ওয়েস্ট ইন্ডিজ, শ্রীলঙ্কা ও অস্ট্রেলিয়া এখনও অবধি টি-২০ বিশ্বকাপ চ্যাম্পিয়ন হয়েছে। নিউজিল্যান্ড, দক্ষিণ আফ্রিকা, আফগানিস্তান এবং বাংলাদেশ এখনও একবার কুড়ি-বিশের বিশ্বকাপ জেতেনি। এ বার ওয়েস্ট ইন্ডিজ ও মার্কিন যুক্তরাষ্ট্রের মাটিতে টি-২০ বিশ্বকাপে নতুন চ্যাম্পিয়ন পাওয়া যেতে পারে।

**পরপর আইসিসির তিনটি ট্রফির মালিক হতে পারে যে দল**

২০২৩ সালে ওডিআই বিশ্বকাপ এবং বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপ জিতেছে অস্ট্রেলিয়া। ২০২৪ সালে টি-২০ বিশ্বকাপ জিতলে টানা ৩টি আইসিসি ট্রফি জয়ের নজির গড়বে অস্ট্রেলিয়া।

## জকোভিচের বিজয়রথ থামালেন অ্যালেক্স, হেরেও তবুও দমলেন না

**পারথ, ৪ জানুয়ারিঃ** একটানা ৪৩টি ম্যাচ জয়, মোটেও সহজ কাজ নয়। কিন্তু সেটাই করে দেখিয়েছিলেন সার্বিয়ান টেনিস তারকা নোভাক জকোভিচ। ২০২৩ সালে চারটি গ্র্যান্ড স্লামের ৩টি (অস্ট্রেলিয়ান ওপেন, ফরাসি ওপেন ও ইউএস ওপেন) জিতেছিলেন নোভাক জকোভিচ। তেইশে শুধু উইম্বলডন জোকারের মুঠোয় আসেনি। নতুন বছর পড়তে না পড়তেই ছবিটা বদলে গেল। ইউনাইটেড কাপে হারের মুখ দেখতে হল জোকারকে। অস্ট্রেলিয়ার মাটিতে চলতি ইউনাইটেড কাপে অঘটন ঘটিয়েছেন জকোভিচের থেকে বয়সে ১২ বছরের ছোট অ্যালেক্স ডি মিনাউর। অজি টেনিস প্লেয়ার হারিয়ে দিলেন নোভাক জকোভিচকে। বিশ্বের এক নম্বর টেনিস তারকা নোভাক জকোভিচ। ঝুলিতে রয়েছে ২৪টি গ্র্যান্ড স্লাম। সেই তাঁকেই পারথে ইউনাইটেড কাপের কোয়ার্টার ফাইনালে ৬-৪, ৬-৪ ব্যবধানে স্ট্রেট সেটে হারিয়েছেন অ্যালেক্স ডি মিনাউর। ২০১৮ সালের পর অস্ট্রেলিয়ার মাটিতে হারের মুখ দেখলেন জকোভিচ। সে বার তিনি অস্ট্রেলিয়ান ওপেনের কোয়ার্টার ফাইনালে হেরেছিলেন। ইউনাইটেড কাপে চেক রিপাবলিকের বিরুদ্ধে ম্যাচে ডান হাতের কব্জিতে চোট পেয়েছিলেন নোভাক জকোভিচ। চোট নিয়েই অস্ট্রেলিয়ার বিরুদ্ধে খেলতে নেমেছিলেন।



কিন্তু তার জন্য কোনও অজুহাত দিতে নারাজ জোকার। বরং বয়সে ছোট প্রতিপক্ষ জেতায় আক্ষেপ নেই জকোভিচের। অজি টেনিস প্লেয়ারের প্রশংসাই করেছেন জকোভিচ। তাঁর কথায়, ''আমার প্রতিপক্ষ অসাধারণ খেলেছে। আমি জানি নিজের ১০০ শতাংশ দিতে পারিনি।'' জোকার অবশ্য আশাবাদী তিনি অস্ট্রেলিয়ান ওপেনে ভালো পারফর্ম করতে পারবেন। তিনি বলেন, ''অস্ট্রেলিয়ান ওপেনে আমি ভালো পারফর্ম করতে চাই। এখানে যা হল তা নিয়ে বেশি ভাবতে চাই না। এটা মরসুমের প্রথম সপ্তাহ। সামনে তাকাতে হবে।'' নোভাক জকোভিচের মতো কিংবদন্তিকে হারাতে পেরে বেজায় খুশি অস্ট্রেলিয়ার অ্যালেক্স ডি মিনাউর। এই জয় তাঁর কাছে আশ্চর্যজনক। ম্যাচের শেষে তিনি জানান, নোভাকের বিরুদ্ধে ম্যাচ সকলেই উপভোগ করে। আর তাতে জিতলে আলাদা মাত্রা যোগ হয়। পারথে এই জয় পাওয়ায় অ্যালেক্স ডি মিনাউর বিরাট খুশি।

## ভারতের বিরুদ্ধে অবসর ভেঙে টেস্টে ফিরছেন ওয়ার্নার! কোন ভূমিকায় দেখা যাবে?

**সিডনি, ৪ জানুয়ারিঃ** বিদায়ী টেস্টে সেঞ্চুরির ঝলক কি দেখা যাবে না? অস্ট্রেলিয়ার সর্বকালের সেরা ওপেনারদের তালিকাতেই থাকবেন ডেভিড ওয়ার্নার। যখনই ব্যাগি গ্রিন পরে নেমেছেন, টিমকে সাফল্য দেওয়ার চেষ্টা করেছেন। টেস্ট কেরিয়ারে সব মিলিয়ে ২৬টা সেঞ্চুরি করেছেন ওয়ার্নার। এই বাঁ হাতি ওপেনারের অবসর নেওয়া মানে, এক যুগের অবসান। পাকিস্তানের বিরুদ্ধে সিডনিতে শেষ টেস্ট খেলতে নেমে প্রথম ইনিংসে করেছেন ৩৬। হাতে রয়েছে শেষ ইনিংস। ওয়ার্নার ভক্তরা চাইছেন, যেন সেঞ্চুরি দিয়ে বিদায় সাজাতে পারেন তিনি। এই ওয়ার্নারকে নিয়ে গত কয়েক সপ্তাহ ধরে বিতর্কের শেষ নেই। বল-বিকৃতি বিতর্ক ফিরে ফিরে আসছে। তারই জেরে হয়তো টেস্টের সঙ্গে ওয়ান ডে ক্রিকেটেও অবসর নিয়ে নিয়েছেন ওয়ার্নার। এই বাঁ হাতি ওপেনারকে আবার দেখা যেতে পারে টেস্ট ক্রিকেটে। এ বছরের শেষে অস্ট্রেলিয়া সফরে যাবে ভারত। তখনই কি অবসর ভেঙে ফিরবেন ওয়ার্নার? গত দুটো অস্ট্রেলিয়া সফরে ভারতীয় টিম দারুণ সফল। দু'বারই অজিদের দেশে টেস্ট সিরিজ জিতেছে ভারত। এ বারও যদি জিততে পারে, তা হলে হ্যাটট্রিক হবে। সেই প্রত্যাশা নিয়েই অস্ট্রেলিয়ায় পা রাখবে ভারতীয় দল। অস্ট্রেলিয়া টিমে ওয়ার্নারের জায়গা কে নেবেন? ওপেনার হিসেবে কাকে দেখা যাবে? অনেক নাম ঘুরছে। তবে শেন ওয়াটসনের যুক্তি, স্টিভ স্মিথকে ওপেনার হিসেবে ব্যবহার করুক টিম। ৩ নম্বরে দীর্ঘদিন খেলার জন্য নতুন বলে কার্যকর ভূমিকা নিতে পারেন। প্যাট কামিন্স সেই পথেই হাঁটবেন কিনা পরের কথা। তবে ওয়ার্নার ফিরছেন টেস্টে, এ নিয়ে কোনও সন্দেহ নেই। ফারাক শুধু, ব্যাগি গ্রিন পরে ড্রেসিংরুম থেকে নেমে ২২ গজের দিকে হাঁটবেন না। ওয়ার্নারের নতুন চৌহদ্দি হতে চলেছে কমেন্ট্রি রুম। টেস্ট এবং ওয়ান ডে থেকে সরে দাঁড়ালেও ওয়ার্নার টি-২০ খেলবেন। আইপিএলে দীর্ঘদিন খেলার দরুণ ভারতীয় ক্রিকেটারদের সঙ্গে তাঁর সম্পর্ক যথেষ্ট ভালো। শুধু তাই নয়, আইপিএলকে ভীষণ গুরুত্বও দেন তিনি। ভারত যখন অস্ট্রেলিয়া সফরে যাবে, ওয়ার্নার কমেন্ট্রি বক্সে তাঁর অভিজ্ঞতা শেয়ার করতে পারবেন দর্শকদের সঙ্গে। সেই কারণেই হয়তো ধারাভাষ্যকার হিসেবে অভিষেক হতে চলেছে ওয়ার্নারের।

## কলকাতার ক্রিকেট দল কিনলেন করিনা কাপুর ও সইফ আলি খান


**দুরন্ত বার্তা, কলকাতা, ৪ জানুয়ারিঃ** আইপিএল ২০২৪ নিয়ে উত্তাপের মাঝেই কলকাতাবাসীর জন্য সুখবর। শাহরুখ খানের কলকাতা নাইট রাইডার্সের পর এবার কলকাতার আরও এক ক্রিকেট কিনলেন বলিউডের আরও এক তারকা জুটি। ইন্ডিয়ান স্ট্রিট প্রিমিয়ার লিগে কলকাতার দল কিনলেন করিনা কপুর ও সইফ আলি খান। আইপিএলের অনুকরণেই শুরু হতে চলেছে ইন্ডিয়ান স্ট্রিট প্রিমিয়ার লিগ। গলি ক্রিকেটের উন্নতির জন্য এই লিগ শুরু করা হচ্ছে। বিসিসিআই সরাসরি যুক্ত না থাকলেও রয়েছে ভারতীয় বোর্ডের একাধিক কর্তা। সোশ্যাল মিডিয়ায় কলকাতার দল কেনার বিষয়ে জানান করিনা কাপুর ও সইফ আলি খান। ছবিও শেয়ার করেন বলিউডের তারকা জুটি। সোশ্যাল মিডিয়ায় করিনা লেখেন, 'আমি খুব আনন্দের সঙ্গে জানাচ্ছি যে ইন্ডিয়ান স্ট্রিট প্রিমিয়ার লিগে আমরা কলকাতা দলের মালিকানা নিলাম। আমার পরিবারে ক্রিকেট রয়েছে। আনকোরা তরুণ ক্রিকেটারদের জন্য এটা একটা দারুণ মঞ্চ হতে চলেছে। আমরা জেতার জন্য যাবতীয় চেষ্টা করব।'

## পিএসজিতে নিজের ভবিষ্যৎ নিয়ে যা বললেন এমবাপে

**প্যারিস, ৪ জানুয়ারিঃ** ফ্রান্সের যেকোনও ঘরোয়া প্রতিযোগিতায় পিএসজির শিরোপা জয় সাধারণ ব্যাপার। ক্লাবটির জন্য এসব প্রতিযোগিতায় রানার্সআপ হওয়াটাও যেন বড় ব্যর্থতা। দেশীয় প্রতিযোগিতায় দাপটের ধারাবাহিকতায় প্যারিসের ক্লাবটি জিতে নিয়েছে আরেকটি শিরোপা। গত রাতে তুলুজকে ২-০ ব্যবধানে হারিয়ে ফরাসি চ্যাম্পিয়নস ট্রফি (সুপার কাপ) ধরে রেখেছে পিএসজি। ঘরের মাঠ পার্ক দে প্রিন্সেসে ম্যাচের ৩ মিনিটেই লি কাং ইনের গোলে এগিয়ে যায় পিএসজি। বিরতির আগেই ব্যবধান ২-০ করেন কিলিয়ান এমবাপে। ২০২৩-২৪ মরসুমে সব প্রতিযোগিতা মিলিয়ে এটি এমবাপের ২২তম গোল আর পিএসজির হয়ে ১৩তম শিরোপা। সর্বশেষ গ্রীষ্মকালীন দলবদলের সময় এমবাপেকে নিয়ে এত নাটক হয়েছে যে একসময় মনে হচ্ছিল, এই বুঝি তাঁর পিএসজি-অধ্যায় শেষ হয়ে গেল। যেকোনও মুহূর্তে হয়তো রিয়াল মাদ্রিদ কিংবা আল হিলালে যাওয়ার ঘোষণা করে দেবেন। তবে ২০২৩-২৪ মরসুম শুরু হওয়ার কিছুদিন পর সেই নাটকের অবসান হয়েছে। কিন্তু নতুন বছরের প্রথম দিন থেকে শীতকালীন দলবদল শুরু হওয়ায় আবারও এমবাপের পিএসজি ছাড়ার গুঞ্জন ছড়িয়ে পড়েছে। এই কারণেই গতকাল ম্যাচ শেষে ট্রফি জয়ের অনুভূতি জানার চেয়ে পিএসজিতে এমবাপের ভবিষ্যৎ সম্পর্কে জানতেই সাংবাদিকেরা বেশি আগ্রহী হয়ে ওঠেন। সাংবাদিকদের প্রশ্নের জবাবে বিশ্বকাপজয়ী এই তারকা ফরোয়ার্ড জানান, তিনি এখনো পিএসজিতে থাকা না থাকার ব্যাপারে মনস্থির করেননি, ''আমি এখনও সিদ্ধান্ত নিইনি। নিজের পছন্দও ঠিক করিনি। এখানে আমার



সিদ্ধান্ত গুরুত্বপূর্ণ নয়। সর্বশেষ গ্রীষ্মে সভাপতির (পিএসজি সভাপতি নাসের আল খেলাইফি) সঙ্গে আমার সে ধরনের চুক্তি হয়েছিল। বলা হয়েছিল, আমরা সব পক্ষের স্বার্থ রক্ষা করে চলব এবং ক্লাবের প্রশান্তি (শৃঙ্খলা) বজায় রাখব। তাই আমি বলব, আমার সিদ্ধান্ত এখন গৌণ ব্যাপার।'' এ ধরনের কথা এমবাপে আগেও বলেছেন। কিন্তু দলবদলের সময়সীমার শেষ দিকে গিয়ে নাটকের জন্ম দিয়েছেন। এবারও এমন করবেন কি না, সে প্রশ্নে এমবাপের উত্তর, ''এমনটা আমি ২০২২ সালের মে মাসের শেষ দিকে করেছি। কারণ, মে মাস শেষ না হওয়া পর্যন্ত কিছুই জানতাম না। যদি আমি জানিই যে কী করতে চাই, তাহলে অপেক্ষা করছি কেন? এর কোনও মানে হয় না। যেমনটা আমি আগেও বলেছি, আমার কাছে এখন (পিএসজির হয়ে) শিরোপা জেতা গুরুত্বপূর্ণ। আমরা এই মাত্র (গত রাতে) একটি জিতলাম, আরও জেতার ব্যাপারে সংকল্পবদ্ধ। ক্লাবের ভেতরে আমরা ব্যক্তিগত বিষয় নিয়ে আলোচনা করি না। এটা নিয়ে কারও আগ্রহও নেই।'' পিএসজির সঙ্গে চুক্তি নবীকরনে রাজি না হওয়ায় গত আগস্টে ক্লাব কর্তৃপক্ষের সঙ্গে এমবাপের সম্পর্ক তলানিতে গিয়ে ঠেকেছিল। একদিকে পিএসজি এমবাপেকে বিক্রি করে দিতে উঠেপড়ে লাগে, অন্যদিকে মেয়াদ শেষ না হওয়া পর্যন্ত তিনি থেকে যেতে গোঁ ধরে থাকেন। কারণ, মেয়াদ পূর্ণ করার পর এমবাপে চলে গেলে দলবদল থেকে একটি কানাকড়িও পাবে না পিএসজি। আর তিনি মেয়াদ পূর্ণ করে ক্লাব ছাড়লে ৮ কোটি ইউরো আনুগত্য বোনাসের পুরোটাই পাবেন। এ নিয়ে মনোমালিন্যের একপর্যায়ে এমবাপেকে পিএসজির মূল স্কোয়াড থেকে 'বম্ব স্কোয়াডে' পাঠিয়ে দেওয়া হয়। শেষ পর্যন্ত দুই পক্ষ বৈঠকে বসে সমঝোতার পর এমবাপেকে পিএসজির মূল স্কোয়াডে ফেরানো হয়।




দুরন্ত বার্তা প্রকাশনী প্রাইভেট লিমিটেডের পক্ষে প্রকাশক ও মুদ্রক অলোক কুমার নস্কর কর্তৃক সত্যযুগ এমপ্লয়িজ কো-অপারেটিভ ইন্ডাস্ট্রিয়াল সোসাইটি লিমিটেড, ১৩, প্রফুল্ল সরকার স্ট্রিট, কলকাতা-৭২ হইতে মুদ্রিত ও ৯৪ ফিয়ার্স লেন, ৫ম তল, কলকাতা-৭০০০১২ হইতে প্রকাশিত, সম্পাদক-অলোক কুমার নস্কর Ph. No. 033-2237-0488, 9830217166
Printed & Published by Aloke Kumar Naskar on behalf of Duranta Prakashan Pvt. Ltd. and printed at Satyajug Employees Co Operative Industrial Society Limited, 13, Prafulla Sarkar Street, Kolkata-700072 and Published at 94, Phears Lane, 4th Floor, Kolkata-700012, Dist.-Kolkata, Editor: Aloke Kumar Naskar E-mail: dailydurantabarta@gmail.com